




বাংলাদেশ নির্বাচন কমিশন

সংসদ নির্বাচন অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে  
রিটার্নিং অফিসারগণের জন্য  
নির্দেশাবলী



[গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২

এবং

নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২ অনুসারে প্রণীত]

## সূচীপত্র

	বিষয়	পৃষ্ঠা
১।	ভূমিকা :	... (i)-(ii)
২।	প্রথম পরিচ্ছেদ : রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, ভোট-গ্রহণকারী কর্মকর্তা নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত, ভোটগ্রহণকারী কর্মকর্তা নিয়োগ এবং তাহাদের করণীয় কর্তব্য	১-৩
৩।	দ্বিতীয় পরিচ্ছেদ : ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা এবং ভোটকেন্দ্র স্থাপনের কার্যক্রম	৪-৭
৪।	তৃতীয় পরিচ্ছেদ : ভোটগ্রহণকারী কর্মকর্তা নিয়োগ এবং প্রশিক্ষণ	... ৮-১৩
৫।	চতুর্থ পরিচ্ছেদ : সন্ধ্যা নির্বাচনী ব্যয় ও উৎসের বিবরণী এবং নির্বাচনী ব্যয়ের রিটার্ন দাখিল সংক্রান্ত ...	১৪-২০
৬।	পঞ্চম পরিচ্ছেদ : নির্বাচন কমিশন কর্তৃক সময়সূচী জারী এবং রিটার্নিং অফিসারের অনুরণীয় ও করণীয় দায়িত্বাবলী ...	২১-৩৪
৭।	ষষ্ঠ পরিচ্ছেদ : নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্ট	৩৫
৮।	সপ্তম পরিচ্ছেদ : পোস্টাল ব্যালটে ভোটদান ...	... ৩৬-৩৮
৯।	অষ্টম পরিচ্ছেদ : নির্বাচনী দ্রব্যাদির ব্যবহার ...	... ৩৯-৪৬
১০।	নবম পরিচ্ছেদ : নির্বাচনের দিন বেসরকারী ফ্লাফল সরবরাহ ...	৪৭-৪৮
১১।	দশম পরিচ্ছেদ : রিটার্নিং অফিসার কর্তৃক ফ্লাফল একত্রীকরণ, ফ্লাফল ঘোষণা এবং নির্বাচনী কাগজপত্রাদির যথাযথ ব্যবস্থাপনা ...	৪৯-৫০
১২।	একাদশ পরিচ্ছেদ : নির্বাচন পরিচালনায় নির্বাচন কমিশনের সাংবিধানিক, আইনগত এবং বিধিগত দায়িত্বাবলী ...	৫১-৫৪

(ii)

বিষয়	পৃষ্ঠা
<b>পরিশিষ্টসমূহ :</b>	
গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২	... পরিশিষ্ট-ক ৫৫-১১১৬
নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২	... পরিশিষ্ট-খ ১১৭-১৬৮
আচরণ বিধিমালা, ১৯৯৬	... পরিশিষ্ট-গ ১৬৯-১৭২
নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন)	পরিশিষ্ট-ঘ ১৭৩-১৭৬
নির্বাচন পর্যবেক্ষকদের জন্য নীতিমালা	... পরিশিষ্ট-ঙ ১৭৭-১৮০
Policy and Guide lines for foreign observer	পরিশিষ্ট-চ-১ ১৮১-১৮৫
Representation of the People (Amendment) Ordinance, 2001 (অধ্যাদেশ নং-১, ২০০১)	পরিশিষ্ট-চ ১৮৬-২১২
এস. আর. ও. নং-২২৩-আইন/২০০১, তারিখ-২০ আগস্ট, ২০০১	পরিশিষ্ট-ছ ২১৩-২১৯
Conduct of Election Rules 1972-এর সংশোধন	
নির্বাচন কমিশন (রাজনৈতিক দল নিবন্ধীকরণ) বিধিমালা, ২০০১	পরিশিষ্ট-জ ২২০-২২৭

## ভূমিকা :

জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে রিটার্নিং অফিসারগণের জন্য নির্দেশাবলী ।

সমগ্র নির্বাচনী প্রশাসনের কেন্দ্রবিন্দু রিটার্নিং অফিসার । আইন ও নিয়মানুযায়ী যথাযথভাবে নির্বাচন পরিচালনার জন্য প্রয়োজনীয় যাবতীয় পদক্ষেপ গ্রহণের দায়িত্ব রিটার্নিং অফিসারের উপর অর্পিত । তাহাছাড়া সহকারী রিটার্নিং অফিসারগণও নির্বাচন কমিশন কর্তৃক আরোপিত শর্তসাপেক্ষে এবং রিটার্নিং অফিসারের তত্ত্বাবধানে রিটার্নিং অফিসারের কার্যাবলী সম্পাদনের দায়িত্ব ও ক্ষমতা প্রয়োগের অধিকারী ।

২। রিটার্নিং অফিসারের উপর অর্পিত দায়িত্বাবলী যেমন অপরিসীম, তেমনি গুরুত্বপূর্ণ । নির্বাচন পরিচালনায় নানা স্পর্শকাতর এবং সমস্যাংকুল পরিস্থিতির মধ্যে রিটার্নিং অফিসারকে তাঁহার কর্তব্যে অটল ও অবিচল থাকিয়া দায়িত্ব পালন করিতে হয় । ফলে, তাঁহার উপর অর্পিত দায়িত্বের সাথে সংশ্লিষ্ট আইনগত দিকগুলি তাঁহাকে ভালভাবে বুঝিয়া নেওয়া প্রয়োজন । রিটার্নিং অফিসার হিসাবে তাঁহাকে বিচারকের দায়িত্ব পালন করিতে হয় । আইনের সামান্যতম ভুল প্রয়োগের ফলে যে কোন নির্বাচনের সামগ্রিক বিষয়টি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হইতে পারে । উপরন্তু একজন ক্ষতিগ্রস্ত প্রার্থীর পক্ষে তাৎক্ষণিক কোন মীমাংসার পথ থাকে না এবং ক্ষতিগ্রস্ত প্রার্থীকে নির্বাচন শেষে নির্বাচনী ফলাফল ঘোষণার পর তাঁহার অধিকার আদায়ের জন্য আদালতের শরণাপন্ন হইতে হয় ।

৩। জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত আইন ও বিধিমালা যথা—The Representation of the People Order, 1972 এবং The Conduct of Elections Rules, 1972-তে বর্ণিত নির্বাচনী আইন ও বিধিমালার প্রায়োগিক দিকগুলি যথা : নির্বাচনী বিজ্ঞপ্তি জারী, মনোনয়নপত্র গ্রহণ, মনোনয়নপত্র বাছাই, ভোটকেন্দ্রের স্থান নির্ধারণ, প্রার্থীপদ প্রত্যাহার, প্রতীক বরাদ্দ, নির্বাচনের জন্য নির্বাচনী সামগ্রী সরবরাহ, ভোটগ্রহণকারী কর্মকর্তা মনোনয়ন, ভোটগ্রহণকারী দলের সদস্যগণের প্রশিক্ষণ, নির্বাচনী সামগ্রীর ব্যবহার, প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নিকট নির্বাচনী ব্যয়ের হিসাবাদি গ্রহণ, ভোটগ্রহণ পদ্ধতি, ভোটগণনা, প্রার্থীদের সম্ভাব্য আয় ও দায়-এর বিবরণী এবং নির্বাচনী ব্যয়ের রিটার্ন দাখিল, ফলাফল ঘোষণা এবং নির্বাচনী কাগজপত্রাদির ব্যবস্থাপনা ইত্যাদি সংক্রান্ত কার্যাবলী এই পুস্তিকায় লিপিবদ্ধ করা হইয়াছে । ইহাতে আইন ও বিধিগত দিক সম্পর্কে কোন বিভ্রান্তি দেখা দিলে পুস্তিকার পরিশিষ্ট “ক” এবং “খ”-তে সংযোজিত আইন ও বিধিমালা (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করিয়া বিভ্রান্তির নিরসন করিতে হইবে । এতদ্ব্যতীত জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য

অনুসরণীয় আচরণ বিধিমালা, ১৯৯৬ প্রণীত হইয়াছে। বিধিমালাটি পরিশিষ্ট-‘গ’তে সংযোজন করা হইল। এখানে উল্লেখ্য যে, এই পুস্তিকায় ‘অনুচ্ছেদ’ বলিতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ও ‘বিধি’ বলিতে নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর বিধি বুঝাইবে। ২০০১ সনে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর কয়েকটি অনুচ্ছেদের সংশোধন [সংশোধনী অধ্যাদেশ, ১/২০০১ তারিখ ৮ আগস্ট ‘২০০১]-[পরিশিষ্ট-চ] হওয়ায় এবং নির্বাচনী পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর কয়েকটি বিধিতে সংশোধন হওয়ায় [এস. আর. ও. নং-২২৩-আইন/২০০১ তারিখ ২০ আগস্ট ‘২০০১] [পরিশিষ্ট-ছ] এই পুস্তকের অনেকাংশে অস্পষ্টতা বা অসামঞ্জস্যতা থাকিতে পারে। অস্পষ্টতা বা অসামঞ্জস্যতা বা কোন বিরোধ পরিলক্ষিত হইলে মূল আদেশের অনুচ্ছেদ ও বিধিমালার বিধি প্রাধান্য পাইবে।

## প্রথম পরিচ্ছেদ

রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, ভোটিংগ্রহণকারী কর্মকর্তা নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত, ভোটিংগ্রহণকারী কর্মকর্তা নিয়োগ এবং তাঁহাদের করণীয় কর্তব্য।

রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ এবং রিটার্নিং অফিসারের দায়িত্ব : (১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৭ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন প্রত্যেক অথবা দুই বা ততোধিক নির্বাচনী এলাকার সংসদ সদস্যদের নির্বাচনের জন্য একজন রিটার্নিং অফিসার নিয়োগ করিতে পারিবেন। রিটার্নিং অফিসারকে নির্বাচনী কাজে সহায়তাদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিবার ক্ষমতা নির্বাচন কমিশনের উপর অর্পিত। তবে শর্ত থাকে যে, একজন সহকারী রিটার্নিং অফিসারকে একের অধিক নির্বাচনী এলাকার জন্য নিয়োগ করা যাইবে না। নির্বাচন কমিশন গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের এলাকা নির্ধারণ করিয়া দিবেন।

(২) সহকারী রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারকে তাঁহার দায়িত্ব পালনের জন্য সহায়তা করিবেন এবং নির্বাচন কমিশনের শর্ত অনুসারে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকিয়া রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করিবেন [৭ (৩) অনুচ্ছেদ]।

(৩) রিটার্নিং অফিসার আইন এবং বিধিমালা অনুসারে নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে কার্যকরীকরণের জন্য যেরূপ কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজন তাহা সম্পাদনের জন্য দায়িত্ববান থাকিবেন এবং পালন করিবেন [৭ (৪) অনুচ্ছেদ]।

(৪) নির্বাচন কমিশনের তত্ত্বাবধান, নির্দেশ এবং মিশ্রলিপ্তে থাকিয়া রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট জেলার সকল নির্বাচনী কার্যাদির তদারকী করিবেন এবং নির্বাচন কমিশন যেইরূপ আদেশ বা নির্দেশ জারী করিবেন তাহাও যথাযথভাবে পালন করিবেন [৭ (৫) অনুচ্ছেদ]।

(৫) কোন ভোটারের ভোটদানের সময় কোন প্রকার হস্তক্ষেপ বা হস্তক্ষেপের প্রচেষ্টা, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোটিংগ্রহণে বাধাদান কিম্বা ভোটদান হইতে বিরত করা অথবা বাধাদানের প্রচেষ্টা অথবা যে কোন প্রকারে ভোটিংগ্রহণকারী সদস্য বা কোন ভোটারের উপর প্রভাব বিস্তার করা অথবা কোন প্রকারে ভোটিংগ্রহণকারী সদস্য বা কোন ভোটারের উপর প্রভাব বিস্তার করা অথবা কোন প্রকার কাজ যাহা নির্বাচনী ফলাফলকে প্রভাবান্বিত

করে এইরূপ কার্যকলাপের দায়ে নির্বাচন কমিশন প্রয়োজনীয় কারণবলী লিপিবদ্ধ করিয়া যে কোন সময় নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কোন কর্মকর্তাকে অথবা জনসাধারণের সেবায় নিয়োজিত কর্মী অথবা আইন-শৃংখলা বাহিনীর সদস্যকে কর্মস্থল হইতে প্রত্যাহার করিতে পারেন এবং এইরূপ কর্মকর্তার বিরুদ্ধে কমিশন তাহার বিবেচনা অনুযায়ী কার্যব্যবস্থা গ্রহণ করিতে পারেন এবং উপযুক্ত কর্তৃপক্ষের নিকট শৃংখলা ভঙ্গের দায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করিতে পারিবেন [৭ (৬) অনুচ্ছেদ]।

(৬) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৭ অনুচ্ছেদের (৭) দফা অনুসারে যেক্ষেত্রে কমিশন এই অনুচ্ছেদের দফা (৬) এর অধীন কোন কর্মকর্তা বা ব্যক্তিকে প্রত্যাহার করে সেক্ষেত্রে উহা—

- (ক) যদি অনুরূপ কর্মকর্তা বা ব্যক্তি কোন ভোট কেন্দ্রে বা নির্বাচনী এলাকায় কর্মরত থাকেন তাহা হইলে তাহাকে তৎক্ষণাৎ ভোটকেন্দ্রে বা নির্বাচনী এলাকা ত্যাগ করিয়া চলিয়া যাইতে নির্দেশ দিতে পারিবেন ;
- (খ) উপ-দফা (ক) এর অধীন কোন নির্দেশের ক্ষেত্রে, নির্দেশে উল্লিখিত সময়ের জন্য অনুরূপ কর্মকর্তা বা ব্যক্তিকে নির্বাচনী এলাকার বাহিরে থাকিবার জন্য নির্দেশ দিবেন, এবং তদনুযায়ী তিনি নির্দেশ মান্য করিবেন, এবং যদি তাহাকে কেবলমাত্র ঐ নির্বাচনী এলাকায় কোন সরকারী দায়িত্ব পালন করিতে হয় তাহা হইলে তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার ছুটি বা অন্যান্য বিষয়ের ব্যবস্থা করিবেন ;
- (গ) অনুরূপ কর্মকর্তা ব্যক্তি সম্পর্কে শাস্তিমূলক বা অন্য কোন ব্যবস্থা গ্রহণ করিবার জন্য কর্তৃপক্ষের নিকট বিষয়টি প্রেরণ করিবেন। যে ক্ষেত্রে কমিশন দফা (৬) এর অধীন কোন কর্মকর্তা বা ব্যক্তিকে প্রত্যাহার করেন, সেইক্ষেত্রে কমিশন উক্ত কর্মকর্তা বা ব্যক্তির বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করিবার জন্য বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

২। ভোটাগ্রহণকারী কর্মকর্তা নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত : (১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৯ অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসার ভোটাগ্রহণকারী কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে একটি প্যানেল প্রস্তুত করিবেন। রিটার্নিং অফিসার তাঁহার অধীনস্থ জেলায় স্থাপিত সকল সরকারী অফিস, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের প্রধানদের নিকট হইতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে যে যে গ্রেডের কর্মকর্তা ও কর্মচারী প্রয়োজন তাহার প্যানেল প্রস্তুতের জন্য লিখিতভাবে প্রয়োজনীয় কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা সরবরাহ করিতে নির্দেশ দিবেন [৯ (১) অনুচ্ছেদ]।

(২) প্যানেল প্রস্তুতের পর রিটার্নিং অফিসার যে সকল অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের নাম প্যানেলে অন্তর্ভুক্ত হইয়াছে সেই সকল অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানের নিকট প্যানেল অন্তর্ভুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের নির্বাচনের কাজে নিয়োজিত করিবার উদ্দেশ্যে তাহাদের চাকুরী নির্বাচন কমিশনের অধীনে ন্যস্ত করিবার জন্য লিখিতভাবে অনুরোধ জানাইবেন এবং উক্ত প্যানেলের একটি করিয়া তালিকার কপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন। [৯ (১এ) অনুচ্ছেদ]।

(৩) রিটার্নিং অফিসার তাঁহার বিবেচনামতে উক্ত প্যানেলভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, এবং পোলিং অফিসার নিয়োগ করিবেন। তবে শর্ত থাকে যে, তিনি কোন প্রার্থীর অধীনে কোন সময় চাকুরীতে নিয়োজিত ছিলেন বা আছেন এইরূপ ব্যক্তিকে প্রিজাইডিং অফিসার বা সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার নিয়োগ করিতে পারিবেন না। [৯ (১বি) অনুচ্ছেদ]।

৩। নির্বাচনী সময়সূচী জারীর পর কর্মকর্তাদের বদলী আদেশের কার্যকারিতা স্বগিতকরণ : (১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৪৪ই অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী সময়সূচী প্রজ্ঞাপন জারীর সময় হইতে উক্ত আদেশের ৩৯ অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী ফলাফল ঘোষণার পর ১৫ দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত সময়কালে—

- (ক) জেলা জজের নিচে কোন বিচার বিভাগীয় কর্মকর্তা ;
- (খ) জেলা প্রশাসক ;
- (গ) পুলিশ সুপার ; বা
- (ঘ) জেলায় কর্তব্যরত তাহাদের অধীনস্থ কর্মকর্তাগণকে নির্বাচন কমিশনের সহিত পূর্ব আলোচনা ব্যতিরেকে অন্যত্র বদলী করা যাইবে না।

(২) তবে নির্বাচন কমিশন সুষ্ঠু নির্বাচনের স্বার্থে জেলা প্রশাসক কিম্বা পুলিশ সুপার কিম্বা তাহাদের অধীনস্থ কর্মকর্তাকে জেলার বাহিরে বদলী করিতে পারিবে।

(৩) ৪৪ই অনুচ্ছেদের ৩ দফা অনুসারে ৯ অনুচ্ছেদে প্রস্তুতকৃত প্যানেলে যে সমস্ত কর্মকর্তা বা কর্মচারীর নাম অন্তর্ভুক্ত রহিয়াছে তাহাদিগকে রিটার্নিং অফিসারের পূর্বানুমতি ছাড়া জেলার বাহিরে বদলী করা যাইবে না।

(৪) পূর্ববর্তী (১) দফায় বর্ণিত কর্মকর্তাগণ নির্বাচনের উদ্দেশ্যে রিটার্নিং অফিসারের প্রয়োজন অনুসারে সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করিবেন।

(৫) ১৯৯১ সনের ১৩নং আইন অনুসারে যে সমস্ত কর্মকর্তা ও কর্মচারী নির্বাচনের কাজে সহযোগিতার জন্য নিয়োজিত আছেন তাহারা নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকুরীতে আছেন বলিয়া গণ্য হইবেন এবং তাহাদের উপর নির্বাচন কমিশনের পূর্ণ নিয়ন্ত্রণ থাকিবে।



## দ্বিতীয় পরিচ্ছেদ

### ভোটকেন্দ্র স্থাপন নীতিমালা এবং ভোটকেন্দ্র স্থাপনের কার্যক্রম

আইনে নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচী অনুসারে ভোটকেন্দ্রের স্থান নির্ধারণ করা এবং ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সরকারী গেজেটে প্রকাশ করিবার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর অর্পিত। ভোটকেন্দ্রের স্থান সরেজমিনে পরিদর্শন করিয়া নির্বাচনী এলাকার সকল ভোটার এলাকার ভোটারদের ভোটদানের স্থান নির্ধারণ করিয়া প্রস্তাব নির্বাচন কমিশনের নিকট দাখিল করিবার দায়িত্ব রিটার্নিং অফিসারের। প্রস্তাব দাখিল করিবার পর রিটার্নিং অফিসারকে অবশ্য অবস্থানগত কারণে ভোটার সংখ্যা অত্যধিক উর্ধ্বগতি এবং যাতায়াত অব্যবস্থাতির কারণে ভোটকেন্দ্রের তালিকার পরিবর্তন করিতে হয়। তবে এইরূপ পরিবর্তনের জন্য রিটার্নিং অফিসারকে নির্বাচন কমিশনের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।

২। গণ-প্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ (The Representation of the People Order, 1972)-এর ৮ অনুচ্ছেদ অনুসারে কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচীর মধ্যে রিটার্নিং অফিসারকে জাতীয় সংসদের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনী এলাকার জন্য ভোটকেন্দ্রের স্থান উল্লেখপূর্বক ভোটকেন্দ্রের তালিকা নির্বাচন কমিশনে প্রেরণ করিতে হইবে। কেননা নির্বাচন কমিশন উক্ত ভোটকেন্দ্রের তালিকা পরীক্ষা-নিরীক্ষার পর যে সকল ভোটার এলাকার ভোটাররা যে যে ভোটকেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করিবেন তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখ করিয়া ভোটগ্রহণের অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সরকারী গেজেটে প্রকাশ করিবেন এবং উক্ত ভোটকেন্দ্রের তালিকার ভিত্তিতে রিটার্নিং অফিসার প্রত্যেক নির্বাচনী এলাকার জন্য ভোটকেন্দ্রের ব্যবস্থা করিবেন।

৩। নির্বাচন কমিশন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য ভোটকেন্দ্র স্থাপনের যে নীতিমালা প্রণয়ন করিয়াছেন তাহা রিটার্নিং অফিসারকে অনুসরণের জন্য নিম্নে উল্লেখ করা হইল :-

### ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা

(১) ভোটকেন্দ্র অবশ্যই পাবলিক বিল্ডিং-এ স্থাপন করিতে হইবে এবং কোন অবস্থাতেই কোন প্রাণীর প্রভাবাধীন স্থানে ভোটকেন্দ্র স্থাপন করা যাইবে না।

(২) ৭ম জাতীয় সংসদ নির্বাচন ও তৎপরবর্তীকালে জাতীয় সংসদের উপ-নির্বাচনে যে সমস্ত প্রতিষ্ঠান ভোটকেন্দ্র হিসাবে ব্যবহার করা হইয়াছে সে সমস্ত প্রতিষ্ঠান ভোটকেন্দ্র হিসাবে ব্যবহার করিতে হইবে।

(৩) গড়ে ২৫০০ (দুই হাজার পাঁচশত) ভোটারের জন্য ভোটকেন্দ্র স্থাপন করিতে হইবে এবং ভোটকেন্দ্রের প্রতিটি কক্ষ (বুথ) আনুমানিক ৫০০ (পাঁচশত) ভোটারের জন্য নির্ধারণ করিতে হইবে। যদি কোন অবস্থানগত কারণে ভোটকেন্দ্রে ভোটারের সংখ্যা ২৫০০ (দুই হাজার পাঁচশত)-এর অধিক হয় তবে অতিরিক্ত ভোটারের জন্য প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত ভোটকক্ষের ব্যবস্থা করিতে হইবে।

(৪) বিশেষ ক্ষেত্রে জনবসতি কম এলাকায় এবং ভৌগোলিক অবস্থানগত কারণে ২৫০০ (দুই হাজার পাঁচশত) ভোটারের কম সংখ্যক ভোটারের জন্যও ভোটকেন্দ্র স্থাপন করা যাইবে।

(৫) ভোটারদের ভোটকেন্দ্রে যাতায়াতের জন্য সুবিধা ও ভৌগোলিক অবস্থান বিবেচনা করে ভোটকেন্দ্র এরূপভাবে স্থাপন করিতে হইবে যাহাতে—

(ক) ভোটার এলাকাস্থলি ভোটকেন্দ্রের সংলগ্ন ও সুনিবিড় হয় এবং সাধারণতঃ দুটি ভোটকেন্দ্রের মধ্যে দূরত্ব দুই মাইলের বেশী না হয় সেদিকে লক্ষ্য রাখিতে হইবে।

(খ) কোন ভোটার এলাকার ভোটারগণকে যেন নিকটস্থ ভোটকেন্দ্র অতিক্রম করে দূরবর্তী স্থানে স্থাপিত ভোটকেন্দ্রে গমন করিতে না হয়।

(৬) পূর্বে ব্যবহৃত ভোটকেন্দ্র হিসাবে ব্যবহৃত প্রতিষ্ঠানের দালানকোঠা বা ভবনের বা ঘরের অস্তিত্ব বিলুপ্ত হইলে পার্শ্ববর্তী কোন উপযুক্ত স্থানে ভোটকেন্দ্র স্থাপন করা যাইবে।

(৭) ভোটকেন্দ্র যে স্থানে/প্রতিষ্ঠানে স্থাপিত হইবে সেই স্থানের/প্রতিষ্ঠানের নামানুসারে ভোটকেন্দ্রের নাম লিপিবদ্ধ করিতে হইবে। অস্থায়ী জায়গায় ভোটকেন্দ্র স্থাপন করা হইলে এলাকার অবস্থান সুস্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে।

(৮) ভোটার এলাকাসমূহের মধ্যে যে ভোটার এলাকায় ভোটার সংখ্যা অধিক এবং সুবিধাজনক প্রতিষ্ঠান রহিয়াছে সেই ভোটার এলাকায় ভোটকেন্দ্র স্থাপন করিতে হইবে।

(৯) একই বিন্দিংয়ে বিভিন্ন শিফটে চালু একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের নামে ভোটকেন্দ্র করা যাইবে না। এই ক্ষেত্রে শুধুমাত্র একটি মূল প্রতিষ্ঠানের নাম ব্যবহার করিয়া ভোটকেন্দ্র করা যায়।

(১০) কম জনবসতি এলাকা, দুর্গম পার্বত্য এলাকা অথবা প্রাকৃতিক প্রতিবন্ধকতার কারণে উপরোক্ত শর্ত এমনভাবে শিথিল করা যাইতে পারে যাহাতে ভোটারদের যাতায়াতের এবং ভোট প্রদানে কোন অসুবিধার সৃষ্টি না হয়।

(১১) একই ভোটকেন্দ্রে পুরুষ ও মহিলা যাহাতে পৃথক পৃথক এবং সুশৃঙ্খলভাবে ভোটদান করিতে পারেন উহার ব্যবস্থা করিতে হইবে। মহিলা ও পুরুষ ভোটার যাহাতে ভিন্ন ভিন্ন পথে ভোটক্ষেত্রে প্রবেশ ও বাহির হইতে পারেন তারও নিশ্চয়তা বিধান করিতে হইবে। শহর এলাকায় যতদূর সম্ভব, পুরুষ ও মহিলাদের জন্য পাশাপাশি প্রতিষ্ঠানে পৃথক পৃথক ভোটকেন্দ্র স্থাপন করা যাইবে।

(১২) ভোটকেন্দ্রটি কি পুরুষ ভোটারের জন্য না মহিলা ভোটারের জন্য কিম্বা উভয় প্রকার ভোটারের জন্য তাহা সুস্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে।

(১৩) প্রত্যেক ভোটকেন্দ্রের নামের বিপরীতে উল্লিখিত প্রতিটি ভোটার এলাকার নাম উল্লেখ করিতে হইবে এবং ভোটার এলাকার নামের পার্শ্বে কতজন ভোটার উক্ত ভোটকেন্দ্রে ভোট দিবেন তার সংখ্যা অবশ্যই উল্লেখ করিতে হইবে। যদি কোন ভোটার এলাকাকে বিভক্ত করে একাধিক ভোটকেন্দ্রের জন্য নির্ধারণ করা হয় তবে সে বিভক্ত এলাকার ভোটারদের ভোটার তালিকায় বর্ণিত ক্রমিক নম্বরগুলি সন্নিবেশিত করিতে হইবে যাহাতে সহজেই স্পষ্ট হয় যে, ভোটার তালিকায় বর্ণিত কোন কোন ভোটারকে কোন কোন ভোটকেন্দ্রের জন্য নির্ধারণ করা হইয়াছে, যাহাতে ভোট গ্রহণের দিন ভোটারগণের মধ্যে অযথা হয়রানী বা বিভ্রান্তির সৃষ্টি না হয়।

৪। যে ছকে ভোটকেন্দ্রের তালিকা নির্বাচন কমিশনে প্রেরণ করিতে হইবে তাহা নিম্নে উল্লেখ করা হইল ;

**“ছক  
ভোটকেন্দ্রের তালিকা**

নির্বাচনী এলাকার নম্বর ও নাম -----

ক্রমিক নং	ভোট- কেন্দ্রের নাম ও অবস্থান	ভোট কক্ষের সংখ্যা	যে এলাকার ভোটারগণ এই ভোটকেন্দ্রে ভোট দিবেন (ভোটার এলাকার নাম)			প্রতিটি কেন্দ্রের জন্য নির্ধারিত মোট ভোটার সংখ্যা
			পল্লী অঞ্চলের ক্ষেত্রে গ্রামের নাম	শহর অঞ্চলের ক্ষেত্রে ওয়ার্ড নং/মহল্লা/ রাস্তার নাম	যে সমস্ত কেন্দ্রে ভোটার এলাকা বিভক্ত হইয়াছে সেই সমস্ত ক্ষেত্রে ভোটারদের ক্রমিক সংখ্যা	
১	২	৩	৪(ক)	৪(খ)	৪(গ)	৫

উপজেলা/থানা .....

ইউনিয়ন পরিষদ/পৌরসভা .....

মোট ভোটকেন্দ্রের সংখ্যা .....

মোট ভোটকক্ষের সংখ্যা .....

**রিটার্নিং অফিসারের স্বাক্ষর”**

## তৃতীয় পরিচ্ছেদ

### ভোটগ্রহণকারী কর্মকর্তা নিয়োগ এবং প্রশিক্ষণ

নির্বাচন কমিশন কর্তৃক ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তভাবে প্রকাশের সঙ্গে সঙ্গে রিটার্নিং অফিসারকে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের কাজ চূড়ান্ত করিতে হইবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৯ অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসার এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত প্যানেল হইতে কর্মকর্তা ও কর্মচারীদের গ্রেড অনুযায়ী উপযুক্ত ব্যক্তিগণকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করিবেন।

২। প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রতিটি ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার এবং দুইজন পোলিং অফিসার নিয়োগ করিতে হইবে। রিটার্নিং অফিসারকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, এবং পোলিং অফিসার নিয়োগের সময় ঐ সকল কর্মকর্তার কর্মক্ষমতা, দক্ষতা এবং নিরপেক্ষতার দিকে অবশ্যই লক্ষ্য রাখিতে হইবে। কেননা তাহাদের কর্মক্ষমতা, দক্ষতা ও নিরপেক্ষতার উপরই সূষ্ঠ, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান নির্ভরশীল। প্রতিটি ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারগণকে সকল প্রকার প্রভাবের উর্ধ্বে থাকিয়া নিরপেক্ষভাবে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনা করিতে হইবে।

৩। সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠান অথবা রাষ্ট্রীয়স্ত ব্যাংক, বীমা, কর্পোরেশনের কর্মকর্তা হইতে প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসার নিয়োগ দানের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করিতে হইবে। অমুদ্রণভাবে ঐ সকল অফিস/প্রতিষ্ঠান/কর্পোরেশনের কর্মচারী হইতে পোলিং অফিসার নিয়োগ দানের প্রতিও গুরুত্ব আরোপ করিতে হইবে। তাহা ছাড়া সরকারী/সরকারী অনুদানপ্রাপ্ত কলেজ বা সমমানের মাদ্রাসার শিক্ষক হইতে এবং সরকারী/সরকারী অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক হইতে প্রিজাইডিং অফিসার নিয়োগ করিতে হইবে। সরকারী/সরকারী অনুদানপ্রাপ্ত কলেজের ডেমনস্ট্রেটর/কর্মকর্তা হইতে সহকারী প্রিজাইডিং অফিসার কোন কোন ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারও নিয়োগ করা যাইবে।

৪। সরকারী/সরকারী অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়, সমমানের মাধ্যমিক বিদ্যালয়, সরকারী/সরকারী/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকেও সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসাবে নিয়োগ করা চলিবে। সরকারী/সরকারী অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাধ্যমিক ও সরকারী/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং ঐ সকল প্রতিষ্ঠানের কর্মচারী হইতে পোলিং অফিসার নিয়োগ করা যাইবে। মহিলা ভোটকেন্দ্রে যদি সম্ভব হয়, ভোটগ্রহণের জন্য মহিলা প্রিজাইডিং অফিসার, মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার এবং মহিলা পোলিং অফিসার নিয়োগ করা যাইবে। সকল ক্ষেত্রেই তাহাদের কর্মদক্ষতা এবং নিরপেক্ষতার বিষয়ে নিশ্চিত হইতে হইবে।

৫। ভোটগ্রহণের জন্য কর্মকর্তা নিয়োগের সময় গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৯ অনুচ্ছেদের শর্ত বিধানের প্রতি আপনাকে বিশেষভাবে লক্ষ্য রাখিতে হইবে। এই শর্ত বিধানে উল্লেখ রহিয়াছে যে, যদি কোন ব্যক্তি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর চাকুরিতে নিয়োজিত থাকেন অথবা অতীতে কোন সময় নিয়োজিত ছিলেন তবে তাহাকে প্রিজাইডিং অফিসার অথবা সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করা যাইবে না। ইহা ছাড়া বিতর্কিত বা যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী অথবা শিক্ষক সম্পর্কে মতবিরোধ রহিয়াছে সেই সমস্ত কর্মকর্তা বা শিক্ষকদিগকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬। রিটার্নিং অফিসারের সুবিধার্থে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের নিয়োগপত্রের একটি নমুনা নিম্নে উল্লেখ করা হইল :-

## “জাতীয় সংসদ নির্বাচন

প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের নিয়োগপত্র।

জেলা নাম :-----নির্বাচনী এলাকার নাম ও নম্বর :-----

ভোটকেন্দ্রের নাম ও অবস্থান :-----ভোটকক্ষের (বুথ) সংখ্যা :-----

যে সমস্ত ভোটার এলাকার ভোটারগণ ভোট প্রদান করিবেন সেই সমস্ত এলাকার নাম :

১।-----

২।-----

৩।-----

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৯ অনুচ্ছেদের (১বি) দফা কর্তৃক অর্পিত ক্ষমতাবলে, আমি-----নির্বাচন এলাকার রিটার্নিং অফিসার নিম্নলিখিত ব্যক্তিগণকে উপরোল্লিখিত ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য এতদ্বারা প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসাবে নিয়োগ করিলাম :—

প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী	সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী	পোলিং অফিসারের নাম ও পদবী	সহকারী প্রিজাইডিং অফিসারের নাম যিনি প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসাবে কাজ করবেন।
১	২	৩	৪
১।-----	১।-----	১।-----	১।-----
		২।-----	
	২।-----	১।-----	
		২।-----	
	৩।-----	১।-----	
		২।-----	
	৪।-----	১।-----	
		২।-----	

স্থান :-----

তারিখ :-----

রিটার্নিং অফিসারের স্বাক্ষর।”

**প্রাপ্তি স্বীকার ও অংগীকারনামা**  
(এই অংশটুকু রিটার্নিং অফিসারকে ফেরত দিতে হবে)

আমি-----উপরে বর্ণিত নিয়োগ সাধ্যহে গ্রহণ করিয়া অংগীকার করিতেছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব সর্বপ্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হইতে মুক্ত থাকিয়া সততা ও ন্যায় নিষ্ঠার সহিত পালন করিব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ ; নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২ এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন অনুযায়ী দায়ী থাকিব।

**প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার/  
পোলিং অফিসার।**

৭। এই নমুনা অনুযায়ী নিয়োগপত্রের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি স্থানীয়ভাবে ছাপাইয়া লইতে হইবে। ছাপানোর খরচ মিটাইবার জন্য পরবর্তীতে অর্থ বরাদ্দ করা হইবে। নিয়োগপত্রের নমুনা ছকের ৪ নং কলাম অনুযায়ী রিটার্নিং অফিসার, এমন একজন সহকারী প্রিজাইডিং অফিসারের নাম সন্নিবেশিত করিবেন যিনি প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৮। যেহেতু প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বহুলাংশে নির্ভরশীল সেইহেতু উক্ত অফিসারদের প্রশিক্ষণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করিবে। এই ব্যাপারে জেলা নির্বাচন অফিসারগণ রিটার্নিং অফিসারদিগকে এবং উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ সহকারী রিটার্নিং অফিসারদিগকে সক্রিয়ভাবে সকল প্রকার সহায়তা প্রদান করিবেন। প্রিজাইডিং অফিসারগণ যাহাতে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধির সহিত ভালভাবে পরিচিত হইয়া সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করিতে পারেন তাহার জন্য নির্বাচন কমিশন পৃথক একটি পুস্তিকা প্রণয়ন করিয়াছে। ঐ পুস্তিকার প্রয়োজনীয় সংখ্যক কপি প্রিজাইডিং অফিসার এবং সহকারী প্রিজাইডিং অফিসারের মধ্যে বিতরণের জন্য রিটার্নিং অফিসারকে বিশেষ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উক্ত পুস্তিকা প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পর প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য রিটার্নিং অফিসার



নির্দেশ দিবেন। প্রশিক্ষণ কোর্স চলাকালীন সময়ে পুস্তিকায় সন্নিবেশিত নির্দেশাবলী তাহারা সম্যক্রূপে উপলব্ধি করিতে পারিয়াছে কিনা, নানাবিধ প্রশ্নের মাধ্যমে তাহা যাচাই করিয়া লইতে হইবে। যদি ইহা প্রতীয়মান হয় যে, কোন কর্মকর্তা পুস্তিকায় লিপিবদ্ধ কোন নির্দেশ বা উহার অংশবিশেষ বুঝিয়া উঠিতে পারেন নাই তখন প্রশিক্ষণদাতাকে উহা পরিষ্কার করিয়া বুঝাইয়া দিতে হইবে। প্রশিক্ষণের কাজ ভোটগ্রহণের অন্ততঃ ৪/৫ দিন পূর্বে অবশ্যই শেষ করা হইবে।

৯। প্রিজাইডিং অফিসার গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর নির্দেশ ও নিয়মাবলী অনুসারে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনা করিবেন। প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রের শান্তি-শৃংখলা ও সূষ্ঠ পরিবেশে ভোটগ্রহণের জন্য দায়িত্ববান থাকিবেন। ভোটকেন্দ্রের শৃংখলা ও শান্তি বিঘ্নিত হইবার বা ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় সূষ্ঠ পরিবেশের পরিপন্থী কোন পরিস্থিতির উদ্ভব হইলে প্রিজাইডিং অফিসার তাহা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন। তবে শর্ত থাকে যে, ভোটগ্রহণ চলাকালে প্রিজাইডিং অফিসার যে কোন সহকারী প্রিজাইডিং অফিসারকে তাহার বিবেচনামতে সুনির্দিষ্টভাবে যে কোন কাজের দায়িত্ব অর্পণ করিতে পারেন এবং এইরূপ অর্পিত দায়িত্ব সহকারী প্রিজাইডিং অফিসার পালন করিতে বাধ্য থাকিবেন। ইহা রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট সকল প্রিজাইডিং অফিসারগণকে বুঝাইয়া দিবেন।

১০। ভোটগ্রহণ চলাকালে রিটার্নিং অফিসার যে কোন সহকারী প্রিজাইডিং অফিসারকে প্রিজাইডিং অফিসারের অসুস্থতা বা অন্য কারণে ভোটকেন্দ্রে অনুপস্থিত বা দায়িত্ব পালনে অপারগতার কারণে প্রিজাইডিং অফিসার হিসাবে কার্য সম্পাদনের ভার অর্পণ করিতে পারিবেন। প্রিজাইডিং অফিসারের এইরূপ অনুপস্থিতি বা দায়িত্ব পালনের অপারগতার কারণাবলী লিপিবদ্ধ করিয়া প্রতিবেদন দাখিল করিতে হইবে।

১১। রিটার্নিং অফিসার ভোটগ্রহণ চলাকালীন যে কোন সময় কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসারকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবেন। এইরূপ বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারীগণের পরিবর্তে কার্য পরিচালনার জন্য রিটার্নিং অফিসার তাহার বিবেচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১২। প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োগলাভের পর পরই তাঁহাকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের সহিত যোগাযোগ করিতে হইবে এবং প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে তিনি যে ভোটকেন্দ্রের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োজিত হইয়াছেন সেই ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা, ভোটকক্ষের সংখ্যা এবং ভোটার এলাকার নামসমূহ যাহাতে সংগ্রহ করেন তাহা রিটার্নিং অফিসারকে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারগণকে বুঝাইয়া দিতে হইবে।

১৩। ভোটার তালিকা : রিটার্নিং অফিসারগণ প্রত্যেক ভোটকেন্দ্রের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোটার তালিকার কপি প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করিবেন। [১০(২) অনুচ্ছেদ] এবং প্রিজাইডিং অফিসার তাঁর ভোটকেন্দ্রের জন্য নির্ধারিত এলাকার ভোটার তালিকার কপিগুলি ভালভাবে বুঝিয়া লইবেন। যদি সরবরাহকৃত ভোটার তালিকা অসম্পূর্ণ থাকে তাহা হইলে তাহা সম্পূর্ণ করাইয়া লইবেন।

## চতুর্থ পরিচ্ছেদ

সম্ভাব্য নির্বাচনী ব্যয় ও উৎসের বিবরণী এবং নির্বাচনী ব্যয়ের রিটার্ন দাখিল সংক্রান্ত ।

গণপ্রতিনিধিত্ব আদেশের ৪৪ এএ (১) অনুচ্ছেদ অনুসারে প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৭ দিনের মধ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের বরাবরে এবং নির্বাচন কমিশনের বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে নির্ধারিত ফরমসমূহের মাধ্যমে নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য সম্ভাব্য অর্থের উৎসের বিবরণী ও তাহার সম্পদ ও দায়-এর বিবরণী এবং আয়করদাতা হইলে সর্বশেষ আয়কর রিটার্নের অনুলিপি দাখিল করিবার জন্য রিটার্নিং অফিসার প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে নির্দেশ দিবেন । বিবরণীতে নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিলের সম্ভাব্য উৎস সম্পর্কে নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রদর্শনপূর্বক ফরম ১৭এ-তে প্রদর্শন করিতে হইবে :-

- (ক) নিজ আয় হইতে যে অর্থের সংস্থান করা হইবে এবং উক্ত আয়ের উৎস ;
- (খ) নিজ আত্মীয়-স্বজনের নিকট হইতে কর্জ বা তাহাদের স্বেচ্ছায় প্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ এবং তাহাদের আয়ের উৎস ;
- (গ) কোন ব্যক্তির নিকট হইতে কর্জ বা স্বেচ্ছায় প্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্ত অর্থ ;
- (ঘ) কোন প্রতিষ্ঠান, রাজনৈতিক দল অথবা অন্য কোন সংস্থা হইতে স্বেচ্ছা প্রদত্ত চাঁদা বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ ;
- (ঙ) অন্য কোন উৎস হইতে প্রাপ্য সম্ভাব্য অর্থ ।

ব্যাখ্যা : ৪৪ এএ (১) অনুচ্ছেদে সংশ্লিষ্ট দফায় “আত্মীয়-স্বজন” বলিতে স্বামী, স্ত্রী, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভাই এবং বোন বুঝাইবে ।

(২) উপরে বর্ণিত ১৭এ-তে নির্ধারিত ফরমের সঙ্গে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে ফরম ১৭বি-তে তাহার সম্পদ ও দায় এবং বার্ষিক আয় ও ব্যয়ের বিবরণী সম্বলিত বিবরণীও দাখিল করিতে হইবে । তিনি যদি আয়করদাতা হন তাহা হইলে তাহার সর্বশেষ আয়কর রিটার্নের অনুলিপিও প্রার্থীকে সংযুক্ত করিয়া দিতে হইবে ।

(৩) ইহা ছাড়াও প্রতিদ্বন্দ্বী প্রার্থী উপরে বর্ণিত ফরম ১৭এ-তে নির্ধারিত ফরমে বর্ণিত উৎসসমূহের বাহিরে অন্য কোন উৎস হইতে অর্থপ্রাপ্ত হইলে উক্ত অর্থপ্রাপ্তির ৩ দিনের মধ্যে প্রাপ্ত অর্থের পরিমাণ এবং উহার উৎস সম্পর্কে একটি সম্পূর্ণক বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিবার জন্য এবং উক্ত বিবরণীর অনুলিপি রেজিস্টার্ড ডাকযোগে নির্বাচন কমিশনের বরাবরে প্রেরণ করিবার জন্য রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট প্রার্থীগণকে নির্দেশ দিবেন।

## ২। নির্বাচনে প্রার্থীর নির্বাচনী ব্যয়ের পরিমাণ :

(১) গণপ্রতিনিধিত্ব আদেশের ৪৪বি অনুচ্ছেদ অনুসারে উক্ত অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত অর্থের সীমার অতিরিক্ত কোন অর্থ কোন ব্যক্তি একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী ব্যয় নির্বাহের উদ্দেশ্যে পরিশোধ করিতে পারিবেন না।

(২) আদেশের ৪৪বি অনুচ্ছেদের (২) দফা অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট ব্যতীত কোন ব্যক্তি এইরূপ প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনের জন্য অর্থ ব্যয় করিতে পারিবেন না, তবে শর্ত থাকে যে,

(৩) কোন ব্যক্তি নির্বাচনী এজেন্টের নিকট হইতে লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত হইলে সুনির্ধারিত অর্থ ব্যয় করিবার জন্য তিনি উক্ত অর্থ মনোহারী দ্রব্যাদি ও ডাক টিকিট ক্রয়, টেলিফোন এবং অন্যান্য ছোটখাটো খরচ বাবদ ব্যয় করিতে পারিবেন।

(৪) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪বি (৩) অনুচ্ছেদের বিধান মতে কোন প্রার্থী যে রাজনৈতিক দল হইতে মনোনয়ন পাইবেন তাহার জন্য উক্ত রাজনৈতিক দল কর্তৃক কৃত খরচসহ তাহার নির্বাচনী ব্যয় পাঁচ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকিতে হইবে। উক্ত অনুচ্ছেদ (৩এ) দফায় উল্লেখ রহিয়াছে যে, এই নির্ধারিত পাঁচ লক্ষ টাকা এবং উহার অংশ বিশেষ নিম্নলিখিত কোন কাজের জন্য খরচ করা যাইবে না।

(ক) একের অধিক রং বা কালি ব্যবহার করিয়া পোস্টার মুদ্রণ ; অথবা

(কক) বিধি দ্বারা নির্ধারিত বা কমিশন কর্তৃক নির্দিষ্ট সাইজ হইতে বৃহৎ সাইজের পোস্টার মুদ্রণ ; অথবা

(খ) আমদানীকৃত কোন কাগজ দ্বারা পোস্টার অথবা লিফলেট বা কোন প্রচারপত্র মুদ্রণ ; অথবা

(গ) কোন গেইট বা তোরণ অথবা কোন ঘেরা (প্রতিবন্ধক) নির্মাণ ; অথবা -

- (ঘ) ৪০০ বর্গফুট-এর অধিক স্থান লইয়া কোন প্যান্ডেল স্থাপন ; অথবা...
- (ঙ) কাপড় দ্বারা কোন ব্যানার প্রস্তুতকরণ ; অথবা
- (চ) কোন নির্বাচনী এলাকায় একই সময়ে ৩(তিন)-এর অধিক মাইক্রোফোন বা লাউড স্পীকার ভাড়া ; অথবা
- (ছ) ভোক্তগ্ৰহণের দিনের ৩(তিন) সপ্তাহের পূর্ববর্তী যে কোন সময়ে যে কোন উপায়ে কোন প্রকার নির্বাচনী প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ ; অথবা
- (জ) কোন নির্বাচনী এলাকার প্রতিটি ইউনিয়নে একাধিক বা পৌর এলাকা/সিটির প্রতি ওয়ার্ডে একাধিক নির্বাচনী ক্যাম্প বা অফিস স্থাপন ; অথবা নির্বাচনী এলাকায় একাধিক কেন্দ্রীয় নির্বাচনী ক্যাম্প বা অফিস স্থাপন ; অথবা
- (জঙ্গ) ভোটারদের যে কোন প্রকারের আপ্যায়ন করা ; অথবা
- (ঝ) শোভাযাত্রা বা মিছিল করার জন্য স্থলযান বা নৌযান যথা :-ট্রাক, বাস, কার, ট্যাক্সি, মোটর সাইকেল, স্পীডবোট ইত্যাদি ব্যবহার ; অথবা
- (ঝঝ) কোন ভোটকেন্দ্রে বা ভোটকেন্দ্র হইতে ভোটারদের আনা নেওয়ার জন্য কোন ধরনের যানবাহন বা জলযান ভাড়া করা বা ব্যবহার করা ; অথবা
- (ঞ) বিদ্যুতের সাহায্যে যে কোন রকম আলোকসজ্জাকরণ ; অথবা
- (ট) একের অধিক রং বা কালি দ্বারা প্রস্তুত প্রাণীর প্রতিকৃত বা প্রতীকের ব্যবহার ; অথবা
- (ঠ) নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত আকার অপেক্ষা বৃহত্তর আকারের নির্বাচনী প্রতীকের প্রদর্শনী ; অথবা
- (ড) নির্বাচনী প্রচারাভিযানের উদ্দেশ্যে কোন কালি বা রং বা তুলি বা যে কোন কিছু দ্বারা কোন লিখন বা এই জাতীয় ফোন লিখন বা বিজ্ঞাপন ব্যবহার ।

৫। এখানে উল্লেখ্য যে, প্রদর্শনীর জন্য নির্বাচনী প্রতীকের সাইজ দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতার পাঁচ (৫) মিটারের অধিক হইবে না এবং ২৩"×১৮" আকারের অধিক বৃহৎ পোস্টার মুদ্রণ করা যাইবে না বলিয়া নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে এবং বিধি দ্বারা নির্ধারিত রয়েছে ।

৬। আদেশের ৪৪বি অনুচ্ছেদের (৩বি) দফা অনুযায়ী-৪৪বি অনুচ্ছেদের দফা (৩এ) এর কোন বিধান লংঘনপূর্বক ব্যবহৃত কোন অর্থ সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক কৃত দফা (৩)-এ উল্লিখিত পরিমাণের অধিক নির্বাচনী খরচ বলিয়া গণ্য হইবে এবং ইহা ৪৪বি অনুচ্ছেদের লংঘন বলিয়া গণ্য হইবে।

৭। আদেশের উপরোল্লিখিত বিধান লংঘন করা আদেশের ৭৩ অনুচ্ছেদ অনুযায়ী দুর্নীতিমূলক অপরাধ। যাহার জন্য জরিমানাসহ নিম্নে ২(দুই) বৎসর এবং উর্দ্ধে ৭(সাত) বৎসর পর্যন্ত সশ্রম কারাদণ্ড হইতে পারে।

৮। তাহা ছাড়া আদেশের ৮৭এ অনুচ্ছেদের (১) দফা অনুসারে যে কোন পুলিশ কর্মকর্তা, অথবা নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনকারী আইন প্রয়োগকারী সংস্থার যে কোন সদস্য যখনই বা যেখানেই তিনি এতদসম্পর্কে জানিতে পারেন বা ইহা তাহার নজরে আসে তখন এবং সেই খানেই :

- (ক) একের অধিক রং বা কালি দ্বারা প্রস্তুত প্রার্থীর প্রতিকৃতি বা প্রতীকের ব্যবহার অথবা বিধি দ্বারা নির্ধারিত বা নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত আকার অপেক্ষা বৃহত্তর আকারের পোস্টার বা প্রতীক ;
- (খ) প্রার্থী কর্তৃক কোন গেট বা তোরণ অথবা কোন ঘেরা (প্রতিবন্ধক) ;
- (গ) ৪০০ বর্গফুট-এর অধিক স্থান লইয়া কোন প্যানেল ;
- (ঘ) কাপড় দ্বারা তৈরী কোন প্রার্থীর ব্যানার ;
- (ঙ) কোন প্রার্থী কর্তৃক নির্বাচনী এলাকায় একই সময়ে ৩(তিন)-এর অধিক মাইক্রোফোন বা লাউড স্পীকার ভাড়া করা বা ব্যবহার করা ;
- (চ) কোন নির্বাচনী এলাকার প্রতিটি ইউনিয়নে একাধিক বা পৌর এলাকা/সিটির প্রতি ওয়ার্ডে একাধিক নির্বাচনী ক্যাম্প বা অফিস ; অথবা নির্বাচনী এলাকায় একাধিক কেন্দ্রীয় নির্বাচনী ক্যাম্প বা অফিস ;
- (ছ) নির্বাচনের প্রচারণার অংশ হিসাবে প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক বিদ্যুতের সাহায্যে যে কোন রকম আলোকসজ্জা ;
- (জ) কোন প্রার্থীর জন্য বিজ্ঞাপনের পন্থা হিসাবে কালি বা অন্য যে কোনভাবে কোন দেওয়াল, দালান, থাম, সেতু, যানবাহন বা জলখানে, অথবা প্রার্থীর মালিকানায নহে বা এইরূপ বিজ্ঞাপনের জন্য নির্দিষ্ট নহে-অপসারণ করিবেন বা করাইবেন বা অপসারণ করিতে নির্দেশ দিবেন।

৯। আপনি অনুগ্রহপূর্বক আইনের উপরোল্লিখিত অনুচ্ছেদসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া স্থানীয়ভাবে প্রচারণা চালানোর জন্য অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

### ৩। নির্বাচনী ব্যয়ের উদ্দেশ্যে ব্যাংকে এ্যাকাউন্ট খোলা :

আদেশের ৪৪বিবি অনুচ্ছেদ অনুসারে প্রত্যেক নির্বাচনী এজেন্টকে, অথবা প্রার্থী কোন নির্বাচনী এজেন্ট নিয়োগ না করিলে সেক্ষেত্রে প্রার্থীকে—

- (ক) আদেশের ৪৪বি অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য (ব্যক্তিগত ব্যয় ব্যতীত) তফসিল ব্যাংকে পৃথক একাউন্ট খুলিতে হইবে ;
- (খ) উক্তরূপ ব্যাংক এ্যাকাউন্ট হইতে ব্যক্তিগত ব্যয় ব্যতীত নির্বাচন সংক্রান্ত ব্যয়ের সমুদয় অর্থ পরিশোধ করিতে হইবে ।

### ৪। নির্বাচনী ব্যয় :

আদেশের ৪৪ সি অনুচ্ছেদ অনুসারে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট আদেশের ১৯ অনুচ্ছেদ অথবা ৩৯ অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী ফলাফল ঘোষিত হইবার ১৫ দিনের মধ্যে ১৭সি-তে নির্ধারিত ফরমে নির্বাচনী ব্যয়ের রিটার্ন রিটার্নিং অফিসারের বরাবরে দাখিল করিবার জন্য রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং নির্বাচনী এজেন্টগণকে নির্দেশ দিবেন। উক্ত রিটার্নে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত ও সংযুক্ত থাকিবে :-

- (ক) প্রত্যেক দিন যে অর্থ পরিশোধ করিয়াছেন উহার বিবরণীসহ পরিশোধিত অর্থের স্বপক্ষে বিল, রসিদ এবং ভাউচারসমূহ ;
- (কক) ৪৪বিবি অনুচ্ছেদে (ক) দফায় বর্ণিত তফসিল ব্যাংক কর্তৃক উক্ত অনুচ্ছেদ বলে খোলা ব্যাংক এ্যাকাউন্টে জমাকৃত অর্থ এবং উক্ত একাউন্ট হইতে উত্তোলিত অর্থের সত্যায়িত বিবরণী ;
- (খ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ব্যক্তিগত ব্যয় যদি থাকে উহার পরিমাণ এবং বিবরণ ;
- (গ) নির্বাচনী এজেন্ট জ্ঞাত আছেন এমন ধরনের সকল বিতর্কিত দাবীর বিবরণ ;
- (ঘ) নির্বাচনী এজেন্ট জ্ঞাত আছেন এমন ধরনের সকল অপরিশোধিত দাবীর বিবরণ ;

(ঙ) প্রত্যেক উৎসের নাম নির্দিষ্টভাবে উল্লেখপূর্বক নির্বাচনী ব্যয়ের উদ্দেশ্যে যে কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ এবং উক্ত অর্থ প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদিসহ বিবরণ।

উপরে বর্ণিত দাখিলকৃত বিবরণীর সহিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা ক্ষেত্র বিশেষে তাহার নির্বাচনী এজেন্ট ফরম ১৭ডি, ১৭ই এবং ১৭এফ-তে একটি এফিডেভিট দাখিল করিবেন।

কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনের ব্যয়ের উদ্দেশ্যে একশত টাকার নীচে যে অর্থ ব্যয় হইবে তাহা ছাড়া প্রত্যেক ব্যয়ের জন্য বিবরণী উল্লেখ করিয়া প্রত্যেক ব্যয়ের জন্য বিলের মাধ্যমে অথবা রসিদ ও ভাউচারের মাধ্যমে নির্বাচনী এজেন্টকে হিসাব রাখিতে হইবে।

#### ৫। নির্বাচনী ব্যয়ের হিসাব সংরক্ষণ :

(১) নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ২৭এএ বিধি অনুসারে নির্বাচনী এজেন্ট ১৭সি-তে নির্ধারিত ফরমে নির্বাচনী ব্যয়ের হিসাব লিপিবদ্ধ এবং সংরক্ষণ করিবেন। আদেশের ১৯ অনুচ্ছেদ অথবা ৩৯ অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী ফলাফল ঘোষিত হইবার ১৫ দিনের মধ্যে আদেশের ৪৪সি অনুচ্ছেদ অনুসারে নির্বাচনী ব্যয়ের হিসাব দাখিল করিবেন এবং ১৭বি-তে নির্ধারিত ফরমে প্রার্থীর নির্বাচনীর উদ্দেশ্যে ৪৪বি অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত ব্যক্তিগত ব্যয় উল্লেখপূর্বক নির্বাচনী ব্যয়ের বিবরণীর উল্লেখ থাকিবে।

(২) নির্বাচনী ব্যয়ের সমস্ত বিল ভাউচারসমূহ পরিশোধের তারিখ এবং ক্রমিক নম্বর অনুযায়ী সাজাইয়া নির্বাচনী ব্যয়ের হিসাবের সঙ্গে রাখিতে হইবে এবং এই ক্রমিক নম্বরসমূহ সংশ্লিষ্ট হিসাবে নির্ধারিত কলামে অন্তর্ভুক্ত করিতে হইবে। আদেশের ৪৪বি অনুচ্ছেদে উল্লেখিত যে সমস্ত অর্থ ব্যয়ের স্বপক্ষে ভাউচার বা রসিদের প্রয়োজন নাই, সে সমস্ত ক্ষেত্রে পরিশোধকারীর বিবরণ উল্লেখ করিবার প্রয়োজন নাই।

(৩) যে রিটার্ন এবং এফিডেভিট প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং নির্বাচনী এজেন্টকে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে সেই সমস্ত রিটার্ন ও এফিডেভিটের অনুলিপি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের সময় নির্বাচন কমিশনে রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করিতে হইবে।



## ৬। শাস্তির বিধান :

(১) উক্ত বিধান লংঘনকারীর জন্য সর্বনিম্ন দুই বৎসর ও সর্বোচ্চ ৭ বৎসর সশ্রম কারাদণ্ড ও তৎসহ জরিমানার বিধান করা হয় (আদেশের ৭৩ এবং ৭৪ অনুচ্ছেদ দ্রষ্টব্য)।

(২) মনে রাখিবেন যে সমস্ত ক্ষেত্রে নির্বাচনের বিরুদ্ধে নির্বাচনী মামলা দায়ের করা হয় নাই, সেই সমস্ত ক্ষেত্রে অপরাধ সংঘটিত হওয়ার দিন হইতে ৬ (ছয়) মাসের মধ্যে দোষী ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করিতে হইবে এবং যে নির্বাচনে অপরাধ সংঘটিত হইয়াছে যদি ঐ নির্বাচন হাইকোর্ট বিভাগে বিচারাধীন থাকে এবং হাইকোর্ট বিভাগ উক্ত অপরাধ সম্পর্কে কোন আদেশ দান করেন, তবে আদেশ দানের তিন মাসের মধ্যে রিটার্নিং অফিসারকে উপযুক্ত মামলা দায়ের করিতে হইবে এবং এইজন্য নির্বাচন কমিশনের পূর্বানুমতির প্রয়োজন নাই (আদেশের ৯০ অনুচ্ছেদ দ্রষ্টব্য)।

(৩) আদেশের ৪৪ডি অনুচ্ছেদ এবং নির্বাচন পরিচালনা বিধিমালার ২৭ বিধি অনুসারে নির্বাচনী এজেন্টদের নিকট হইতে প্রাপ্ত দলিল-দস্তাবেজসমূহ প্রাপ্তির দিন হইতে ১ বৎসর পর্যন্ত পরিদর্শনের জন্য রিটার্নিং অফিসারের অফিসে অথবা অন্য কোন সুবিধাজনক স্থানে সংরক্ষণ করিতে হইবে। যদি কেহ উক্ত দলিল-দস্তাবেজ পরিদর্শন করিতে চাহেন, তাহা হইলে প্রতিটি দলিল/বিবরণীর জন্য টাকা ৫'০০ (পাঁচ) ফী প্রদান করিয়া পরিদর্শন করিতে পারিবেন। এতদ্বিন্ম যদি কেহ রক্ষিত রিটার্নের অথবা সংশ্লিষ্ট অন্য কোন দলিলের অনুলিপি প্রদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট আবেদন করেন, তাহা হইলে উহা প্রদান করিতে হইবে। তবে আবেদনকারীকে দরখাস্তের সহিত কোর্ট ফী আকারে প্রতি অনুলিপি বা উদ্ধৃতাংশের প্রথম ২০০ শব্দ অথবা তাহার অংশ বিশেষের জন্য ১০ টাকা এবং অতিরিক্ত প্রতি ১০০ শব্দ অথবা তাহার অংশ-বিশেষের জন্য ৫ টাকা প্রদান করিতে হইবে।

(৪) নির্বাচনী রিটার্ন দাখিলের জন্য প্রয়োজনীয় সংখ্যক ফরম যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট সরবরাহ করা হইবে। এই ফরম রিটার্নিং অফিসারকে বিনামূল্যে প্রার্থী অথবা তাহাদের নির্বাচনী এজেন্টদের মধ্যে বিতরণ করিতে হইবে। যাহারা ফরম সংগ্রহ করিতে পারিবেন না, তাহাদের জন্য জরুরী ভিত্তিতে নির্বাচন কমিশন সচিবালয় হইতে ফরম সংগ্রহ করিতে হইবে।

(৫) তাহাছাড়া নির্বাচনী ব্যয়ের হিসাব সংরক্ষণ, নির্বাচনী খরচের বিবরণী দাখিল ও নির্বাচনী ব্যয়ের রিটার্ন দাখিল সংক্রান্ত আদেশের ৪৪ সিসি ও ৪৪ সিসিসি অনুচ্ছেদ [সংশোধনী আদেশ, ২০০১ এর ১৮ ধারা] [পরিশিষ্ট-'চ' দ্রষ্টব্য] অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা করিবেন।

## পঞ্চম পরিচ্ছেদ

নির্বাচন কমিশন কর্তৃক সময়সূচী জারী এবং রিটার্নিং অফিসারের  
অনুসরণীয় এবং করণীয় দায়িত্বাবলী

ক অংশ—নির্বাচনী সময়সূচী এবং মনোনয়নপত্র দাখিলের আহ্বান  
সম্বলিত গণ-বিজ্ঞপ্তি জারী প্রসঙ্গে।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ১১ অনুচ্ছেদের (১) দফা অনুসারে নির্বাচন কমিশন নির্বাচনী সময়সূচী প্রজ্ঞাপনের মাধ্যমে সরকারী গেজেটে প্রকাশ করিলে রিটার্নিং অফিসার যথাশীঘ্র সম্ভব তাহার আওতাভুক্ত নির্বাচনী এলাকাসমূহের জন্য পৃথক পৃথক গণ-বিজ্ঞপ্তি জারী করিবেন [১১(২) অনুচ্ছেদ দ্রষ্টব্য]। উক্ত গণ-বিজ্ঞপ্তিতে কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচীর উল্লেখ থাকিবে। এতদ্বিন্ন রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান ও সময় উল্লেখ করিয়া একই গণ-বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র আহ্বান করিতে হইবে। উল্লেখ করা প্রয়োজন যে, মনোনয়নপত্র রিটার্নিং অফিসারের অফিস চলাকালীন সময়ে অর্থাৎ সকাল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত সময়কালের মধ্যে গ্রহণের উল্লেখ করিতে হইবে। গণ-বিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার দ্রষ্টব্য স্থানসমূহে এবং উহার অনুলিপি রিটার্নিং অফিসার ও তাঁহার অধীনস্থ সহকারী রিটার্নিং অফিসারদের অফিসের দ্রষ্টব্য স্থানসমূহে টাঙ্গাইয়া দিতে হইবে।

২। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা ছক আপনার সুবিধার্থে এতদসঙ্গে নিম্নে উল্লেখ করা হইল।

### “গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ১১ অনুচ্ছেদে (২) দফা অনুসারে আমি,  
.....ও রিটার্নিং অফিসার  
এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, জাতীয় সংসদ গঠন করিবার  
উদ্দেশ্যে নির্বাচন কমিশন বিগত.....তারিখে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে

প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারদিগকে স্ব স্ব নির্বাচনী এলাকা হইতে একজন জাতীয় সংসদ-সদস্য নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী ঘোষণা করিয়াছে ;

- (ক) রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট  
প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ : .....
- (খ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ : .....
- (গ) প্রার্থীপদ প্রত্যাহারের শেষ তারিখ : .....
- (ঘ) ভোটগ্রহণের তারিখ : .....

৩। পূর্বোল্লিখিত আদেশের ১১ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে .....  
নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী  
..... তারিখ বা তার পূর্বে যে কোন তারিখে সকাল ০৯-০০টা হইতে বিকাল  
৫-০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত নির্বাচনী এলাকা হইতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করিবার  
জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার এবং আমার সহকারী রিটার্নিং  
অফিসার/অফিসারদের কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

.....  
রিটার্নিং অফিসার  
নির্বাচনী এলাকা : .....।”

৪। যে সমস্ত ক্ষেত্রে জেলা নির্বাচন অফিসারগণ সহকারী রিটার্নিং অফিসার হিসাবে  
নিয়োজিত হইবেন, সেই সমস্ত ক্ষেত্রে তাহারা সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন  
করা ছাড়াও অন্যান্য জেলা নির্বাচন অফিসারের ন্যায় রিটার্নিং অফিসারের স্টাফ অফিসার  
হিসাবেও কাজ করিবেন। যদি কোন জায়গায় জেলা নির্বাচন অফিসারের সংখ্যা একাধিক  
হয়, তবে রিটার্নিং অফিসার তাহার ইচ্ছা অনুযায়ী যে কোন একজন জেলা নির্বাচন  
অফিসারকে তাহার স্টাফ অফিসার হিসাবে নিয়োগ করিবেন।

খ অংশ—মনোনয়নপত্র দাখিল, জামানত গ্রহণ, মনোনয়নপত্র বাছাই, আপীল দায়ের, বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ, নির্বাচনী প্রতীক বরাদ্দ এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রকাশ ইত্যাদি প্রসঙ্গে।

মনোনয়নপত্র গ্রহণ, জামানতের অর্থ গ্রহণ বা জমা, মনোনয়নপত্র বাছাইয়ের পদ্ধতি, বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ, আপীল দায়ের এবং নিষ্পত্তি, প্রার্থীপদ প্রত্যাহার ইত্যাদি সম্পর্কিত আইনগত দিকগুলি যাহা রিটার্নিং অফিসারকে অনুসরণ করিতে হইবে তাহা ধারাবাহিকভাবে নিম্নে উল্লেখ করা হইল :-

### ১। মনোনয়নপত্র দাখিল এবং গ্রহণ :

(১) আদেশের ১২ অনুচ্ছেদের (২) দফা অনুসারে নির্ধারিত ফরম-১ এ প্রত্যেক প্রস্তাব পৃথক পৃথক মনোনয়নপত্রের মাধ্যমে করিতে হইবে। উক্ত মনোনয়নপত্রের ফরমে প্রস্তাবকারী এবং সমর্থনকারীর স্বাক্ষর থাকিতে হইবে এবং সেই সঙ্গে উহাতে নিম্নোক্ত মর্মে অঙ্গীকারনামা দিতে হইবে যে—

(অ) প্রার্থী মনোনয়নে সম্মত আছেন এবং তিনি সংসদ সদস্য হিসাবে প্রার্থী হইবার বা প্রার্থী পদে নির্বাচিত হইবার অযোগ্য নন ; এবং

(আ) প্রস্তাবকারী এবং সমর্থনকারী কেহই প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে অন্য কোন মনোনয়নপত্রে প্রস্তাবকারী বা সমর্থনকারী হন নাই।

(২) আদেশের ১২ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে প্রত্যেক মনোনয়নপত্র প্রার্থী কিম্বা তাহার প্রস্তাবকারী কিম্বা সমর্থনকারীকে রিটার্নিং অফিসার অথবা সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হইবে। দাখিলকৃত প্রত্যেক মনোনয়নপত্রে রিটার্নিং অফিসার, ক্ষেত্রবিশেষে সহকারী রিটার্নিং অফিসার প্রাপ্তির তারিখ ও সময় উল্লেখ করিয়া মনোনয়নপত্রের প্রাপ্তি স্বীকার করিবেন। একজন ব্যক্তিকে একই নির্বাচনী এলাকায় একাধিক মনোনয়নপত্রের মাধ্যমে মনোনীত করা যাইতে পারে। যদি কোন ব্যক্তিকে একটি নির্বাচনী এলাকায় একাধিক মনোনয়নপত্র দ্বারা মনোনয়ন করা হয়, তবে প্রথমে গৃহীত মনোনয়নপত্র ছাড়া তাহার অনুকূলে দাখিলকৃত অন্যান্য মনোনয়নপত্রগুলি বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) আদেশের ১৩ক অনুচ্ছেদ অনুসারে কোন প্রার্থী একই সঙ্গে ৫(পাঁচ)টি নির্বাচনী এলাকার বেশী নির্বাচনী এলাকায় প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রার্থী হইতে পারিবেন না। প্রত্যেক মনোনয়নপত্রের সঙ্গে আদেশের ১২ অনুচ্ছেদে বর্ণিত ঘোষণা ছাড়াও প্রার্থীকে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে তিনি ৫(পাঁচ)টির বেশী নির্বাচনী এলাকায় প্রার্থী হন নাই। যদি কোন প্রার্থী একই সঙ্গে ৫(পাঁচ)টির বেশী নির্বাচনী এলাকায় প্রার্থী হন, তবে তাহার অনুকূলে প্রদত্ত সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

**সহকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিলকৃত মনোনয়নপত্র রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ :**

যেহেতু গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ১৪ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র বাছাই করিবার ক্ষমতা রিটার্নিং অফিসারের উপর অর্পিত, সেহেতু রিটার্নিং অফিসার তাহার আওতাধীন সংশ্লিষ্ট সহকারী রিটার্নিং অফিসারগণ তাঁহাদের নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ ফাস্তে মনোনয়নপত্র দাখিলের সময়সীমা উত্তীর্ণ হইবার পর পরই সতর্কতার সহিত রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করেন, সেই বিষয়ে সংশ্লিষ্ট সকল সহকারী রিটার্নিং অফিসারকে নির্দেশ দিতে হইবে।

## ২। জামানত :

(১) আদেশের ১৩ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী স্বয়ং কিংবা বিধিতে বর্ণিত ব্যক্তিদের মাধ্যমে জামানত হিসাবে—

- (ক) নগদ ১০,০০০ (দশ হাজার) টাকা মনোনয়নপত্রের সঙ্গে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হইবে; অথবা
- (খ) প্রার্থীর অথবা অন্য কেহ প্রার্থীর পক্ষে বাংলাদেশ ব্যাংকের কোন শাখায় বা কোন সরকারী ট্রেজারী/সাব-ট্রেজারীতে বা ব্যাংকের কোন শাখায় বা রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট ১০,০০০ (দশ হাজার) টাকা জমাদানের স্বপক্ষে চালান/রসিদ অথবা গেজেটেড অফিসার কর্তৃক উক্তরূপ চালান/রসিদের সত্যায়িত অনুলিপি মনোনয়নপত্রের সঙ্গে জমা দিতে হইবে।

উল্লেখ্য যে জামানত হিসাবে বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখায় অথবা যে কোন ব্যাংক অথবা সরকারী ট্রেজারী অথবা সাব-ট্রেজারীতে ৬/১০৫১/০০০০/৮৪৭৩ নম্বর কোডে জমা দিতে হইবে। একটি নির্বাচনী এলাকায় প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হইলে সেই প্রার্থীর অনুকূলে শুধু একটি মাত্র জামানত প্রদান করিতে

হইবে। নগদ হিসাবে প্রাপ্ত জামানতের টাকা রিটার্নিং অফিসার অথবা সহকারী রিটার্নিং অফিসার ৩ নং ফরমে নির্ধারিত রসিদের মাধ্যমে গ্রহণ করিবেন এবং নগদে অথবা ব্যাংক রসিদ অথবা ট্রেজারী চালান মারফত প্রাপ্ত জামানতের হিসাব বিবরণী রিটার্নিং অফিসারকে ২ নং ফরমে নির্ধারিত রেজিস্টারে সন্নিবেশিত করিতে হইবে। ইহা ছাড়া রিটার্নিং অফিসারকে নগদ প্রাপ্ত অর্থ উপরে বর্ণিত সরকারী খাতে জমা দিতে হইবে।

(২) আদেশের ১২ অনুচ্ছেদের (৬) দফা অনুসারে মনোনয়নপত্র দাখিল করিবার সময় রিটার্নিং অফিসার কিম্বা ক্ষেত্র বিশেষে উক্ত অনুচ্ছেদের (৬ক) দফা অনুসারে সহকারী রিটার্নিং অফিসারকে দাখিলকৃত মনোনয়নপত্রে ক্রমিক নম্বর, মনোনয়নপত্র দাখিলকারীর নাম, দাখিলের তারিখ ও সময় উল্লেখ করিতে হইবে। ইহার পর রিটার্নিং অফিসার কোথায় এবং কখন মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা মনোনয়নপত্রের সঙ্গে সংযোজিত ফরমে উল্লেখ করিয়া মনোনয়নপত্র দাখিলকারীকে ফরমটি হস্তান্তর করিবেন। ইহা ছাড়া রিটার্নিং অফিসার নিজের অফিসে দাখিলকৃত মনোনয়নপত্র এবং সহকারী রিটার্নিং অফিসারের নিকট হইতে প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্রে উল্লেখিত প্রার্থীর নাম, প্রস্তাবকারীর নাম এবং সমর্থনকারীর নাম ইত্যাদি মনোনয়নপত্রে যেরূপ উল্লেখ রহিয়াছে তাহার বিবরণী সম্বলিত নোটিশ রিটার্নিং অফিসারকে তাঁহার কার্যালয়ের প্রকাশ্য স্থানে টাঙ্গাইয়া জারী করিতে হইবে।

### ৩। মনোনয়নপত্র বাছাইয়ের পদ্ধতি :

(১) মনোনয়নপত্র বাছাইয়ের নির্দিষ্ট দিনে রিটার্নিং অফিসার আদেশের ১৪ অনুচ্ছেদের বিধান অনুসারে মনোনয়নপত্র বাছাইয়ের কাজ শেষ করিবেন। মনোনয়নপত্র বাছাইয়ের সময় আইন অনুসারে প্রার্থীগণ, তাঁহার নির্বাচনী এজেন্টগণ, প্রস্তাবকারী এবং সমর্থনকারী এবং প্রার্থী কর্তৃক নিযুক্ত (তিনি আইনজীবীও হইতে পারেন) যে কোন একজন ব্যক্তি উপস্থিত থাকিতে পরিবেন।

(২) পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত ব্যক্তিগণ যদি মনোনয়নপত্র পরীক্ষা করিয়া দেখিতে ইচ্ছা করেন তবে সে সুযোগ তাঁহাদিগকে প্রদান করিতে হইবে। উপস্থিত সকলের সম্মুখে রিটার্নিং অফিসার মনোনয়নপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং কেহ কোন মনোনয়নপত্র সম্বন্ধে আপত্তি উত্থাপন করিলে তাহা নিষ্পত্তি করিবেন। ইহা ছাড়াও কাহারো আপত্তির ভিত্তিতে অথবা স্ব-উদ্যোগে যুক্তিযুক্ত মনে করিলে যে কোন মনোনয়নপত্রের বৈধতা সম্পর্কে সংক্ষিপ্ত অনুসন্ধান পরিচালনা করিতে পারিবেন এবং মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি রিটার্নিং অফিসার সন্তুষ্ট হন যে—

(ক) প্রার্থী সংসদ সদস্য নির্বাচনের জন্য যোগ্য নহেন ;

(খ) প্রস্তাবকারী/সমর্থনকারী মনোনয়নপত্রে প্রস্তাব/সমর্থন করার যোগ্য নহেন ;

(গ) আদেশের ১২ এবং ১৩ অনুচ্ছেদের বিধানসমূহ যথাযথভাবে পালিত হয় নাই ; অথবা

(ঘ) প্রস্তাবকারী/সমর্থনকারীর দস্তখত আসল নহে।

কিন্তু সারবত্তাহীন ক্রটির জন্য কোন মনোনয়নপত্র বাতিল করা চলিবে না। যদি বাছাইয়ের সময় এমন কোন ক্রটি-বিচ্যুতি নজরে আসে তাহা হইলে মনোনয়নপত্র দাখিলকারীর দ্বারা উহা সংশোধন করাইয়া নিতে হইবে। কোন প্রার্থীর একটি মনোনয়নপত্র যদি বাতিল হইয়া যায় শুধু তজ্জনাই ঐ প্রার্থীর অন্য কোন বৈধ মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে না। অর্থাৎ শুধুমাত্র যে কোন একটি মনোনয়নপত্র বৈধ হইলেই তাহার প্রার্থী পদ অটুট থাকিবে। মনোনয়নপত্র গ্রহণ অথবা বাতিল প্রসঙ্গে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন। আদেশের ১৪ অনুচ্ছেদের (৩) দফার (ড) (iii) ক্রমিকের শর্ত অনুসারে ভোটার তালিকার কোন অন্তর্ভুক্তির গুরুতা অথবা বৈধতার প্রশ্নে কোন অনুসন্ধান চালানো যাইবে না।

(৩) মনোনয়নপত্র বাছাইকালে রিটার্নিং অফিসারকে সংবিধান এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর বিধানাবলীতে উল্লিখিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের যোগ্যতা-অযোগ্যতার বিষয়সমূহ অনুসরণ করিতে হইবে। যাহা হউক, সংবিধান এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর উদ্ধৃতাংশ নিম্নে উল্লেখ করা হল।

(১) সংবিধানের ৬৬ অনুচ্ছেদের বিধান অনুসারে কোন ব্যক্তি জাতীয় সংসদ-সদস্য পদে নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন ; এবং

(খ) তাহার বয়স ২৫ বৎসর বা তদূর্ধ্ব হয়।

কোন ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি

(ক) কোন উপযুক্ত আদালত তাহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন ;

(খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন ;

(গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিম্বা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন ;

- (ঘ) তিনি নৈতিক স্বলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অনূন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে ;
- (ঙ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন ; অথবা
- (চ) তিনি কোন আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন ।

তবে সংবিধানের এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না ।

(২) ১৯৭২ সনের গণপ্রতিনিধিত্ব আদেশ-এর ১২ (১) অনুচ্ছেদের প্রথম শর্তের বিধান অনুসারে কোন ব্যক্তি জাতীয় সংসদের সদস্য পদে নির্বাচিত হইবার এবং সদস্য থাকিবার অযোগ্য হইবেন, যদি তিনি—

- (ক) প্রজাতন্ত্রের অথবা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন তবে কোন ব্যক্তি কেবল প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না ।
- (১) তিনি এমন কোন ব্যক্তি হন যিনি অনুচ্ছেদে ৭৩, ৭৪, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪ ও ৮৬ এর অধীন কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হইয়া অনূন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং মুক্তিলাভের তারিখের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে ;
- (২) তিনি এমন কোন ব্যক্তি হন যাহার কোন আসনে নির্বাচন অনুচ্ছেদ ৬৩ এর দফা (১) এর উপ দফা (সি), (ডি) ও (ই) এ উল্লিখিত যে কোন কারণে অবৈধ বলিয়া ঘোষিত হয় এবং এইরূপ ঘোষণার তারিখের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে ;
- (৩) তিনি দুর্নীতির কারণে প্রজাতন্ত্রের বা কোন সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের কর্ম হইতে বরখাস্ত, অপসারিত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত হন এবং তাহার বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে ;



(খ) কোন সমবায় সমিতি ও সরকারের মধ্যকার চুক্তি ব্যতীত তাঁহার নিজের অথবা তাঁহার পক্ষে বা তাঁহার লাভের জন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ অথবা কোন অবিভক্ত হিন্দু পরিবারের সদস্য হিসাবে কোন চুক্তিতে তাঁহার কোন অংশ বা স্বার্থ থাকা অবস্থায়, সরকারের নিকট পণ্য সরবরাহ অথবা কোন চুক্তি বাস্তবায়নে অথবা সরকার কর্তৃক গৃহীত কোন সেবামূলক কার্যক্রম সম্পাদনে সরকারের সাথে চুক্তিবদ্ধ হয়।

(৩) আদেশের ১২ অনুচ্ছেদের (১) দফার দ্বিতীয় শর্তের বিধান অনুসারে আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সংসদ-সদস্য হিসাবে নির্বাচিত হইবার এবং সদস্য থাকিবার জন্য অযোগ্য হইবেন, যদি তিনি মনোনয়নপত্র দাখিলের দিন—

- (ক) বসবাসের নিমিত্তে কোন বাড়ী নির্মাণ করিতে ব্যাংক কর্তৃক গৃহীত ঋণ ব্যতিরেকে ব্যাংক প্রদত্ত অন্য কোন গৃহীত ঋণের অর্থ কিম্বা উক্ত ঋণের কিস্তি পরিশোধে খেলাপী থাকেন ;
- (খ) এমন কোন কোম্পানীর পরিচালক কিম্বা ফার্মের অংশীদার হইয়া থাকেন যাহারা কোন ব্যাংক হইতে গৃহীত ঋণের অর্থ বা ঋণের কোন কিস্তি পরিশোধে খেলাপী থাকেন ;
- (গ) অর্থ ঋণ আদালত আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪ নং আইন)-এ সংজ্ঞায়িত কোন আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হইয়া ব্যাংক হইতে গৃহীত কোন ঋণের অর্থ বা উক্ত ঋণের কিস্তি পরিশোধে খেলাপী থাকেন ;

উক্ত শর্ত বিধানের ব্যাখ্যা ৪-এ উল্লিখিত—

- (i) “ব্যাংক” বলিতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন)-এর ধারা ৫ (গ) তে সংজ্ঞায়িত যে কোন ব্যাংক কোম্পানী ;
- (ii) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১২৮) বলে গঠিত বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা ;
- (iii) বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ (১৯৭৩ সনের রাষ্ট্রপতির আদেশ নং ৭) বলে গঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ;

- (iv) দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অর্ডিন্যান্স, ১৯৭৬ (১৯৭৬ সনের ৪০ নং অর্ডিন্যান্স) বলে গঠিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

তাছাড়া দ্বিতীয় শর্ত বিধানের ব্যাখ্যা-৫ এ উল্লেখ আছে যে, কোন ব্যক্তি বা কোন কোম্পানী বা কোন ফার্ম দ্বিতীয় শর্তাংশের উল্লিখিত কোন ঋণ বা উহার কিস্তি পরিশোধে খেলাপী বলিয়া গণ্য হইবেন, যদি তিনি বা উহা ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন)-এর ধারা ৫(গগ) এ সংজ্ঞায়িত "খেলাপী ঋণ গ্রহীতা"-এর অর্থে খেলাপী হন বা হয়। [Representation of the People (Amendment) Ordinance, 2001 (অধ্যাদেশ নং ১, ২০০১) জারী হওয়ার প্রেক্ষিতে নতুন বিধান]

এতদ্ব্যতীত যেহেতু অধ্যাদেশ ১/২০০১-এর মাধ্যমে এসংক্রান্ত বিধান সংশোধন করা হইয়াছে সেহেতু প্রার্থীর যোগ্যতা, অযোগ্যতার বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়ার পূর্বে সংশোধনীসহ এই সংক্রান্ত আইনের বিধানসমূহ ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করিতে হইবে।

#### ৫। বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ :

আদেশের ১৫ অনুচ্ছেদ এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ৬ বিধি অনুসারে মনোনয়নপত্র বাছাইয়ের পর যে সকল প্রার্থীর মনোনয়নপত্র গৃহীত হইবে রিটার্নিং অফিসার তাহাদের বিবরণী নির্ধারিত ৪ নং ফরমে বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকায় সন্নিবেশিত করিয়া প্রকাশ করিবেন। প্রকাশিত তালিকা রিটার্নিং অফিসারের কার্যালয়ের দৃষ্টি আকর্ষণীয় স্থানে টাঙ্গাইয়া জারী করিতে হইবে এবং উক্ত তালিকার একটি অনুলিপি নির্বাচন কমিশন সচিবালয়েও প্রেরণ করিতে হইবে। স্মরণ রাখিতে হইবে যে, মনোনয়নপত্র বাতিল হইলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বাতিল আদেশের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন। আপীল গৃহীত হইলে রিটার্নিং অফিসারকে সংশ্লিষ্ট গৃহীত আপীল অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তির নাম বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকায় অন্তর্ভুক্ত করিয়া সংশোধিত বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ করিতে হইবে এবং সংশোধিত তালিকার একটি কপি নির্বাচন কমিশনে প্রেরণ করিতে হইবে।

#### ৬। আপীল :

(১) রিটার্নিং অফিসার কর্তৃক যদি আদেশের ১৪ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে কোন মনোনয়নপত্র বাতিল ঘোষিত হয় তবে নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ৫ বিধি অনুসারে মনোনয়নপত্র বাতিল আদেশের বিরুদ্ধে প্রার্থী স্বয়ং অথবা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা মনোনয়নপত্র বাতিল আদেশের পর ৩ দিনের মধ্যে নির্বাচন কমিশনকে উদ্দেশ্য করিয়া নির্বাচন কমিশন সচিবালয়-এর সচিব বরাবরে বিধিতে নির্ধারিত পদ্ধতি অনুসারে আপীল মেমোরেণ্ডাম আকারে ৫ কপি দাখিল করিতে হইবে। উক্ত আপীলে মনোনয়নপত্র বাতিলের তারিখ ও আপীলের কারণাবলী বর্ণনা করিতে হইবে এবং মনোনয়নপত্র বাতিল আদেশের সত্যায়িত কপি সংযোজন করিতে হইবে।

(২) যদি নির্বাচন কমিশন কর্তৃক আপীল গৃহীত হয় তবে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা সংশোধন করিয়া কমিশন কর্তৃক গৃহীত আপীলকারীর নাম বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকায় সন্নিবেশিত করিতে হইবে এবং সংশোধিত তালিকা প্রকাশ করিতে হইবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র বাতিল আদেশের বিরুদ্ধে আপীল থাকিলেও উহা গ্রহণের বিরুদ্ধে কোন আপীল নাই।

#### ৭। প্রার্থীপদ প্রত্যাহার :

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ১৬ অনুচ্ছেদের (১) দফা অনুসারে যে কোন বৈধভাবে মনোনীত প্রার্থী লিখিত এবং দস্তখতকৃত নোটিশের মাধ্যমে নির্ধারিত প্রার্থীপদ প্রত্যাহারের শেষ সময়-সীমার মধ্যে অথবা তৎপূর্বে তাঁহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন। তবে উক্ত প্রত্যাহারের নোটিশ সংশ্লিষ্ট প্রার্থীকে ব্যক্তিগতভাবে অথবা তাঁহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে প্রার্থীপদ প্রত্যাহারের জন্য নির্দিষ্ট শেষ দিনে অথবা তৎপূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে। প্রার্থীপদ প্রত্যাহারের নোটিশ প্রদানের ব্যাপারে যদি উল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে পালিত না হয় তাহা হইলে উক্ত নোটিশ কোনক্রমেই গ্রহণ করা চলিবে না। প্রার্থীপদ প্রত্যাহারের নোটিশ প্রাপ্তির সঙ্গে সঙ্গে যদি রিটার্নিং অফিসার সন্তুষ্ট হন যে দস্তখত সংশ্লিষ্ট প্রার্থীর তবে রিটার্নিং অফিসার উক্ত নোটিশের একটি অনুলিপি তাহার কার্যালয়ের দৃষ্টি আকর্ষণীয় স্থানে টাঙ্গাইয়া জারী করিবেন।

#### ৮। প্রার্থীর মৃত্যুবরণ :

যদি কোন বৈধভাবে মনোনীত প্রার্থী যিনি প্রার্থীপদ প্রত্যাহার করেন নাই এবং মৃত্যুবরণ করেন তাহা হইলে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ১৭(১) অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসারকে গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার নির্বাচন কার্যক্রম বাতিল করিতে হইবে। এইরূপ ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা নির্বাচন কমিশনকে জানাইতে হইবে। রিটার্নিং অফিসারের নিকট হইতে এরূপ সংবাদ প্রাপ্তির পর নির্বাচন কমিশনকে পুনরায় নির্বাচনী সময়সূচী জারী করিতে হইবে। ইহার পরিপ্রেক্ষিতে রিটার্নিং অফিসারকে পুনরায় গণ-বিজ্ঞপ্তি জারী করিয়া মনোনয়নপত্র গ্রহণ, মনোনয়নপত্র বাছাই, প্রার্থীপদ প্রত্যাহারের শেষ তারিখ এবং ভোট গ্রহণের তারিখ উল্লেখ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারী করিতে হইবে এবং সেই সঙ্গে প্রয়োজনীয় কার্যক্রম চালাইতে হইবে। তবে শর্ত থাকে যে, এইরূপ বাতিলকৃত নির্বাচনী সময়সূচীতে যাহারা মনোনয়নপত্র দাখিল করিয়াছেন তাঁহাদিগকে নতুন করিয়া মনোনয়নপত্র দাখিল করিতে হইবে না এবং জামানতের অর্থও জমা দিতে হইবে না।

## ৯। নির্বাচনী কার্যক্রম মূলতবীকরণ :

আদেশের ১৮ অনুচ্ছেদ অনুসারে কোন অপ্রত্যাশিত কারণে রিটার্নিং অফিসার যদি মনোনয়নপত্র গ্রহণ, বাছাই ও প্রার্থীপদ প্রত্যাহার সম্পর্কিত কাজ নির্দিষ্ট দিনে সম্পাদন করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি করণীয় কর্ম মূলতবী রাখিতে পারিবেন। পরবর্তীতে যত তাড়াতাড়ি সম্ভব, কমিশনের অনুমোদনক্রমে মূলতবী ঘোষিত কাজের জন্য নূতন করিয়া দিন রিটার্নিং অফিসারকে ধার্য করিতে হইবে।

## ১০। বিনা-প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন :

আদেশের ১৪ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র বাছাইয়ের পর মনোনয়নপত্র বাতিলের ফলে যদি কোন নির্বাচনী এলাকায় বৈধভাবে মনোনীত মাত্র একজন প্রার্থী হয়, অথবা আদেশের ১৬ অনুচ্ছেদ অনুসারে প্রার্থীপদ প্রত্যাহারের সময়-সীমা উত্তীর্ণ হইবার পর কেবলমাত্র একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী হন তবে রিটার্নিং অফিসার তাহাকে আদেশের ১৯ ধারা অনুসারে গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত নির্বাচনী এলাকার সদস্য হিসাবে নির্বাচিত ঘোষণা করিতে পারিবেন। সম্ভাব্য জটিলতা এড়াইবার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন গত হইবার পর সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা যাইবে এবং ঘোষণার পর আদেশের ১৯ (২) অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশনের নিকট একটি রিটার্ণ দাখিল করিতে হইবে। তবে শর্ত থাকে যে, মনোনয়নপত্র বাছাইয়ের পর যদি কোন ব্যক্তির মনোনয়নপত্র বাতিল হয় এবং ক্ষতিগ্রস্ত প্রার্থী মনোনয়নপত্র বাতিল আদেশের বিরুদ্ধে আপীল করিবার ইচ্ছা ব্যক্ত করেন, সেক্ষেত্রে আপীল দায়েরের সময়-সীমার মধ্যে ক্ষতিগ্রস্ত প্রার্থী আপীল দায়ের করিতেছে কিনা এবং আপীল দায়ের করিলে দায়েরকৃত আপীল গৃহীত না হইলে তাহা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে জানিবার পর রিটার্নিং অফিসার একমাত্র বৈধভাবে মনোনীত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করিতে পারিবেন। যদি দায়েরকৃত আপীল গৃহীত হয়, সেক্ষেত্রে উক্ত প্রার্থীর নাম বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকায় অন্তর্ভুক্ত করিয়া নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা প্রকাশ করিতে হইবে।

## ১১। নির্বাচনী প্রতীক বরাদ্দ :

(১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২০ অনুচ্ছেদ অনুসারে প্রার্থীপদ প্রত্যাহারের পর যদি কোন নির্বাচনী এলাকায় প্রার্থীর সংখ্যা একাধিক হয় তাহা হইলে রিটার্নিং অফিসার, কমিশনের নির্দেশ সাপেক্ষে, নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ৯ বিধিতে নির্ধারিত প্রতীকসমূহ হইতে প্রত্যেক প্রার্থীর অনুকূলে নিম্নরূপভাবে একটি করিয়া প্রতীক বরাদ্দ করিবেন।

## (২) প্রতীক বরাদ্দের পদ্ধতি :

- (ক) কোন নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনীত কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ক্ষেত্রে কমিশনকৃত এই আদেশ বা বিধিমালার অধীন ঐ দলের জন্য সংরক্ষিত প্রতীক বরাদ্দ করিবেন ;
- (কক) অন্যান্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ক্ষেত্রে কমিশনের কোন নির্দেশ সাপেক্ষে, প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে বিধি দ্বারা নির্ধারিত কোন প্রতীক বরাদ্দ করিবেন ; এবং ইহা করিবার সময় তিনি, যতদূর সম্ভব, কোন প্রার্থী কর্তৃক প্রকাশিত পছন্দের প্রতি নজর দিবেন ;
- (খ) কমিশন যেভাবে নির্দেশ দিবেন সেইভাবে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম বর্ণানুক্রমিকভাবে সাজাইয়া তাহাদের প্রত্যেকের বিপরীতে বরাদ্দকৃত প্রতীক সুস্পষ্টভাবে উল্লেখ করিয়া প্রকাশ করিবেন ;

তবে শর্ত থাকে যে, অনুচ্ছেদ ১১-এর দফা (১)-এর অধীন প্রজ্ঞাপন প্রকাশিত হইবার পর তিন দিনের মধ্যে উহার নিকট এতদুদ্দেশ্যে পেশকৃত কোন দরখাস্তে, কোন অনিবন্ধিত রাজনৈতিক দলের প্রার্থীগণকে বা দুই বা ততোধিক সংযুক্ত রাজনৈতিক দলের কাহারো নির্বাচনের জন্য যুক্ত প্রার্থী মনোনয়নে সম্মত হইয়াছেন, প্রার্থীগণকে বিধি দ্বারা নির্ধারিত কোন প্রতীক বরাদ্দ করিতে পারিবেন :

আরও শর্ত থাকে যে, দুই বা ততোধিক নিবন্ধিত রাজনৈতিক দলের সংযুক্তির ক্ষেত্রে, যাহার সহিত এক বা একাধিক অনিবন্ধিত দলও যোগদান করিয়া থাকিতে পারেন। কমিশন, অনুরূপ দরখাস্তে, উহাদের যে কোন দলের জন্য সংরক্ষিত প্রতীক, দরখাস্তে প্রকাশিত পছন্দ অনুসারে, অথবা সংযুক্ত দলসমূহ তেমন ইচ্ছা করিলে, অন্য যে কোন বিধি দ্বারা নির্ধারিত প্রতীক সংযুক্ত দলসমূহের প্রার্থীগণের জন্য বরাদ্দ করিবেন :

আরও শর্ত থাকে যে, যেক্ষেত্রে কোন রাজনৈতিক দল যাহার জন্য এই আদেশ বা বিধিমালার অধীন কমিশন কর্তৃক কোন প্রতীক সংরক্ষিত করা হইয়াছে বিভিন্ন প্রতিদ্বন্দ্বী উপ-দলে বিভক্ত হইয়া যায় এবং যাহাদের প্রত্যেকেই যে দলের জন্য উক্ত প্রতীক সংরক্ষিত করা হইয়াছে এবং মূলদল বলিয়া দাবী করেন এবং উহার জন্য প্রত্যেকটি সংরক্ষণের জন্যও দাবী জানান, সেইক্ষেত্রে বিবরণ সিদ্ধান্তের জন্য কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে, এবং ইহার উপর প্রতিদ্বন্দ্বী উপ-দলগুলিকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া প্রদত্ত, কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৩) রিটার্নিং অফিসার প্রত্যেক ভোটকেন্দ্রে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক লক্ষণীয়ভাবে প্রদর্শন করিবার ব্যবস্থা করিবেন।

(৪) আদেশের ১৬ অনুচ্ছেদের (৪) দফা এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ৭ বিধি অনুসারে প্রার্থীপদ প্রত্যাহারের সময়-সীমা যেদিন শেষ হইবে তাহার পরবর্তী দিন নির্ধারিত ৫ নং ফরমে রিটার্নিং অফিসার তাঁহার আওতাধীন প্রত্যেক নির্বাচনী এলাকার জন্য বাংলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা প্রস্তুত করিবেন। উক্ত তালিকায় প্রার্থীদের নাম (মনোনয়নপত্রে যে রূপ লেখা থাকিবে) বাংলা ভাষায় বর্ণানুক্রমে লিপিবদ্ধ করিতে হইবে এবং তাঁহাদের প্রত্যেকের নামের বিপরীতে ঠিকানা ও প্রতীক উল্লেখ থাকিবে। কাজেই প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রণয়ন করিবার পূর্বেই প্রতীক বরাদ্দের কাজ শেষ করিতে হইবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকার নির্দিষ্ট স্থানে ভোটগ্রহণের দিন এবং সময় উল্লেখ করিতে হইবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনে সকাল ৮টা হইতে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভোটগ্রহণের কাজ চলিবে।

(৫) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রণয়নের পর উহার এক কপি রিটার্নিং অফিসার তাঁহার অফিসের দৃষ্টি আকর্ষণীয় স্থানে টাঙ্গাইয়া দিবেন। উক্ত তালিকার এক কপি ৭(৩) বিধি অনুযায়ী প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁহার নির্বাচনী এজেন্টকে প্রদান করিতে হইবে। এতদভিন্ন প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকার দুই কপি পরিষ্কাররূপে তৈরী হইতে হইবে (যেমন পড়িতে কোন অসুবিধা না হয়) এবং বিশেষ বার্তাবাহক মারফত কমিশন কর্তৃক ধার্যকৃত সময়-সীমার মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছাইতে হইবে। এ ব্যাপারে যেন কোন রকম হেরফের না হয়।

(৬) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা নির্ভুলভাবে প্রণয়ন করিতে হইবে। কারণ তালিকায় ভুল তথ্য পরিবেশিত হইলে মুদ্রিত ব্যালট পেপারে উহার প্রতিফলন ঘটবে, যাহার পরিণতি মারাত্মক হইবে।

১২। মনোনয়নপত্র দাখিল, বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের তথ্য বিবরণী প্রেরণ :

মনোনয়নপত্র দাখিলের সময়-সীমা উত্তীর্ণ হইবার পর রিটার্নিং অফিসারকে তাঁহার আওতাধীন কোন নির্বাচনী এলাকায় কতজন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করিয়াছেন তাহার সংখ্যা ও নাম, পিতার নাম এবং বিস্তারিত ঠিকানা এই কমিশন সচিবালয়কে

টেলিফোন/ফ্যাক্স-এর মাধ্যমে জানাইতে হইবে। অনুরূপভাবে মনোনয়নপত্র বাছাইয়ের কাজ শেষ হওয়ার পর পরই কোন নির্বাচনী এলাকায় কত জনের মনোনয়নপত্র বাতিল হইয়াছে তাহাদের সংখ্যা এবং নাম নির্বাচন কমিশন সচিবালয়কে জানাইতে হইবে। প্রার্থীপদ প্রত্যাহারের সময়-সীমা অতিক্রান্ত হইবার পর কোন নির্বাচনী এলাকায় কতজন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করিয়াছেন তাহাদের নামও কমিশন সচিবালয়কে জানাইতে হইবে।

### ১৩। ভোটগ্রহণের সময়-সীমা নির্ধারণ :

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২৪ অনুচ্ছেদে উল্লেখ রহিয়াছে যে, রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোটগ্রহণের সময় নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারী করিবেন। অতএব নির্বাচন কমিশন যে সময়কালে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে সেই অনুসারে রিটার্নিং অফিসার ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণের সময়কাল নির্ধারণ করিয়া দিবেন।

## ষষ্ঠ পরিচ্ছেদ নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্ট

### নির্বাচনী এজেন্ট :

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২১ অনুচ্ছেদের (১) দফা অনুসারে একজন প্রার্থী সংসদে সদস্য নির্বাচিত হইবার যোগ্য যে কোন ব্যক্তিকে তাহার নির্বাচনী এজেন্ট নিয়োগ করিতে পারিবেন। তবে তাহাকে নিয়োগ সংক্রান্ত লিখিত নোটিশ রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিতে হইবে। উক্ত নোটিশে নির্বাচনী এজেন্টের নাম, পিতার নাম এবং ঠিকানা উল্লেখ থাকিতে হইবে। নির্বাচনী এজেন্টের নিয়োগপত্র প্রার্থী যে কোন সময় লিখিতভাবে বাতিল অথবা প্রত্যাহার করিতে পারিবেন এবং তাহার স্থলে অন্য একজনকে নিয়োগ করিতে পারিবেন। যদি কোন নির্বাচনী এজেন্টের মৃত্যু হয় তাহা হইলেও তাহার স্থলে প্রার্থী অন্য একজনকে নির্বাচনী এজেন্ট নিয়োগ করিতে পারিবেন। উল্লেখ্য যে, নির্বাচনী এজেন্ট নিয়োগ করিতে হইলে ঐ ব্যক্তিকে সংসদে সদস্য নির্বাচিত হইবার যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। যে ক্ষেত্রে প্রার্থী কোন নির্বাচনী এজেন্ট নিয়োগ করিবেন না সেক্ষেত্রে তিনি নিজেই তাহার নির্বাচনী এজেন্ট বলিয়া আইনের চোখে গণ্য হইবেন।

### ২। পোলিং এজেন্ট :

(১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২২(১) অনুচ্ছেদের বিধান অনুসারে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাহার নির্বাচনী এজেন্ট ভোটগ্রহণের পূর্বে প্রত্যেক ভোটকক্ষের জন্য পোলিং এজেন্ট নিয়োগ করিতে পারিবেন। উক্ত এজেন্ট নিয়োগ সংক্রান্ত লিখিত নোটিশ তাহাকে প্রিজাইডিং অফিসারের নিকট প্রেরণ করিতে হইবে। প্রিজাইডিং অফিসার কোন পোলিং এজেন্টকে গ্রহণ করিবেন না যদি না তিনি তাহাকে নিযুক্তকারী ব্যক্তি কর্তৃক প্রদত্ত তাহার নাম এবং যে প্রার্থীর জন্য তিনি পোলিং এজেন্ট নিযুক্ত হইয়াছেন তাহার নাম সম্বলিত একটি পরিচয়পত্র দেখান। তবে প্রিজাইডিং অফিসারকে এই মর্মে জানাইয়া দিতে হইবে যে, একটি ভোটকক্ষের জন্য একজন প্রার্থীর কেবলমাত্র একজন পোলিং এজেন্ট গ্রহণ করিতে হইবে।

(২) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর বর্ণিত নির্বাচন সংক্রান্ত কোন কাজ রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাহার নির্বাচনী এজেন্ট পোলিং এজেন্টের উপস্থিতিতে সম্পন্ন করিবার বিধান রহিয়াছে। মনে রাখিবেন যে, যদি কোন প্রার্থী অথবা তাহার নির্বাচনী এজেন্ট অথবা পোলিং এজেন্ট রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসার কর্তৃক কোন কাজ সম্পাদনের সময় উপস্থিত থাকিতে ব্যর্থ হন তাহা হইলেও উক্তরূপ অনুপস্থিতির দরুন বৈধভাবে সম্পাদিত ঐ সকল কাজ আইনসিদ্ধ বলিয়া গণ্য হইবে।

(৩) নির্বাচন কমিশন হইতে নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্টদের দায়িত্বাবলী সম্পর্কে বিশেষ নির্দেশাবলী লিফলেট আকারে প্রস্তুত করা হইয়াছে যাহা যথাসময়ে রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্টদের অনুসরণের জন্য বিতরণ করা হইবে।



## সশুম পরিচ্ছেদ পোস্টাল ব্যালটে ভোটদান

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২৭ অনুচ্ছেদের (২) দফা অনুসারে ভোটার তালিকা অধ্যাদেশ, ১৯৮২-এর ৮ ধারার (২), (৩) অথবা (৪) উপ-ধারায় বর্ণিত ভোটার হিসাবে তালিকাভুক্ত সরকারী বা পাবলিক অফিসে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী বা তাহাদের স্ত্রী বা স্বামী বা পুত্র বা কন্যা এবং সরকারী হেফাজতে বা জেলখানায় আটক ব্যক্তিগণ পোস্টাল ব্যালট পেপারে ভোটদানে ইচ্ছুক হইলে নির্বাচনী সময়সূচী জারীর পর ১৫ দিনের মধ্যে এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণ নির্বাচনের কাজে নিয়োগপ্রাপ্ত হইবার সঙ্গে সঙ্গে তাহাদের নির্বাচনী এলাকার রিটার্নিং অফিসারের নিকট ভোটদানের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেন। উক্ত আবেদন সম্বলিত দরখাস্তে ভোটারের নাম, ঠিকানা এবং ভোটার তালিকায় তাহার ক্রমিক নম্বর লিপিবদ্ধ করিতে হইবে।

২। রিটার্নিং অফিসার উল্লিখিত আবেদন প্রাপ্তির পর পরই সংশ্লিষ্ট ভোটারের নিকট একটি ব্যালট পেপার এবং তদসঙ্গে একটি ইনভেলাপ প্রেরণ করিবেন। উক্ত ইনভেলাপের উপর ভোটার কর্তৃক যথারীতি পূরণকৃত ইনভেলাপটি ডাক বিভাগের উপযুক্ত কর্মকর্তার দ্বারা সার্টিফিকেট অব পোস্টিং-এর মাধ্যমে ডাকযোগে প্রেরণের প্রত্যায়নসহ তারিখ উল্লেখ থাকিবে। সার্টিফিকেট অব পোস্টিং-এর মাধ্যমে পোস্টাল ব্যালট পেপার গ্রহণ এবং চিঠির উপর এ সম্পর্কে রাবার স্ট্যাম্পের সীল ব্যবহার করিতে হইবে।

৩। রিটার্নিং অফিসার সঙ্গে সঙ্গে ডাকযোগে ভোটদানের যোগ্য ব্যক্তিগণের নিকট ব্যালট পেপার প্রেরণ করিবেন এবং একই সাথে :-

- (ক) যাহার নিকট ব্যালট পেপার প্রেরণ করা হইবে তাহার নাম, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার নাম এবং ভোটার তালিকায় বর্ণিত ক্রমিক নম্বর ইস্যুকৃত ব্যালট পেপারের মুড়িপত্রে লিপিবদ্ধ করিবেন।
- (খ) সংশ্লিষ্ট ভোটকেন্দ্রে যাহাতে উল্লিখিত ভোটার ভোট প্রদান করিতে পারে তাহা নিশ্চিত করিবেন।

৪। ব্যালট পেপারের সঙ্গে রিটার্নিং অফিসার নিম্নোক্ত ফরমগুলি সংশ্লিষ্ট ভোটারের নিকট প্রেরণ করিবেন :-

- (ক) Form VIII-এ নির্ধারিত একটি ঘোষণা ফরম,
- (খ) Form IX-এ নির্ধারিত একটি ইনভেলাপ,
- (গ) Form X-এ নির্ধারিত রিটার্নিং অফিসারের উদ্দেশ্যে একটি বড় ইনভেলাপ, এবং
- (ঘ) Form XI-এ নির্ধারিত ভোটারের জন্য নির্দেশাবলী।

প্রত্যেক কর্মকর্তা যাহার অধীনে ও মাধ্যমে ডাকযোগে ব্যালট পেপার প্রেরণ করিতে হইবে তাহাকে অযথা বিলম্ব না করিয়া সঠিকভাবে পোস্টাল ব্যালট পেপারটি প্রাপকের নিকট পৌছানোর বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

৫। ব্যালট পেপারগুলি সকল ভোটারের নিকট প্রেরণ করিবার পর রিটার্নিং অফিসার ব্যালট পেপারগুলির মুড়িপত্র একটি প্যাকেটে সীলগালা করিয়া প্যাকেটের উপর প্যাকেটে রক্ষিত দ্রব্যাদির নাম, নির্বাচনী এলাকার নাম এবং সীলগালা করিবার তারিখ লিপিবদ্ধ করিবেন।

৬। ভোটার উক্ত ব্যালট পেপার প্রাপ্তির পর যাহাকে ভোট দিবেন ব্যালট পেপারে সেই প্রার্থীর নাম এবং প্রতীকের জন্য রক্ষিত জায়গায় পেন অথবা পেন্সিল দ্বারা ভোটদানের চিহ্নস্বরূপ ক্রস চিহ্ন (X) দিবেন। ব্যালট পেপারে ভোট রেকর্ড করিবার সময় ফরম-১১ (Form XI)-এ প্রদত্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক ফরম-৯ (Form IX)-এ নির্ধারিত ইনভেলাপে রাখিবেন।

৭। ভোটার তাঁহার সহিত ব্যক্তিগতভাবে পরিচিত বা কোন ব্যক্তির সন্তোষমতে সনাক্তকৃত একজন গেজেটেড অফিসার বা কমিশণ্ড অফিসার-এর সম্মুখে স্বাক্ষর সত্যায়নপূর্বক নির্ধারিত ফরম VIIIএ তাঁহার ঘোষণাপত্র স্বাক্ষর করিবেন। অশিক্ষিত এবং পক্ষু ভোটার ভোট রেকর্ডে এবং ঘোষণাপত্রে স্বাক্ষরদানে অক্ষম হইলে তিনি রিটার্নিং অফিসারের নিকট হইতে প্রাপ্ত ঘোষণাপত্রের ফরম এবং কভারসহ পোস্টাল

ব্যালট পেপারটি একজন গেজেটেড কর্মকর্তা অথবা কমিশণ কর্মকর্তার নিকট লইয়া আসিবেন এবং উক্ত কর্মকর্তাকে তাহার ব্যালট পেপারে তাহার পক্ষে ভোট রেকর্ড করাইতে এবং ঘোষণাপত্রে স্বাক্ষর দানের জন্য অনুরোধ করিতে পারেন। উক্ত কর্মকর্তা ভোটারের অনুরোধ অনুযায়ী ভোটারের উপস্থিতিতে ব্যালট পেপারে ভোটারের পক্ষে ভোট প্রদানের জন্য চিহ্ন দিবেন, ঘোষণা ফরমে স্বাক্ষর দিবেন এবং ফরম VIIIএ যথাযথভাবে প্রত্যয়নের কাজ সম্পন্ন করিবেন।

৮। যদি কোন ব্যালট পেপার প্রাপকের নিকট ডেলিভারী না হইয়া ফেরত আসে তবে রিটার্নিং অফিসার পুনরায় তাহার নিকট ব্যালট পেপার প্রেরণ করিতে পারিবেন। যদি কোন ব্যালট পেপার ভোটার কর্তৃক অনিচ্ছাকৃতভাবে নষ্ট হয় তবে রিটার্নিং অফিসার তাহার স্বাক্ষরে ব্যালট পেপার বাতিল করিতে পারিবেন।

৯। ফলাফল একত্রীকরণের সময় ডাকযোগে প্রাপ্ত ব্যালট পেপার গণনা করিবার জন্য রিটার্নিং অফিসারকে নির্বাচন পরিচালনা বিধিমালা (The Conduct of Elections Rules, 1972)-এর ২৫ বিধি (১০) উপ-বিধিতে পদ্ধতিগুলি অনুসরণ করিতে হইবে।

১০। অতএব, উল্লিখিত পদ্ধতিতে ডাকযোগে ভোটদানের যোগ্য ব্যক্তির যাহাতে ভোটাধিকার প্রয়োগ করিতে পারেন তাহা রিটার্নিং অফিসারকে নিশ্চিত করিতে হইবে।

**অষ্টম পরিচ্ছেদ**  
**নির্বাচনী দ্রব্যাদির ব্যবহার**

মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানাইবার সঙ্গে সঙ্গে রিটার্নিং অফিসারকে পর্যায়ক্রমে যে সকল ফরম ব্যবহার করিতে হইবে তাহার তালিকা নিম্নরূপ :-

- (১) ফরম-১ মনোনয়নপত্রের ফরম (সময়সূচী জারীর সঙ্গে সঙ্গে ইচ্ছুক প্রার্থীদের আবেদন অনুযায়ী সরবরাহ করিতে হইবে) ;
- (২) ফরম-২ জামানত বহি ;
- (৩) ফরম-৩ রসিদ (মনোনয়নপত্র দাখিলের সময় নগদ অর্থ গ্রহণে ব্যবহার করিতে হইবে) ;
- (৪) ফরম-৪ বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা ;
- (৫) ফরম-৫ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা ;
- (৬) ফরম-১৭এ প্রার্থীদের নির্বাচনে ব্যয় নির্বাহের জন্য সন্ধ্যা আয়ের উৎস বিবরণী ফরম ;
- (৭) ফরম-১৭বি প্রার্থীদের বাৎসরিক সম্পদ ও দায় এবং আয় ও ব্যয়ের হিসাব বিবরণী ফরম ;
- (৮) ফরম-১৭সি প্রার্থীদের নির্বাচনী ব্যয়ের রিটার্ন ফরম ;
- (৯) ফরম-১৭ডি প্রার্থী নিজেই তাহার নির্বাচনী এজেন্ট হইলে তাহার হলফনামা ফরম ;
- (১০) ফরম-১৭ই নির্বাচনী এজেন্ট নিয়োগ করিলে প্রার্থীর হলফনামা ;
- (১১) ফরম-১৭এফ নির্বাচনী এজেন্টের হলফনামা ফরম ।

২। পোস্টাল ব্যালট পেপার সংক্রান্ত বিষয়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রকাশের পর রিটার্নিং অফিসারকে যে সকল ফরম ব্যবহার করিতে হইবে তাহার বিবরণী নিম্নে উল্লেখ করা হইল :-

- (১) ফরম-৭ পোস্টাল ব্যালট পেপার ;

- (২) ফরম-৮ পোস্টাল ব্যালট পেপার ব্যবহারকারী ভোটারদের ঘোষণা ফরম ;
- (৩) ফরম-৯ পোস্টাল ব্যালট পেপারের প্রথম ইনভেলোপ ;
- (৪) ফরম-১০ পোস্টাল ব্যালট পেপারের দ্বিতীয় ইনভেলোপ ;
- (৫) ফরম-১১ পোস্টাল ব্যালট পেপার ব্যবহারের নির্দেশাবলী ।

৩। ফলাফল ঘোষণার সময় রিটার্নিং অফিসারকে যে সকল ফরম ব্যবহার করিতে হইবে তাহা নিম্নে উল্লেখ করা হইল :-

- (১) ফরম-১৬ প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ভোট গণনার হিসাব বিবরণীর ফরম ;
- (২) ফরম-১৭ নির্বাচনী রিটার্ন ফরম ।

৪। ভোটগ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে প্রয়োজনীয় নির্বাচনী সামগ্রী প্রিজাইডিং অফিসারগণকে সরবরাহ করিতে হইবে। নির্বাচনী দ্রব্যাদির মধ্যে প্রয়োজনীয় নির্বাচনী সামগ্রী নির্বাচন কমিশন হইতে যথাসময়ে রিটার্নিং অফিসারকে সরবরাহ করা হইবে। বেশ কিছু নির্বাচনী দ্রব্যাদি রিটার্নিং অফিসারকে স্থানীয়ভাবে ক্রয় এবং সংগ্রহ করিতে হইবে। যে হারে নির্বাচনী সামগ্রী ভোটকেন্দ্রে ব্যবহার করিতে হইবে তাহার বিবরণী এবং ব্যবহারের হার নিম্নে বর্ণিত তালিকায় উল্লেখ করা হইয়াছে :-

প্রত্যেক ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য যে সকল দ্রব্যাদি প্রয়োজন হইবে তাহার তালিকা।

### ১ম ভাগ

- |                                                                                 |                                                                                  |
|---------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------|
| (১) ব্যালট বাস                                                                  | [প্রতি ভোটকেন্দ্রের জন্য ছোট ২টি অথবা বড় একটি]                                  |
| (২) ভোটার তালিকা                                                                | [প্রতি ভোটকেন্দ্রের জন্য নির্দিষ্ট এলাকার এক কপি]                                |
| (৩) ব্যালট পেপার                                                                | [ভোটকেন্দ্রে যত ভোটার ভোট দিবেন তত ব্যালট পেপার]                                 |
| (৪) অমোচনীয় কালি                                                               | [প্রতি ভোটকেন্দ্রের জন্য এক শিশি এবং প্রতি কেন্দ্রের জন্য এক শিশি উদ্বৃত্ত]      |
| (৫) রাবারের সীলমোহর (অফিসিয়াল চিহ্ন)                                           | [প্রতি ভোটকেন্দ্রের জন্য একটি]                                                   |
| (৬) ভোটার কর্তৃক ব্যালট পেপার চিহ্নিত করিবার জন্য রাবারের সীলমোহর (মার্কিং সীল) | [প্রতি ভোটকেন্দ্রের জন্য একটি এবং প্রতি কেন্দ্রের জন্য একটি অথবা দুইটি উদ্বৃত্ত] |

- (৭) ষ্ট্যাম্প প্যাড [প্রতি ভোটকেন্দ্রের জন্য একটি]
- (৮) গালা [প্রতি কেন্দ্রের জন্য আধা পাউণ্ডের এক বাত্র]
- (৯) গিতলের সীলমোহর [প্রতি ভোট কেন্দ্রের জন্য একটি]
- (১০) ভোটকেন্দ্রের দ্রব্যাদি বহনের জন্য একটি চটের থলি। [প্রতি কেন্দ্রের জন্য একটি]
- (১১) মনিহারী দ্রব্যাদি বহনের জন্য একটি ছোট চটের থলি। [প্রতি কেন্দ্রের জন্য একটি]

## ২য় ভাগ

### ফরম :

- (১) ফরম-১১এ ইস্যুকৃত ও ব্যবহৃত ব্যালট বাস্তুর বিবরণী [প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি]
- (২) ফরম-১২ টেঞ্জার্ড ভোটের তালিকা [প্রতি ভোটকেন্দ্রের জন্য ২টি]
- (৩) ফরম-১৩ আপত্তিকৃত ভোটের তালিকা [প্রতি ভোটকেন্দ্রের জন্য ২টি]
- (৪) ফরম-১৪ ভোট গণনার বিবরণী [প্রতি কেন্দ্রের জন্য ১৫টি]
- (৫) ফরম-১৫ ব্যালট পেপারের হিসাব [প্রতি কেন্দ্রের জন্য ১২টি]
- (৬) আদেশের ২০(২) অনুচ্ছেদের বিধান অনুসারে ভোটকেন্দ্রে প্রদর্শনের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পোষ্টার (রিটার্নিং অফিসার স্থানীয়ভাবে ছাপাইয়া প্রিজাইডিং অফিসারদের নিকট সরবরাহ করিবেন)। [প্রতি কেন্দ্রের জন্য একটি]

### প্যাকেট :

- (১) প্যাকেট-১ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের পক্ষে প্রদত্ত বৈধ ব্যালট পেপার রাশিবার জন্য প্যাকেট। [প্রতি প্রার্থীর জন্য একটি। প্রয়োজনবোধে প্রতি কেন্দ্রের জন্য দুইটি উদ্ভূত।]
- (২) প্যাকেট-২ গণনা থেকে বাদ দেওয়া ব্যালট পেপারসমূহ রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (৩) প্যাকেট-৩ প্যাকেট-১ এবং প্যাকেট-২ রাশিবার জন্য প্রধান প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (৪) প্যাকেট-৪ অব্যবহৃত ব্যালট পেপারসমূহ রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]

- (৫) প্যাকেট-৫ বিনষ্ট ব্যালট পেপারসমূহ রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (৬) প্যাকেট-৬ টেগার্ড ব্যালট পেপারসমূহ রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ১০টি প্যাকেট  
প্রিজাইডিং অফিসারের নিকট থাকিবে এবং যে কক্ষে টেগার্ড ভোট প্রদত্ত হইবে সেই কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট প্রতি প্রার্থীর জন্য একটি হিসাবে সরবরাহ করিবেন।]
- (৭) প্যাকেট-৭ সকল প্যাকেট-৬ রাশিবার জন্য [প্রতি কেন্দ্রের জন্য ২টি প্রধান প্যাকেট।]
- (৮) প্যাকেট-৮ আপত্তিকৃত ব্যালট পেপারসমূহ রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ৪টি। এই সকল প্যাকেট প্রিজাইডিং অফিসারের নিকট থাকিবে।]
- (৯) প্যাকেট-৯ চিহ্নিত ভোটের তালিকার কপি সমূহ রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১০) প্যাকেট-১০ ব্যবহৃত ব্যালট পেপারের মুড়িপত্র রাশিবার জন্য প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১১) প্যাকেট-১১ টেগার্ড ভোটের তালিকা রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১২) প্যাকেট-১২ ইস্যুকৃত ও ব্যবহৃত ব্যালট বাস্তবের বিবরণী রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ৫টি]
- (১৩) প্যাকেট-১৩ আপত্তিকৃত ভোটের তালিকা রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১৪) প্যাকেট-১৪ ভোট গণনার হিসাব রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১৫) প্যাকেট-১৫ ব্যালট পেপারের হিসাব রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১৬) প্যাকেট-১৬ বিবিধ কাগজপত্র রাশিবার প্যাকেট। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]
- (১৭) বিশেষ খাম ভোটকেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশন সচিবালয়ে ভোট গণনার বিবরণী প্রেরণ করার জন্য খাম। [প্রতি কেন্দ্রের জন্য ২টি]

## ৩য় ভাগ

- (১) বল পয়েন্ট কলাম (স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে) [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (২) আধা দিম্বা সাদা কাগজ ও দুই শিট কার্বন কাগজ [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৩) ছুরি—১টি [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৪) সুই—(বড় সাইজের একটি) [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৫) সুতা—(ছোট এক বল) [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৬) মোমবাতি—(বড় সাইজের ৬টির এক প্যাকেট) [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৭) গামপট [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৮) দিয়াশলাই [প্রতি কর্মকর্তার জন্য একটি করিয়া]  
[স্থানীয়ভাবে ক্রয় করিতে হইবে।]
- (৯) হারিকেন—(ক্রয় করিবার প্রয়োজন নাই। প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে দশ টাকা নগদ প্রদান করিলে তাহারা প্রয়োজনীয় সংখ্যক হারিকেন ভাড়া করিয়া কাজ চলাইতে পারিবেন।)
- (১০) মুড়িপত্র হইতে ব্যালট পেশার পৃথক করিবার জন্য প্রতি ভোটকক্ষের জন্য একটি লোহা বা প্লাস্টিক অথবা বাঁশের তৈরী পাত।
- (১১) দেয়ালপত্র— (ক) “প্রবেশ” “বাহির”  
“ভোটকক্ষ নং ..... (পুরুষ)”  
“ভোটকক্ষ নং .....(মহিলা)” লিখিত প্র্যাকার্ড  
(খ) “প্রিজাইডিং অফিসার,” “সহকারী প্রিজাইডিং অফিসার,”  
“পোলিং অফিসার,” “পোলিং এজেন্ট” লিখিত প্র্যাকার্ড।



## ৪র্থ ভাগ

ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক যে সকল আসবাবপত্র রাখিতে হইবে :-

- (১) টেবিল,
- (২) চেয়ার,
- (৩) বেঞ্চ,

(৪) প্রতি ভোটকক্ষে ভোটারগণ যে গোপন কক্ষে ব্যালট পেপার চিহ্নিত করিবেন, সেই কক্ষ চাদর, চট অথবা চাটাই দ্বারা নির্মাণ করা যাইতে পারে। এই ব্যাপারে এইটুকু নিশ্চয়তা বিধান করিতে হইবে যে, ভোটারগণ ব্যালট পেপার চিহ্নিত করিবার সময় কেহ যেন দেখিতে না পায়।

**বিশেষ দ্রষ্টব্য :** কতিপয় গুরুত্বপূর্ণ দ্রব্য ও ফরমের ব্যবহার নিম্নে উল্লেখ করা হইল :

(১) **ব্যালট বাস্ক :** প্রতি ভোটকেন্দ্রের জন্য ছোট দুইটি অথবা বড় একটি ব্যালট বাস্ক সরবরাহ করিতে হইবে। উল্লিখিত পরিমাণ ব্যালট বাস্কই কেন্দ্রের জন্য যথেষ্ট হইবে। তবুও কোন নির্বাচনী এলাকার প্রার্থীর সংখ্যার আধিক্য থাকিলে ব্যালট পেপারের আকৃতিও স্বভাবতঃই বড় হইবে। এই অবস্থায় ব্যালট পেপারের আকৃতি অনুযায়ী সরবরাহকৃত ব্যালট বাস্কের ধারণক্ষমতা রিটার্নিং অফিসারকে অনুমান করিতে হইবে। তেমনিভাবে প্রার্থীর সংখ্যা কম হইলে ব্যালট পেপারের আকৃতিও ছোট হইবে। সেক্ষেত্রে ব্যালট বাস্কের পরিমাণও কম হইতে পারে। সাধারণতঃ ছোট একটি ব্যালট বাস্ক ৩০০ হইতে ৪০০টি এবং বড় ব্যালট বাস্ক ৭০০ হইতে ৮০০টি সাধারণ সাইজের ব্যালট পেপারের ধারণক্ষমতা রাখে। আরও স্মরণ রাখা প্রয়োজন যে, ব্যালট বাস্কগুলি সকল জেলা সদরে জেলা নির্বাচন অফিসারের হেফাজতে রহিয়াছে যাহা রিটার্নিং অফিসারকে ভোট গ্রহণের পূর্বে পরীক্ষা করিয়া নিতে হইবে। ব্যালট বাস্কগুলি বিতরণের কাজ রিটার্নিং অফিসার স্বয়ং করিতে পারেন অথবা তিনি সহকারী রিটার্নিং অফিসারগণের মাধ্যমেও সম্পন্ন করিতে পারেন। কোন ত্রুটিপূর্ণ ব্যালট বাস্ক কেন্দ্রে সরবরাহ করা সমীচীন হইবে না। কারণ ইহাতে ভোটগ্রহণের সময় অনেক জটিল পরিস্থিতির সৃষ্টি হইবে।

(২) ফরম : সমগ্র নির্বাচনী কার্যক্রমে রিটার্নিং অফিসারকে এবং প্রিজাইডিং অফিসারগণকে বিভিন্ন প্রকার ফরম ব্যবহার করিতে হইবে। সুতরাং নির্বাচনের জন্য যে সকল ফরম ব্যবহারের জন্য সরবরাহ করা হইবে তাহার প্রত্যেকটির ব্যবহার সম্পর্কে রিটার্নিং অফিসারকে অনুশীলন করিতে হইবে এবং ভোটিংগ্রহণকারী সদস্যগণকেও ফরমগুলি অনুশীলন করিতে নির্দেশ দিবেন। আরো স্বরণ রাখা প্রয়োজন যে, নির্বাচন কমিশন হইতে বিভিন্ন প্রকার মুদ্রিত ফরম সরবরাহ করা হইবে তাহার কোন কোনটির ঘাটতি দেখা দিতে পারে এবং অনেক ক্ষেত্রে প্রার্থীর সংখ্যা বেশী হইলে প্রার্থী কিংবা তাহাদের নির্বাচনী এজেন্ট কিংবা পোলিং এজেন্টকে বিধি অনুযায়ী ফরমের অনুলিপি সরবরাহ করিতে ফরমের ঘাটতি দেখা দিতে পারে। সেই সব ক্ষেত্রে মুদ্রিত ফরমের অনুরূপ টাইপকৃত ফরম বা হস্তলিখিত ফরমে তথ্যাদি সন্নিবেশন করিয়া সত্যায়িত অনুলিপিও প্রদান করা চলিবে। অথবা যে সকল ফরমের সঙ্গে অন্য ফরমের সামঞ্জস্য রহিয়াছে তাহাতে প্রয়োজনীয় সংশোধন করিয়া কাজ চালানো যাইতে পারে।

(৩) মনিহারী দ্রব্যাদি : কিছু কিছু নির্বাচনী দ্রব্যাদি, যথা—বল পয়েন্ট কলম, সাদা কাগজ, ছুরি, সুই, সুতা, মোমবাতি, গামপট, দিয়াশলাই, হারিকেন, দেয়ালপত্র “প্রবেশ” “বাহির” “ভোট কক্ষ নং.....”(মহিলা)”, “প্রিজাইডিং অফিসার”, “সহকারী প্রিজাইডিং অফিসার”, “পোলিং অফিসার” ইত্যাদি স্থানীয়ভাবে সংগ্রহ করিতে হইবে। উল্লিখিত নির্বাচনী সামগ্রী স্থানীয়ভাবে ক্রয়/সংগ্রহের জন্য যথাসময়ে নির্বাচন কমিশন হইতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হইবে। ভোটিংগ্রহণের দিনের ন্যূনতম ৭ দিন পূর্বে ভোটিংগ্রহণের যাবতীয় কার্যাদি শেষ করিবার ব্যবস্থা সম্পন্ন করিতে হইবে।

(৪) ব্যালট পেপার ও অন্যান্য দ্রব্যাদির সংরক্ষণ : কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচী অনুসারে রিটার্নিং অফিসার জেলা নির্বাচন অফিসারকে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরীসহ ব্যালট পেপার এবং অন্যান্য নির্বাচনী সামগ্রী সংগ্রহের জন্য নির্বাচন কমিশন সচিবালয় এবং সরকারী মুদ্রণালয়, ঢাকায় প্রেরণ করিবেন। এই সমস্ত মালামাল গ্রহণের জন্য রিটার্নিং অফিসার তাহাকে একটি লিখিত নির্দেশপত্র দিবেন।

ব্যালট পেপার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা অনুযায়ী মুদ্রিত হইয়াছে কিনা তাহা সরকারী মুদ্রণালয় হইতে গ্রহণের সময় জেলা নির্বাচন অফিসারকে যাচাই করিয়া গ্রহণ করিতে হইবে। সুতরাং প্রত্যেক নির্বাচনী এলাকার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা সঙ্গে আনিতে জেলা নির্বাচন অফিসারকে পরামর্শ দিবেন। সেই সঙ্গে নির্বাচনী এলাকার প্রকৃত ভোটার সংখ্যার বিবরণীও তাহাকে সঙ্গে আনিতে পরামর্শ দিতে হইবে। প্রেরিত কর্মকর্তা প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা ভোটার সংখ্যা অনুযায়ী ব্যালট পেপার মুদ্রিত হইয়াছে কিনা তাহা যাচাই করিয়া সংগ্রহ করিতে হইবে।

ব্যালট পেপার এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করিতে হইবে এবং সকল পর্যায়ে যাহাতে ব্যালট পেপার, মার্কিং সীল এবং অফিসিয়াল সীলের গোপনীয়তা রক্ষিত হয় তাহার নিশ্চয়তা বিধান করিবেন।

(৫) প্রিজাইডিং অফিসারের বসিবার স্থান : প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রের এমন স্থানে বসিবেন যে স্থান হইতে তিনি ভোটকেন্দ্রে ভোটগ্রহণের কার্যাদি সহজেই পর্যবেক্ষণ এবং তদারকী করিতে পারেন সেই মর্মে রিটার্নিং অফিসার প্রিজাইডিং অফিসারকে নির্দেশ দিবেন।

(৬) রিজার্ভ ভোটগ্রহণকারী কর্মকর্তা : ভোটকেন্দ্রে আকস্মিক প্রয়োজন মিটাইবার জন্য রিটার্নিং অফিসারকে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ভোট গ্রহণকারী কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য রিজার্ভ ফোর্স হিসাবে নিয়োজিত রাখিতে হইবে।

(৭) ভোটগ্রহণকারী সদস্যদের যানবাহনের ব্যবস্থা : রিটার্নিং অফিসারকে ভোটগ্রহণকারী দলের সদস্যগণের দ্বারা নির্বাচনী দ্রব্যাদি ভোটকেন্দ্রে প্রেরণ এবং ফেরত আনিবার জন্য যানবাহনের ব্যবস্থা রাখিতে হইবে। এই উদ্দেশ্যে তাহাকে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা পূর্বাঙ্কেই সমাধা করিতে হইবে। এই উদ্দেশ্যে ভোটগ্রহণকারী দলের সদস্যদের সংখ্যা নির্বাচনী দ্রব্যাদি ভোটকেন্দ্রে প্রেরণ এবং তথা হইতে গন্তব্য স্থানে ফেরত আনিবার জন্য পরিকল্পনা করিতে হইবে।

(৮) ভোটগ্রহণকারী দলের সদস্যগণের আবাসিক ও খাবারের ব্যবস্থা : সাধারণতঃ ভোটগ্রহণকারী দলের সদস্যগণকে ভোটকেন্দ্রেই থাকিবার ব্যবস্থা করিতে হইবে এবং তাহারা যাহাতে ভোটকেন্দ্রে খাবার ও পানির বন্দোবস্ত করিতে পারে তাহার জন্য বিশেষ নির্দেশ দিতে হইবে।

(৯) ভোটকেন্দ্রে প্রদর্শনের জন্য পোস্টারের ব্যবস্থাপনা : গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ২০(২) অনুচ্ছেদ অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পোস্টার প্রত্যেক ভোটকেন্দ্রে প্রদর্শন করিতে হইবে। সুতরাং রিটার্নিং অফিসার স্থানীয়ভাবে প্রয়োজনীয় সংখ্যক পোস্টার ছাপাইয়া ভোটকেন্দ্রে প্রদর্শনের জন্য প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণ করিবেন।

## নবম পরিচ্ছেদ

### নির্বাচনের দিন বেসরকারী ফলাফল সরবরাহ

ভোটগ্রহণের দিন নির্বাচনের বেসরকারী ফলাফল নির্বাচন কমিশন সরাসরি সকল জাতীয় প্রচার মাধ্যমের সাহায্যে প্রচার করিবে। নির্বাচনের বেসরকারী ফলাফল সংগ্রহ ও সরবরাহের বিষয়ে নির্বাচন কমিশন যথাসময়ে সিদ্ধান্ত গ্রহণপূর্বক রিটার্নিং অফিসারদের অবগত করাইবেন। বেসরকারী ফলাফল সংগ্রহ ও সরবরাহের সম্ভাব্য চিত্র হইল যে, ফলাফল সংগ্রহ করিবার উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি “কেন্দ্রীয় ফলাফল সংগ্রহ ও সরবরাহ কেন্দ্র” থাকিবে এবং প্রত্যেক রিটার্নিং অফিসারের কার্যালয়েও একটি করিয়া “ফলাফল সংগ্রহ ও সরবরাহ কেন্দ্র” থাকিবে। রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত “ফলাফল সংগ্রহ ও সরবরাহ কেন্দ্র” হইতে সর্বশেষ নির্বাচনী ফলাফল না পাওয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের “কেন্দ্রীয় ফলাফল সংগ্রহ ও সরবরাহ কেন্দ্রে” বিরতিহীনভাবে ফলাফল সংগ্রহের কাজ চলিতে থাকিবে। ফলাফল নিম্নলিখিত দুই পর্যায়ে সংগ্রহ করা হইবে :-

- (ক) ভোটকেন্দ্র হইতে সহকারী রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসার-এর কার্যালয় ; এবং
- (খ) রিটার্নিং অফিসারের কার্যালয় হইতে নির্বাচন কমিশন সচিবালয়।

২। প্রিজাইডিং অফিসার ভোট গণনা শেষ হইবার সঙ্গে সঙ্গে বেসরকারী ফলাফল সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারকে নিম্নলিখিত পদ্ধতির মাধ্যমে অবহিত করিবেন :-

- (ক) বিশেষ বার্তাবাহক : যেখানে টেলিফোন বা অয়ারলেস বার্তা প্রেরণের ব্যবস্থা নাই সেখানে প্রিজাইডিং অফিসার বিশেষ বার্তাবাহক দ্বারা ভোট গণনার বিবরণী ও বেসরকারী ফলাফল সরাসরি অথবা সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে রিটার্নিং অফিসারকে পৌছাইয়া দিবেন। দূরত্ব কম হইলে প্রিজাইডিং অফিসার সরাসরি রিটার্নিং অফিসারের নিকট ফলাফল পৌছাইয়া দিতে পারিবেন।

(খ) টেলিফোন : যেখানে টেলিফোনের ব্যবস্থা আছে, সেখানে প্রিজাইডিং অফিসার অবশ্যই টেলিফোনের মাধ্যমে ভোট গণনার বেসরকারী ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন।

(গ) অয়ারলেস : যে যে স্থানে অয়ারলেস সার্ভিসের ব্যবস্থা রহিয়াছে সেই সমস্ত স্থানে প্রিজাইডিং অফিসার অয়ারলেসে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট ভোট গণনার বেসরকারী ফলাফল জানাইবেন। নির্বাচনের ফলাফল জানাইবার সময় অত্যন্ত সতর্ক দৃষ্টি রাখিতে হইবে, যাহাতে কোন অবস্থাতেই ভুল তথ্য পরিবেশিত না হয়।

৩। ভোট কেন্দ্র হইতে সরাসরি ডাকযোগে ফলাফল প্রেরণ : গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৩৬ অনুচ্ছেদের (১৫) দফার বিধান [গণপ্রতিনিধিত্ব (সংশোধনী) অধ্যাদেশ, ২০০১ দ্বারা সংশোধিত] অনুসারে প্রিজাইডিং অফিসার ভোট কেন্দ্র হইতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে ভোট গণনার বিবরণী ১ (এক) কপি প্রেরণ করিবে। ইহার জন্য প্রতি কেন্দ্রে ২টি করিয়া বিশেষ খাম সরবরাহ করিতে হইবে। নির্বাচন কমিশন সচিবালয় হইতে প্রয়োজনীয় সংখ্যক মুদ্রিত খাম রিটার্নিং অফিসারগণের নিকট প্রেরণ করিবে। ভোট গ্রহণের দিন পোস্ট অফিসসমূহ যাহাতে সারা রাত্রি খোলা রাখিয়া বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছানোর ব্যবস্থা করে তার জন্য নির্বাচন কমিশন সচিবালয় ডাক বিভাগকে বিশেষ নির্দেশনা প্রদান করিবে।

৪। রিটার্নিং অফিসার প্রিজাইডিং অফিসারদের নিকট হইতে প্রাপ্ত নির্বাচনী ফলাফল একীকৃত করিয়া নির্বাচন কমিশন সচিবালয়ে প্রতি এক ঘণ্টা অন্তর টেলিফোনের মাধ্যমে এবং ফ্যাক্সের মাধ্যমে জানাইবেন।

## দশম পরিচ্ছেদ

রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একত্রীকরণ, ফলাফল ঘোষণা এবং  
নির্বাচনী কাগজপত্রাদির ব্যবস্থাপনা।

১। রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একত্রীকরণের কার্যাবলী : (ক) ভোট গণনার কাজ শেষ হইবার পর পরই ব্যবহৃত ব্যালট পেপার ভর্তি সীলগালাকৃত বিভিন্ন ধরনের প্যাকেট, ভোট গণনার বিবরণী, ব্যালট পেপারের হিসাব সরাসরি অথবা সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে সকল প্রিজাইডিং অফিসারের নিকট হইতে গ্রহণ করিবার সঙ্গে সঙ্গে রিটার্নিং অফিসার উক্ত দলিল-দস্তাবেজের ভিত্তিতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৩৭ অনুচ্ছেদের বিধান অনুসারে প্রত্যেক নির্বাচনী এলাকার ফলাফল একীকৃত করিবেন। উক্ত কাজ সম্পাদনের পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাঁহার নির্বাচনী এজেন্টকে লিখিত নোটিশের মাধ্যমে ফলাফল একত্রীকরণের স্থান ও সময় রিটার্নিং অফিসারকেই জানাইয়া দিতে হইবে। নির্দিষ্ট সময় ও দিনে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং নির্বাচনী এজেন্টদের সম্মুখে আইন ও বিধি দ্বারা নির্ধারিত নিয়মে রিটার্নিং অফিসার ফলাফল একত্রীকরণ করিবেন। ফলাফল একত্রীকরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত যে সকল পোস্টাল ব্যালট পেপার তাঁহার নিকট পৌঁছিতে সেইগুলি প্রিজাইডিং অফিসারদের নিকট হইতে প্রাপ্ত ফলাফলের সহিত নির্বাচন পরিচালনা বিধিমালা, ১৯৭২-এর ২৫ বিধির (১০) উপ-বিধিতে নির্দেশিত পদ্ধতিতে যোগ করিয়া রিটার্নিং অফিসার প্রত্যেক প্রার্থীর ফলাফল নির্ধারণ করিবেন।

(খ) ফলাফল একত্রীকরণের সময় যে সমস্ত ব্যালট পেপার প্রিজাইডিং অফিসার গণনা হইতে বাদ দিয়াছেন সেই ব্যালট পেপারগুলি রিটার্নিং অফিসারকে পরীক্ষা-নিরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং যদি ইহাদের মধ্যে বৈধ ভোট পাওয়া যায় তাহা হইলে উহা বৈধ ভোটের সহিত যোগ করিতে হইবে।

(গ) আদেশের ৩৮ অনুচ্ছেদ অনুসারে যদি কোন নির্বাচনী এলাকার ফলাফল একীকৃত করিবার পর দেখা যায় যে, দুই বা দুইয়ের অধিক প্রার্থী সমসংখ্যক ভোট পাইয়াছেন তাহা হইলে রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ লটারীর মাধ্যমে ফলাফল নির্ধারণ করিবেন। 'লট' যাহার অনুকূলে পড়িবে তিনি সর্বোচ্চ ভোট পাইয়াছেন বলিয়া ধরিয়া লইতে হইবে। অতঃপর তাঁহাকে নির্বাচিত ঘোষণা করিতে হইবে। লটারী অবশ্যই রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট প্রার্থী এবং তাঁহাদের নির্বাচনী এজেন্টদের উপস্থিতিতে করিবেন এবং উক্ত লটারী সম্পর্কিত কার্য-বিবরণীও লিপিবদ্ধ করিবেন। লিপিবদ্ধকৃত কার্য-বিবরণীতে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাঁহাদের নির্বাচনী এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।

২। ভোট পুনঃগণনা : স্বরণ রাখিতে হইবে যে, আদেশের ৩৭ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে ফলাফল একীকৃত করিবার সময় প্রিজাইডিং অফিসার কর্তৃক গণনাকৃত বৈধ ব্যালট পেপার রিটার্নিং অফিসার পুনঃগণনা করিতে পারিবেন না, যদি না কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কিম্বা নির্বাচনী এজেন্ট লিখিতভাবে প্রিজাইডিং অফিসার কর্তৃক গণনাকৃত ফলাফলের যথার্থতা সম্পর্কে চ্যালেঞ্জ করেন এবং রিটার্নিং অফিসারের নিকট উক্ত আবেদনের যথার্থতা অনুভূত হয় অথবা নির্বাচন কমিশন পুনঃগণনা করিবার জন্য নির্দেশ দেন।

৩। নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা : নির্বাচনের ফলাফল নির্ধারণের পর আদেশের ৩৯(১) অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসার গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করিবেন। উক্ত গণ-বিজ্ঞপ্তিতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম এবং তিনি কত ভোট (সংখ্যা ও কথায় লিখিতে হইবে) পাইয়াছেন তাহার উল্লেখ থাকিবে। অতঃপর একজন দায়িত্ববান কর্মকর্তার মাধ্যমে কমিশন কর্তৃক ধার্যকৃত তারিখের মধ্যে বা তৎপূর্বে ফলাফলের একীকৃত বিবরণীসহ একটি রিটার্ন (প্রত্যেক নির্বাচনী এলাকার জন্য পৃথক পৃথক রিটার্ন) অবশ্যই নির্বাচন কমিশন সচিবালয়ে পৌছাইবার ব্যবস্থা করিতে হইবে।

৪। ফলাফল গণনার পর প্যাকেটসমূহ পুনঃসীল করিবার ব্যবস্থা : আদেশের ৪০ অনুচ্ছেদ অনুসারে ফলাফলের একীকৃত বিবরণী ও নির্বাচনী রিটার্ন বিধি অনুসারে প্রস্তুত করিবার পর যে সমস্ত প্যাকেট ফলাফল একত্রীকরণের জন্য খোলা হইয়াছে সেইগুলিতে ব্যালট পেপার ও ইত্যাদি পুনরায় ভর্তি করিয়া সীলগালা করিতে হইবে। সীলগালাকৃত প্যাকেটে যদি উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁহাদের নির্বাচনী এজেন্ট দস্তখত এবং সীলমোহর সংযুক্ত করিতে চাহেন, তবে তাহা অবশ্যই করিতে দিতে হইবে। ইহা ছাড়া যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাঁহাদের নির্বাচনী এজেন্ট ফলাফল একীকৃত বিবরণের কপি দাবী করেন তাহা হইলে তাঁহাদিগকে উহা প্রদান করিতে হইবে।

## একাদশ পরিচ্ছেদ

নির্বাচনী পরিচালনায় নির্বাচন কমিশনের সাংবিধানিক,  
আইনগত এবং বিধিগত দায়িত্বাবলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৯ অনুচ্ছেদের বিধান অনুসারে সংসদ নির্বাচনের জন্য ভোটার তালিকা প্রস্তুতকরণের তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং অনুরূপ নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর ন্যস্ত থাকিবে এবং নির্বাচন কমিশন এই সংবিধান ও আইনানুযায়ী অন্যান্য পদের নির্বাচনের ন্যায় সংসদ সদস্যদের নির্বাচন অনুষ্ঠান করিবেন।

২। সংবিধানের ১২০ অনুচ্ছেদের বিধান অনুযায়ী নির্বাচন কমিশনের উপর ন্যস্ত দায়িত্ব-পালনের জন্য যেরূপ কর্মচারীর প্রয়োজন হইবে, নির্বাচন কমিশন অনুরোধ করিলে রাষ্ট্রপতি নির্বাচন কমিশনকে সেইরূপ কর্মচারী প্রদানের ব্যবস্থা করিবেন।

৩। সংবিধানের ১২৬ অনুচ্ছেদের বিধান অনুসারে নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের কর্তব্য হইবে।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ : নির্বাচনের সঙ্গে জড়িত কর্মকর্তা, কর্মচারী ও আইন-শৃংখলা বাহিনীর সদস্যদের উপর নির্বাচন কমিশনের নিয়ন্ত্রণ :-

- (১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৩ অনুচ্ছেদ অনুসারে উল্লিখিত আদেশের বিধানাবলী সাপেক্ষে নির্বাচন কমিশন ইহার নিজস্ব পদ্ধতি নিয়ন্ত্রণ করিবে। উক্ত আদেশের ৫ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন যে কোন ব্যক্তি অথবা কর্তৃপক্ষকে তাহার যেরূপ দায়িত্ব পালনে এবং যেরূপ সহায়তা প্রদানের প্রয়োজন সেইরূপ দায়িত্ব বা সহায়তা প্রদানের জন্য নির্দেশ দিতে পারিবেন। প্রজাতন্ত্রের সকল নির্বাহী কর্তৃপক্ষ নির্বাচন কমিশনের কার্যাদি পরিচালনায় সহায়তা প্রদান করিবেন এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর উদ্দেশ্যাবলী সাধনকল্পে রাষ্ট্রপতি নির্বাচন কমিশনের সহিত পরামর্শক্রমে নির্বাচন কমিশন যেরূপ প্রয়োজন সেইরূপ নির্দেশ জারী করিবেন।



(২) নির্বাচনের সঙ্গে জড়িত যে সকল কর্মকর্তা, পাবলিক বা সরকারী কর্মচারী এবং নির্বাচনের দায়িত্বে নিয়োজিত আইন-শৃংখলা বাহিনীর সদস্য সূত্রে এবং নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে বাধাদান করেন কিংবা বাধাদানের চেষ্টায় লিপ্ত হন অথবা ভোটদানের সময় কোন পোলিং কর্মকর্তা বা ভোটারের উপর প্রভাব বিস্তার করেন বা এমন কার্যকলাপ করেন যাহা পরিকল্পিতভাবে নির্বাচনী ফলাফলকে প্রভাবান্বিত করে সেই সকল কর্মকর্তা, কর্মচারী বা আইন-শৃংখলা বাহিনীর সদস্যগণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কারণাবলী লিপিবদ্ধ করিয়া যে কোন সময় নির্বাচনের দায়িত্ব হইতে অব্যাহতি দিতে পারিবেন। এইরূপভাবে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিগণের/কর্মকর্তাদের বিরুদ্ধে কমিশন যেরূপ বিবেচনা মনে করিবেন সেইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এইরূপ অব্যাহতিপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারী এবং আইন-শৃংখলা বাহিনীর সদস্যদের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন তাহাদের সংশ্লিষ্ট উপযুক্ত কর্মকর্তাকে নির্দেশ দিতে পারিবেন।

(৩) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৪৪ই অনুচ্ছেদ অনুসারে নির্বাচনের জন্য সময়সূচী জারীর পর হইতে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ দিন সময়কালে—

(ক) জেলা জজের নিম্নে কর্তব্যরত বিচার বিভাগীয় কর্মকর্তা ;

(খ) জেলা প্রশাসক ;

(গ) পুলিশ সুপার ; অথবা

(৪) উপরে বর্ণিত কর্মকর্তাদের অধীনে জেলায় কর্তব্যরত কোন কর্মকর্তাকে নির্বাচন কমিশনের অনুমতি ছাড়া জেলার বাহিরে কোন অবস্থায় বদলী করা যাইবে না, যদি না নির্বাচন কমিশন লিখিতভাবে কোন কর্মকর্তার অন্যান্য বদলী সূত্রে নির্বাচনের স্বার্থে প্রয়োজনীয় বলিয়া মনে করেন।

(৫) আদেশের ৯ অনুচ্ছেদ অনুযায়ী বর্ণিত প্রস্ততকৃত প্যানেলে যে সমস্ত কর্মকর্তা বা কর্মচারীর নাম অন্তর্ভুক্ত রহিয়াছে তাহাদিগকে ভোটগ্রহণ না হওয়া পর্যন্ত রিটর্নিং অফিসারের পূর্বানুমতি ছাড়া জেলার বাহিরে বদলী করা যাইবে না।

(৬) পূর্ববর্তী উপ-অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ নির্বাচনের উদ্দেশ্যে রিটার্নিং অফিসারের প্রয়োজন অনুসারে সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করিবেন।

(৭) ৯১ অনুচ্ছেদ অনুসারে—

(ক) বল প্রয়োগ, ভয় প্রদর্শন এবং চাপসহ অন্যায় আচরণমূলক কার্যকলাপ বিদ্যমান থাকিবার কারণে সুষ্ঠু, সুন্দর এবং আইনসম্মতভাবে নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা সম্ভব হয় নাই বলিয়া প্রতীয়মান হইলে সেক্ষেত্রে নির্বাচন কমিশন যে কোন পর্যায়ে যে কোন ভোটকেন্দ্রের ভোটগ্রহণ বন্ধ ঘোষণা করিতে পারেন ;

(খ) ব্যালট পেপার বাতিল বা গ্রহণ ছাড়াও আইন ও বিধি অনুযায়ী যে কোন কর্মকর্তার আদেশে নির্বাচন কমিশন পুনর্বিবেচনা করিতে পারেন ; এবং

(গ) ভোটকেন্দ্রে আইন ও বিধিসম্মতভাবে এবং সুষ্ঠু, সুন্দর ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান পরিচালনা নিশ্চিত করিবার স্বার্থে নির্বাচন কমিশন যেকোন আদেশ ও নির্দেশ জারী করা অথবা ক্ষমতা প্রয়োগ করা প্রয়োজনীয় বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ আদেশ বা নির্দেশ দিতে পারিবেন অথবা ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

(৮) প্রাক ভোটগ্রহণ অনিয়মতা রোধ : গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৯১ক অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন প্রাক ভোটগ্রহণ অনিয়মতা রোধকল্পে এবং অনিয়মতা নিয়ন্ত্রণের জন্য ইলেক্টরাল ইনকুয়ারী কমিটি গঠন করিতে পারিবে।

**কমিটি গঠন :** ইলেক্টরাল ইনকুয়ারী কমিটি গঠনের জন্য নির্বাচন কমিশন বিচার বিভাগীয় কর্মকর্তাদের মধ্য হইতে যে সংখ্যক কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা প্রয়োজন বলিয়া বিবেচনা করিবেন তাহা নির্ধারণ করিতে পারিবেন।

**কমিটির কার্যাবলী :** কমিটি আইনের অধীন তাহার কার্যাবলী সম্পাদনে এবং নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে নির্বাচন অনুষ্ঠান শেষ হইবার পূর্বেই তাহার বিবেচনা অনুযায়ী তদন্ত অনুষ্ঠান পরিচালনা করিবেন।

কমিটির ক্ষমতা : তদন্ত অনুষ্ঠান পরিচালনায় কমিটি নিম্নোক্ত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, যথা :-

- (ক) লিখিতভাবে যে কোন ব্যক্তিকে কমিটির সম্মুখে উপস্থিত হইতে এবং শপথ বাক্য বা হলফনামার মাধ্যমে সাক্ষ্যদানের আদেশ দিতে পারিবেন ;
- (খ) কোন ব্যক্তিকে তাহার নিয়ন্ত্রণে যে কোন দলিল-দস্তাবেজ অথবা বস্তু তাহার নিকট দাখিল করিবার লিখিত নির্দেশ দিতে পারিবেন ।

তদন্ত অনুষ্ঠানের পর পরবর্তী কার্যক্রম : তদন্ত অনুষ্ঠান শেষে কমিটি ৩ দিনের মধ্যে তদন্তের বিষয়াবলী নির্বাচন কমিশনকে অবহিত করিবে এবং এমন সুপারিশ করিতে পারিবে যাহাতে নির্বাচন কমিশন কর্তৃক যে কোন অনিয়মতামূলক কার্যকলাপের দায়ে দায়ী ব্যক্তির উপর আদেশ, কোন কার্যকলাপ বন্ধ অথবা নির্দেশিত কাজের যে কোন প্রকার বরখোলাপ, প্রয়োজন মতে ভুল তথ্য সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় সংশোধনী আদেশ জারীর সুপারিশ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, উপরে বর্ণিত যে কোন প্রকার আদেশ বা নির্দেশ পালনে ব্যর্থতার জন্য নির্বাচন কমিশন ২০,০০০ (বিশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা সাব্যস্ত করিতে পারিবেন ।

নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ : সূচী, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তাদের শৃংখলা ও নিয়ন্ত্রণের জন্য “নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১” শীর্ষক আইন রহিয়াছে। উক্ত আইন অনুসারে নির্বাচন কর্মকর্তা বলিতে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্বে বা কর্মে নিযুক্ত কোন ব্যক্তি এবং পোলিং স্টেশনে শান্তি-শৃংখলা বজায় রাখার দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তিকেও এই আইনের অধীনে অন্তর্ভুক্ত করা হইয়াছে ।

২। নির্বাচন কর্মকর্তাদের নির্বাচন অনুষ্ঠান সূচী ও সততার সঙ্গে পরিচালনার জন্য পরিশিষ্ট-ঘ-এ উক্ত আইনটি উদ্ধৃত করা হইল ।

**THE REPRESENTATION OF THE PEOPLE ORDER, 1972**  
(P. O. No. 155 of 1972)



President's Order No. 155 of 1972  
**THE REPRESENTATION OF THE PEOPLE ORDER, 1972**

[26TH DECEMBER, 1972]

WHEREAS it is necessary to provide for the conduct of elections to Parliament and for matters connected therewith and incidental thereto ;

Now, THEREFORE in pursuance to the provisions of paragraph 3 of the Fourth Schedule to the Constitution of the People's Republic of Bangladesh and in exercise of all powers enabling him in that behalf, the President is pleased to make and promulgate the following Order :-

**CHAPTER I—PRELIMINARY**

1. (i) This Order may be called the Representation of the People Order, 1972.
  - (ii) It extends to the whole of Bangladesh.
  - (iii) It shall come into force at once.
2. In this Order, unless there is anything repugnant in the subject or context,—
  - (i) "ballot paper account" means a ballot paper account prepared under clause (10) of Article 36 ;
  - <sup>1</sup>[(ia) "ballot paper book" means a book containing ballot papers for which ballot papers are used to electors ;]
  - (ii) "candidate" means a person proposed as a candidate for election as a member ;
  - <sup>2</sup>[(iia) "Code of Conduct" means the Code of Conduct formulated under Article 91B ;]
  - <sup>3</sup>[(iii) "Commission" means the Election Commission within the meaning of the Constitution ;]
  - (iv) "Constituency" means a constituency delimited for the purpose of election of a member ;

---

<sup>1</sup> Inserted by অধ্যাদেশ নং ১, ২০০১, স. ২(ক)।

<sup>2</sup> Inserted, *ibid.*, s. ২(খ)।

<sup>3</sup> Substituted by Ordinance No. L of 1978, for clause (iii).

- (v) "Constitution" means the Constitution of the People's Republic of Bangladesh ;
- (vi) "contesting candidate" means a candidate who has been validly nominated for election as a member and has not withdrawn his candidature ;
- (vii) "election" means election to a seat of a member held under this Order ;
- (viii) "election agent" means an election agent appointed by a candidate under Article 21 and, where no such appointment is made, the candidate acting as his own election agent ;
- <sup>1</sup>[(viiiia) "election expenses" means the election expenses as defined in Article 44A ;
- (viiiib) "election observer" means a person permitted in writing by the Commission or by any person authorised by it in this behalf to observe any election under this Order, and includes a group of such observers ;]
- (ix) "election petition" means an election petition made under Article 49 ;
- (x) "elector" in relation to a constituency, means a person who is enrolled on the electoral roll in that constituency ;
- <sup>2</sup>[(xi) "electoral roll" means an electoral roll prepared or deemed to have been prepared under the Electoral Rolls Ordinance, 1982 (LXI of 1982) ;]
- <sup>3</sup>[(xia) "Identity card" means an identity card issued to an elector by the Commission under the Electoral Rolls Ordinance, 1982 (LXI of 1982) ;]
- <sup>4</sup>[(xiaa) "law enforcing agency" means any Police Force, Ansar Force (আনসার বাহিনী), Battalion Ansar, Bangladesh Rifles, Coast Guard Force (কোস্ট গার্ড বাহিনী) and the Defence Services of Bangladesh ;]
- (xii) "member" means a member of Parliament ;

<sup>1</sup> Inserted by অধ্যাদেশ নং ১, ২০০১, s. ২(গ)।

<sup>2</sup> Substituted by Ordinance No. XX of 1984, for clause (xi).

<sup>3</sup> Inserted by Act XXIII of 1994, s.2

<sup>4</sup> Inserted by অধ্যাদেশ নং ১, s. ২(ঘ)।

- (xiii) "nomination day" means the day appointed under Article 11 for the nomination of candidates ;
- (xiv) "Parliament" means Parliament for Bangladesh as defined in Article 152 of the Constitution ;
- <sup>1</sup>[(xiva) "political party" means a political party as defined in Article 152 (1) of the Constitution ;]
- (xv) "polling agent" means a polling agent appointed under Article 22 ;
- (xvi) "polling day" means the day on which poll is taken for an election ;

I, .....  
(name), .....(address) having acted as an  
election agent of ..... a candidate at the election to  
Parliament of Bangladesh from ..... constituency make  
oath and say (declare on solemn affirmation) that :

1. In the aforementioned election, all expenses <sup>4</sup>\* \* \* \* \* incurred,  
all moneys, securities, and other things of value received, all payments  
made, all claims settled and all accounts maintained in the course of or in  
connection with the election were incurred, received, made, settled and  
maintained by me or with my knowledge and under my control and  
direction.

5\* \* \* \* \*

3. All information given, and all entries made by me in the return of  
election expenses and all vouchers and bills and other documents lodged by  
me with that return are, within my knowledge and belief, true and genuine.

*Signature of the Election Agent.*

Sworn/declared on solemn affirmation before me this  
.....day of ..... by .....who is personally  
known to me/who has been identified by..... who is  
personally known to me.

*Signature.*

---

<sup>1</sup> এস. আর. ও নং ১৩০-আইন/৯৫ তাং ২৩-৭-৯৫ দ্বারা সন্নিবেশিত।

<sup>2</sup> Added vide SRO No. 70-L/85/2-5/78-Par/E.

<sup>3</sup> এস. আর. ও নং ২৮-আইন/৯১ দ্বারা Form XVIII Form XVIIE হিসাবে পুনঃ সংখ্যালিত।

<sup>4</sup> The words and brackets "(other than the personal xpress of the candidate) were omitted  
vide এস আর ও নং-২২৩-আইন/২০০১, তাং-২০-৮-২০০১।

<sup>5</sup> Paragraph 2 omitted *ibid.*

<sup>1</sup>[Printed Monogram of the Commission]

**FORM XXII**

(See rule 32)

**NOTICE UNDER ARTICLE 70 OF THE REPRESENTATION OF  
THE PEOPLE ORDER, 1972**

Election to Parliament of Bangladesh.

Form..... constituency.

Before the <sup>2</sup>[ High Court Division]

In the matter of Election Petition No. .... of  
19..... Petitioner.

*Versus*

..... Respondent.

I, ..... (name), respondent, do hereby  
give notice under Article 70 of the Representation of the People Order,  
1972 (P. O. No. 155 of 1972) that I do not intend to contest the aforesaid  
petition.

*Place* .....

*Signature* .....

*Date* .....

*Respondent* .....

**JUSTICE F. K. M. A. MUNIM**

*Secretary.*

---

<sup>1</sup> এস. আর. ও নং ১৩০-আইন/৯৫ তাং ২৩-৭-৯৫ দ্বারা সন্নিবেশিত।

<sup>2</sup> Substituted *vide* এস আর ও নং-২২৩-আইন/২০০১/ তাং-২০-৮-২০০১।

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২৭, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই বৈশাখ ১৪০৩/২৬শে এপ্রিল ১৯৯৬

এস. আর. ও নং ৬০-আইন/৯৬।—The representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972)-এর Article 91B-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নিম্নরূপ আচরণ বিধিমালা (Code of Conduct) প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য অনুসরণীয় আচরণ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই আচরণ বিধিমালায়,—

- (ক) “নির্বাচন পূর্ব সময়” বলিতে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হইতে নির্বাচনের ফলাফল ঘোষণার তারিখ পর্যন্ত সময়কে বুঝাইবে ;
- (খ) “প্রার্থী” বলিতে কোন নির্বাচনী এলাকা হইতে নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করার জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি অথবা স্বতন্ত্রভাবে প্রতিদ্বন্দ্বিতাকারী ব্যক্তিকে বুঝাইবে ;

(গ) “রাজনৈতিক দল” বলিতে এমন একটি অধিসঙ্গ বা ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত, যে অধিসঙ্গ বা ব্যক্তিসমষ্টি সংসদের অভ্যন্তরে বা বাহিরে স্বাভাবিক কোন নামে কার্য করেন এবং কোন রাজনৈতিক মত প্রচারের বা কোন রাজনৈতিক তৎপরতা পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য অধিসঙ্গ হইতে পৃথক কোন অধিসঙ্গ হিসাবে নিজদিগকে প্রকাশ করেন।

৩। কোন প্রতিষ্ঠানে চাঁদা, অনুদান ইত্যাদি নিষিদ্ধ।—সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সার্বিক উন্নয়ন পরিকল্পনা পেশ করা যাইবে। তবে নির্বাচনী তফসিল ঘোষণার পর হইতে ভোট গ্রহণের দিন পর্যন্ত কোন প্রার্থী কিংবা তাঁহার পক্ষ হইতে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার কোন প্রতিষ্ঠান বা অন্য কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান বা প্রদানের অঙ্গীকার করা যাইবে না অথবা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় কোন প্রকার উন্নয়ন প্রকল্প গ্রহণের অঙ্গীকার করা যাইবে না।

৪। ডাক বাংলা, রেট হাউস ইত্যাদির ব্যবহার।—সরকারী ডাক বাংলা, রেট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের ক্ষেত্রে প্রথম আবেদনের ভিত্তিতে ব্যবহার সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুযায়ী সকল দল ও প্রার্থীকে সম-অধিকার প্রদান করিতে হইবে। তবে নির্বাচন পরিচালনার কাজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারী ডাক বাংলা, রেট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের অগ্রাধিকার পাইবেন।

৫। নির্বাচনী প্রচারণা।—(১) রাজনৈতিক দল ও প্রার্থী নির্বিশেষে প্রচারণার ক্ষেত্রে সমান অধিকার থাকিবে। কোন প্রতিপক্ষের সভা, শোভাযাত্রা এবং অন্যান্য প্রচারাভিযান পণ্ড করা বা উহাতে বাধা প্রদান করা যাইবে না।

(২) কোন প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দল বা প্রার্থীর পক্ষে আয়োজিত জনসভা বা মিছিলের দিন, সময় ও স্থান সম্পর্কে সাধারণভাবে পূর্বেই স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ এবং প্রতিপক্ষকে অবহিত করিতে হইবে।

(৩) কোন প্রতিদ্বন্দ্বী দল কিংবা প্রার্থী সভা করিতে চাহিলে প্রস্তাবিত সভার বেশ পূর্বেই তাহার স্থান এবং সময় সম্পর্কে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে, যাহাতে ঐ স্থানে চলাচল ও আইন-শৃংখলা রক্ষার জন্য পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারে।

(৪) জনগণের চলাচলের বিঘ্ন সৃষ্টি করিয়া কোন সড়কে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন জনসভা করা যাইবে না।

(৫) কোন সভা অনুষ্ঠানে বাধাদানকারী বা অন্য কোনভাবে গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সভার আয়োজকদের অবশ্যই পুলিশের শরণাপন্ন হইতে হইবে। এ ধরনের ব্যক্তিদের বিরুদ্ধে তাহারা নিজেরা ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন না।

(৬) নির্বাচনের তফসিল ঘোষণার পর নির্বাচনী এলাকায়, সংশ্লিষ্ট জেলায় বা অন্য কোথাও কোন প্রার্থী বা রাজনৈতিক দল বা তাহাদের পক্ষে কেহ নির্বাচনী কাজে সরকারী প্রচার যন্ত্রের ব্যবহার, সরকারী কর্মকর্তা বা কর্মচারীগণকে ব্যবহার বা সরকারী যানবাহন ব্যবহার করিতে পারিবেন না এবং রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা ব্যবহার হইতে বিরত থাকিবেন।

<sup>১</sup> এস, আর, ও নং ২২৪—আইন/২০০১, ২০ অগস্ট, ২০০১ ইং/৫ ভদ্র, ১৪০৮ বাং দ্বারা সংযোজিত।

(৭) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোষ্টার, লিফলেট ও হ্যান্ডবিলের উপর অন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোষ্টার, লিফলেট ও হ্যান্ডবিল ইত্যাদি লাগানো যাইবে না।

(৮) কোন সড়ক কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাইবে না। নির্বাচনী ক্যাম্প যথাসাধ্য অনাড়ম্বর হইবে। নির্বাচনী ক্যাম্পে ভোটারগণকে কোনরূপ খাদ্য ও পানীয় পরিবেশন করা যাইবে না।

(৯) সরকারী ডাক বাংলো, রেষ্ট হাউস, সার্কিট হাউস ও কোন সরকারী কার্যালয়কে কোন দল বা প্রার্থীর প্রচারের স্থান হিসাবে ব্যবহার করা যাইবে না।

(১০) নির্বাচনী প্রচারণায় ব্যবহৃতব্য পোষ্টার দেশী কাগজে সাদা-কালো রঙের হইতে হইবে এবং উহার আয়তন কোন অবস্থাতেই '২৩"×১৮"-এর অধিক হইতে পারিবে না।

<sup>২</sup>[(১০ক) নির্বাচনী প্রচারণায় ব্যবহৃতব্য প্রোট্রেইট-এর আয়তন কোন অবস্থাতেই ২৩"×১৮"-এর অধিক হইতে পারিবে না; এবং

(১০খ) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী প্রতিকের সাইজ দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতায় কোনক্রমেই ৫ মিটারের অধিক হইতে পারিবে না।]

(১১) কোন নির্বাচনী এলাকায় কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী একই সাথে তিনটি মাইকের বেশী ব্যবহার করিতে পারিবেন না এবং উক্ত মাইকের ব্যবহার দুপুর ২ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকার মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(১২) নির্বাচন উপলক্ষে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনরূপ ক্ষতিসাধন করা যাইবে না এবং অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কাহারও শান্তি ভঙ্গ করা যাইবে না।

(১৩) নির্বাচনী প্রচারণা হিসাবে সকল প্রকার দেয়াল লিখন হইতে সকলকে বিরত থাকিতে হইবে।

(১৪) নির্বাচনে শান্তি শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালানো এবং আগ্নেয়াস্ত্র বা বিস্ফোরক দ্রব্য বহন করা যাইবে না। কোন সরকারী কর্মকর্তা কিংবা স্থানীয় প্রভাবশালী ব্যক্তি কোন নির্বাচনী কার্যক্রমে অবৈধ হস্তক্ষেপ করিতে পারিবেন না।

(১৫) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে ট্রাক, পঁবাস, নৌ-যান, ট্রেন কিংবা কিংবা অন্য কোন যানবাহন মিছিল কিংবা মশাল মিছিল বাহির করা যাইবে না।

<sup>৪</sup>[(১৫ক) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা রাজনৈতিক দল বা তাহাদের পক্ষে কেহ নির্বাচনী প্রচার কার্যে হেলিকপ্টার বা অন্য কোন আকাশযান ব্যবহার করিতে পারিবেন না।"]

<sup>১</sup> এসআরও নং ২২৪—আইন/২০০১, তারিখ ২০ আগস্ট ২০০১ ইং/৫ জুলাই ১৪০৮ বাং দ্বারা প্রতিস্থাপিত।

<sup>২</sup> এসআরও নং ২২৪—আইন/২০০১, তারিখ ২০ আগস্ট ২০০১ ইং/৫ জুলাই ১৪০৮ বাং দ্বারা সংযোজিত।

<sup>৩</sup> এসআরও নং ২২৪—আইন/২০০১, তারিখ ২০ আগস্ট ২০০১ ইং/৫ জুলাই ১৪০৮ বাং দ্বারা সংযোজিত।

<sup>৪</sup> এসআরও নং ২২৪—আইন/২০০১, তারিখ ২০ আগস্ট ২০০১ ইং/৫ জুলাই ১৪০৮ বাং দ্বারা সংযোজিত।



(১৬) শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল ভোটগ্রহণ এবং কোন প্রকার বাধা-বিপত্তি ছাড়া স্বাধীনভাবে ভোটারদের ভোট প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সকল রাজনৈতিক দল ও প্রার্থীকে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদেরকে সহযোগিতা করিতে হইবে।

(১৭) কোন প্রতিদ্বন্দ্বী দল কিংবা প্রার্থী নির্বাচনী প্রচারণাকালে কোন ধরনের তিক্ত, উস্কানীমূলক এবং ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোন বক্তব্য প্রদান করিতে পারিবেন না।

(১৮) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচনী খরচের ব্যয়সীমা কোন অবস্থাতেই অতিক্রম করিতে পারিবেন না।

৬। নির্বাচন প্রভাবমুক্ত রাখা।—অর্থ, অস্ত্র, পেশীশক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচনকে প্রভাবিত করা যাইবে না।

৭। ভোটকেন্দ্রে প্রবেশাধিকার।—ভোটকেন্দ্রে নির্বাচনী কর্মকর্তা-কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনী এজেন্ট এবং কেবল ভোটারদেরই প্রবেশাধিকার থাকিবে। কোন রাজনৈতিক দলের বা প্রতিদ্বন্দ্বী প্রার্থীর কর্মীগণ ভোটকেন্দ্রের অভ্যন্তরে ঘোরাফেরা করিতে পারিবেন না। কেবল পোলিং এজেন্টগণ তাঁহাদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকিয়া তাঁহাদের নির্দিষ্ট দায়িত্ব পালন করিয়া যাইবেন।

৮। নির্বাচন-পূর্ব অনিয়ম।—এই বিধিমালার যে কোন বিধানের লঙ্ঘন নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে গণ্য হইবে এবং উক্তরূপ অনিয়মের দ্বারা সংস্কৃত ব্যক্তি বা রাজনৈতিক দল প্রতিকার চাহিয়া ইলেকটোরাল ইনকুয়ারি কমিটি বা নির্বাচন কমিশনের বরাবরে আর্জি পেশ করিতে পারিবেন। নির্বাচন কমিশনের বরাবরে পেশকৃত আর্জি কমিশনের বিবেচনায় বস্তুনিষ্ঠ হইলে কমিশন তদন্তের জন্য সংশ্লিষ্ট বা যে কোন ইলেকটোরাল ইনকুয়ারি কমিটির নিকট প্রেরণ করিবেন। উভয় ক্ষেত্রে ইলেকটোরাল ইনকুয়ারি কমিটি The Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972)-এর-Article 91A-এর বিধান মোতাবেক তদন্ত কার্য পরিচালনা করিয়া কমিশনের বরাবরে সুপারিশ প্রদান করিবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

মুহাম্মদ ফয়জুর রাজ্জাক  
সচিব।

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৪ঠা মে, ১৯৯৯/২০শে বৈশাখ, ১৩৯৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ৪ঠা মে, ১৯৯১ (২০শে বৈশাখ, ১৩৯৮) তারিখে অস্থায়ী রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

\* \* \* \* \*

### ১৯৯১ সনের ১৩ নং আইন

#### নির্বাচন কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধানকল্পে প্রণীত আইন

যেহেতু সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচন-কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।-(১) এই আইন নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৭শে ডিসেম্বর, ১৯৯০ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) “কমিশন” অর্থ সংবিধান অনুযায়ী গঠিত নির্বাচন কমিশন ;

(খ) “চাকুরি বিধি” বলিতে চাকুরি সংক্রান্ত যে কোন আইন, বিধি, বিধান, প্রবিধান, চুক্তি, দলিল, নিয়োগপত্র ও শর্ত অন্তর্ভুক্ত হইবে ;

(গ) “নির্বাচন” অর্থ কমিশন কর্তৃক বা উহার তত্ত্বাবধানে পরিচালিত বা অনুষ্ঠিত যে কোন নির্বাচন ;

- (ঘ) “নির্বাচন কর্মকর্তা” অর্থ নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব বা কর্মে নিযুক্ত কোন ব্যক্তি এবং পোলিং স্টেশনে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঙ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ কোন ব্যক্তিকে চাকুরিতে নিয়োগকারী কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ ;
- (চ) “রিটার্নিং অফিসার” অর্থ নির্বাচন সংক্রান্ত কোন আইনের অধীন কমিশন কর্তৃক নিযুক্ত কোন রিটার্নিং অফিসার এবং রিটার্নিং অফিসারের দায়িত্ব পালনরত কোন নির্বাচন-কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে ।

৩। অধ্যাদেশের প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে বা কোন চাকুরি বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে ।

৪। নির্বাচন-কর্মকর্তার চাকুরি ও উহার নিয়ন্ত্রণ।—(১) কোন ব্যক্তি নির্বাচন-কর্মকর্তা নিযুক্ত হইলে তিনি কমিশন বা ক্ষেত্রমত রিটার্নিং অফিসারের নিকট গ্রহণযোগ্য কোন কারণ ব্যতীত তাঁহার দায়িত্ব গ্রহণে বা পালনে অপারগতা বা অস্বীকৃতি প্রকাশ করিতে পারিবেন না ।

(২) কোন ব্যক্তি নির্বাচন-কর্মকর্তা নিযুক্ত হইলে তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁহাকে নির্বাচন-কর্মকর্তা হিসাবে কোন দায়িত্ব পালনের ব্যাপারে বাধা দিতে পারিবেন না বা বিরত রাখিতে পারিবেন না ।

(৩) কোন ব্যক্তি নির্বাচন-কর্মকর্তা নিযুক্ত হইলে, তিনি তাঁহার উক্তরূপ নিয়োগের তারিখ হইতে নির্বাচনী দায়িত্ব হইতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁহার চাকুরির অতিরিক্ত দায়িত্ব হিসাবে কমিশনের অধীনে প্রেষণে চাকুরিরত আছেন বলিয়া গণ্য হইবেন ।

(৪) উক্তরূপ প্রেষণে চাকুরিরত থাকাকালে নির্বাচন-কর্মকর্তা নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনের ব্যাপারে কমিশন এবং ক্ষেত্রমত রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকিবেন এবং তিনি তাঁহাদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকিবেন ।

(৫) উক্তরূপ প্রেষণে চাকুরিরত থাকাকালে নির্বাচন-কর্মকর্তার নিকট নির্বাচন সংক্রান্ত দায়িত্ব প্রাধান্য পাইবে এবং এই দায়িত্বের সহিত সাংঘর্ষিক বা অসামঞ্জস্যপূর্ণ না হইলে তিনি তাঁহার অন্যান্য দায়িত্ব পালন করিতে পারিবেন।

৫। নির্বাচন-কর্মকর্তার শৃঙ্খলামূলক শাস্তি।—(১) কোন নির্বাচন-কর্মকর্তা নির্বাচন সংক্রান্ত কোন ব্যাপারে প্রদত্ত কমিশন বা ক্ষেত্রমত রিটার্নিং অফিসারের কোন আদেশ বা নির্দেশ পালনে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হইলে বা অস্বীকৃতি প্রকাশ করিলে বা নির্বাচন সংক্রান্ত কোন আইনের বিধান ইচ্ছাকৃতভাবে লংঘন করিলে বা উহার অধীন কোন অপরাধ করিলে তিনি অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্তরূপ অসদাচরণ তাঁহার চাকুরি বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলিয়া বিবেচিত হইবে।

(২) কোন নির্বাচন-কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লেখিত অসদাচরণ করিলে তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁহাকে চাকুরি হইতে অপসারণ বা বরখাস্ত করিতে পারিবে বা বাধ্যতামূলক অবসর দিতে পারিবে বা তাঁহার পদাবনতি করিতে পারিবে বা তাঁহার পদোন্নতি বা বেতন বৃদ্ধি অনধিক দুই বৎসরের জন্য স্থগিত রাখিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ কোন শাস্তি উপ-ধারা (১) এ উল্লেখিত ব্যর্থতা, অস্বীকৃতি, লংঘন বা অপরাধের জন্য অন্য কোন আইনের নির্ধারিত কোন দণ্ড প্রদান বা উহার জন্য কোন আইনগত কার্যধারা গ্রহণ ব্যাহত বা বারিত করিবে না।

(৩) কোন নির্বাচন-কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লেখিত অসদাচরণ করিলে কমিশন বা ক্ষেত্রমত কমিশনের সম্মতিক্রমে রিটার্নিং অফিসার তাঁহাকে, তাঁহার বিরুদ্ধে তজ্জন্য তাঁহার চাকুরি-বিধি অনুযায়ী শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণসাপেক্ষে, অনধিক দুই মাসের জন্য সাময়িকভাবে চাকুরি হইতে বরখাস্তের আদেশ দিতে পারিবেন এবং উক্তরূপ বরখাস্তের আদেশ তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক তাঁহার চাকুরি-বিধি অনুযায়ী প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং তদনুযায়ী ইহা কার্যকর হইবে।

(৪) উপ-ধারা (১) এ উল্লেখিত অসদাচরণের জন্য কোন নির্বাচন-কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণের জন্য কোন নিয়োগকারী কর্তৃপক্ষকে কমিশন বা ক্ষেত্রমত রিটার্নিং অফিসার অনুরোধ করিলে উক্ত কর্তৃপক্ষ উক্তরূপ অনুরোধ প্রাপ্তির এক মাসের মধ্যে উক্তরূপ কার্যধারা গ্রহণ করিবে এবং তৎসম্পর্কে কমিশনকে অবহিত করিবে।

৬। দণ্ড।—(১) কোন ব্যক্তি ধারা ৪(১) বা ৪(২) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক এক বৎসর কারাদণ্ডে, বা অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) কোন ব্যক্তি ধারা ৫(৩) এর অধীন প্রদত্ত কোন আদেশ পালন বা কার্যকর না করিলে বা ধারা ৫(৪) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ছয় মাস কারাদণ্ডে, বা অনধিক দুই হাজার টাকা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় হইবেন।

৭। অপরাধ বিচারার্থ গ্রহণ।—কমিশন বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিতে পারিবেন না।

৮। রহিতকরণ।—নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান), অধ্যাদেশ, ১৯৯০ (অধ্যাদেশ নং ৩১, ১৯৯০) এতদ্বারা রহিত করা হইল।

খন্দকার আবদুল হক  
যুগ্ম-সচিব।

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

## নির্বাচন পর্যবেক্ষকদের জন্য নীতিমালা

### (স্থানীয় পর্যবেক্ষকদের জন্য প্রযোজ্য)

যে কোন নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের জন্য নির্বাচন পর্যবেক্ষকগণ গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করতে পারেন। আসন্ন নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন দক্ষ ও অভিজ্ঞ নির্বাচন পর্যবেক্ষকবৃন্দকে স্বাগত জানায়।

বাংলাদেশ নির্বাচন কমিশন আইনের সুস্পষ্ট নির্দেশনা অনুসরণ করে সকল নির্বাচন অনুষ্ঠান পরিচালনা করে। নির্বাচনী আইনের নির্দেশনা অনুসরণ করে বাংলাদেশ নির্বাচন কমিশন নির্বাচন পর্যবেক্ষকদের জন্য একটি পর্যবেক্ষণ নীতিমালা প্রণয়ন করেছে। নির্বাচনের দিন নির্বাচনী কর্মকর্তাদের কাজের চাপ, ব্যস্ততা এবং অন্যান্য সীমাবদ্ধতা ও বিধি-নিষেধ মেনে নিয়ে নির্বাচন পর্যবেক্ষকগণ সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাদের সাথে সম্পূর্ণ সহযোগিতামূলক আচরণ করবেন বলে বাংলাদেশ নির্বাচন কমিশন আশা করে।

**নির্বাচন পর্যবেক্ষণে ইচ্ছুক নির্বাচন পর্যবেক্ষকগণকে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করতে অনুরোধ করা যাচ্ছে :**

(ক) পর্যবেক্ষকদের ভূমিকা :

#### নির্বাচন-পূর্ব সময়

- (১) পর্যবেক্ষকগণ ভোটগ্রহণ দিনের পূর্ববর্তী সময়ে বিভিন্ন নির্বাচনী কার্যক্রম পর্যবেক্ষণ করতে পারবেন ;
- (২) জনগণ যাতে অবাধ, নিরপেক্ষ ও স্বতঃস্ফূর্ত ভোট দেন তার জন্য ভোটের প্রশিক্ষণ, উত্বুদ্ধকরণ ও ভোটদান প্রক্রিয়া সম্পর্কে পর্যবেক্ষণ সংস্থাসমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে পারে। এরূপ কার্যক্রম অবশ্যই সম্পূর্ণ নির্দলীয়, নিরপেক্ষ এবং সকল প্রকার সাম্প্রদায়িকতা ও আঞ্চলিকতা মুক্ত হতে হবে। প্রচার কার্যক্রম নির্বাচন কমিশনের নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

## নির্বাচনের দিন

- (১) পর্যবেক্ষকগণ নির্বাচন প্রক্রিয়ায় কোন প্রকার বিঘ্ন সৃষ্টি না করে প্রকৃত ভোট গ্রহণ ও ভোট গণনা প্রক্রিয়া পর্যবেক্ষণ করতে পারবেন, তবে পর্যবেক্ষণকালে ভোট দান, ভোট গণনা বা প্রচারণা জাতীয় কোন কাজে কোনক্রমেই অংশ নিতে পারবেন না ;
- (২) নির্বাচন কেন্দ্রে চলমান নির্বাচনী কাজে কোন প্রকার হস্তক্ষেপ করতে পারবেন না ;
- (৩) পর্যবেক্ষকগণ কোনক্রমেই কোন কেন্দ্রের বা আসনের ফলাফল ঘোষণা করতে পারবেন না বা কোন প্রার্থীর ভোট অবস্থান সম্পর্কে ধারণা দিতে পারবেন না ।

## নির্বাচনের পর

পর্যবেক্ষকগণ নির্বাচন পর্যবেক্ষণ শেষে যত দ্রুত সম্ভব তাঁদের পর্যবেক্ষণ প্রতিবেদন বাংলাদেশ নির্বাচন কমিশনের অবগতির জন্য পেশ করবেন ।

### (খ) পর্যবেক্ষকদের যোগ্যতা :

- (১) পর্যবেক্ষকের বয়স কমপক্ষে ২৫ বছর ও নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা সম্পন্ন হতে হবে ;
- (২) পর্যবেক্ষকদের নির্দলীয় ও নিরপেক্ষ হতে হবে। রাজনৈতিক দলের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত কোন ব্যক্তি নির্বাচন পর্যবেক্ষক হিসেবে গ্রহণীয় হবেন না। এ বিষয়ে তাঁদের অবস্থান নির্বাচন কমিশনের নিকট গ্রহণযোগ্য হতে হবে ;
- (৩) পর্যবেক্ষক তাঁর নিজ থানা/উপজেলায় নির্বাচন পর্যবেক্ষক হিসাবে দায়িত্ব পালন করতে পারবেন না ।

### (গ) প্রশাসনিক ব্যবস্থা :

- (১) পর্যবেক্ষণে ইচ্ছুক সংস্থাকে বাংলাদেশের কোন বিধিবদ্ধ সংস্থার অধীনে আইনানুগভাবে নিবন্ধিত হতে হবে ;
- (২) পর্যবেক্ষণে ইচ্ছুক সংস্থাকে ভোটাগ্রহণ দিবসের অন্তত তিন সপ্তাহ পূর্বে জাতীয় সংসদ নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও অন্যান্য নির্বাচনের ক্ষেত্রে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে ।

- (৩) আবেদনপত্রের অংশে নিম্নলিখিত তথ্যাদি সন্মত করা হবে :
- (ক) সংস্থার রেজিস্ট্রেশন নম্বর ও বৎসর
- (খ) আয়ের উৎস
- (গ) গভর্নিং বডি/কার্যনির্বাহী পরিষদ/পরিচালনা পর্ষদের সদস্যদের নাম
- (ঘ) পর্যবেক্ষকদের নাম, পিতা/স্বামীর নাম, জন্ম তারিখ, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা
- (ঙ) স্ট্যাম্প সাইজের ২ কপি ছবি ;
- (চ) নির্বাচন পর্যবেক্ষণের জন্য প্রশিক্ষণ ও পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে)।
- (৪) প্রাপ্ত আবেদনসমূহ রিটার্নিং অফিসার/জেলা প্রশাসক বাস্তবতার আলোকে বাচাই-বাছাই করে পর্যবেক্ষকদের তালিকা চূড়ান্ত করবেন। এ তালিকায় অন্তর্ভুক্ত পর্যবেক্ষকদের প্রত্যেককে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত/সরবরাহকৃত পরিচয়পত্র প্রদান করা হবে ;
- (৫) রিটার্নিং অফিসার/জেলা প্রশাসক পর্যবেক্ষক কর্তৃক দাখিলকৃত তথ্যাদি ও তাদের অতীত কার্যকলাপ সম্পর্কে সন্দেহ না হলে তাঁদেরকে অনুমোদন না দেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন ;
- (৬) পর্যবেক্ষক সংস্থা প্রত্যেক জেলায় একজন অভিজ্ঞ সমন্বয়কারী নিয়োগ করে জেলা প্রশাসককে জানাবেন। উক্ত সমন্বয়কারী প্রয়োজন অনুযায়ী জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করবেন ;
- (৭) পর্যবেক্ষকপত্র নির্বাচন পর্যবেক্ষণের সময় অবশ্যই তাঁর পর্যবেক্ষক পরিচয়পত্র সর্বদা প্রদর্শন করবেন ;
- (৮) যে সব পর্যবেক্ষককে পরিচয়পত্র প্রদান করা হবে তাদের একটি তালিকা রিটার্নিং অফিসার/জেলা প্রশাসক অবিলম্বে নির্বাচন কমিশন সচিবালয়ে সংরক্ষণের জন্য প্রেরণ করবেন ;



- (৯) নির্বাচন কমিশন বিশেষ ক্ষেত্রে যে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্বাচন পর্যবেক্ষণের জন্য অনুমতি দেয়ার অধিকার সংরক্ষণ করে।

(ঘ) পর্যবেক্ষণ নীতিমালা :

- (১) পর্যবেক্ষকগণ রিটার্নিং অফিসার/প্রিজাইডিং অফিসারের পরামর্শ/নির্দেশ অনুসারে কাজ করবেন ;
- (২) ভোটগ্রহণ প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টি করতে পারে এমন কিছু করা হতে পর্যবেক্ষকগণ বিরত থাকবেন। ভোট কক্ষগুলো সাধারণতঃ ছোট পরিসরের হয়, তাই একই সময় এক সাথে একাধিক পর্যবেক্ষক ভোটকক্ষে ঢুকবেন না ও কোন ভোট কক্ষে বেশীক্ষণ অবস্থান করবেন না। বাইরে অপেক্ষমান অন্য পর্যবেক্ষকদের সুযোগ দেয়ার জন্য যথাসম্ভব তাড়াতাড়ি ভোটকক্ষ ত্যাগ করবেন। পর্যবেক্ষকগণ নির্বাচন কেন্দ্র পরিদর্শনের সময় প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারের আইনগত ও প্রশাসনিক নির্দেশ মেনে চলবেন। ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার বা তাঁর সহকারী যদি এ ধারণা করেন যে, পর্যবেক্ষকের উপস্থিতির ফলে কেন্দ্রে ভোটগ্রহণ বিঘ্নিত হবে সেক্ষেত্রে পর্যবেক্ষককে তিনি তাৎক্ষণিক কেন্দ্র ত্যাগ করার নির্দেশ দিতে পারেন ;
- (৩) পর্যবেক্ষকগণ ভোটকেন্দ্র পরিদর্শনের জন্য গাড়ী ব্যবহার করতে পারবেন। তবে এজন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/রিটার্নিং অফিসারের নিকট হতে পূর্বানুমোদন প্রয়োজন। গাড়ীর সামনে ও পিছনে অনুমোদিত ব্যানার বা স্টিকার লাগাতে হবে। কোন পর্যবেক্ষক তাঁর গাড়ীতে কোন অননুমোদিত ব্যক্তি বহন করতে পারবেন না ;
- (৪) পর্যবেক্ষকগণ প্রকাশ্য বা গোপনে এমন কোন কাজ করতে পারবেন না যাতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের প্রচেষ্টায় বিঘ্ন সৃষ্টি হতে পারে। এরূপ কাজ করলে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার তাদের নির্বাচন পর্যবেক্ষণের অনুমতি বাতিল করতে পারবেন।

বাংলাদেশ নির্বাচন কমিশন।

# **Bangladesh Election Commission**

Sher-e-Bangla Nagar, Dhaka

## **Parliament General Election : 2001**

### **Policy and Guidelines for Foreign Observer**

#### **A. Introduction :**

Bangladesh is a unitary, independent and sovereign Republic formally known as the People's Republic of Bangladesh. The Republic is a democracy in which fundamental human rights and freedoms and respect for the dignity and worth of the human person is guaranteed by the Constitution. The Constitution also ensures effective participation by the people through their elected representatives in administration at all levels. Freedom of movement, assembly, association, thought and conscience and of speech are guaranteed by the Constitution.

#### **Executive Power :**

The executive power of the Republic is exercised by or on the authority of the Prime Minister. The President appoints as Prime Minister the member of Parliament who appears to him to command the support of the majority of the members of Parliament.

#### **Parliament :**

The Parliament is composed of 300 members elected from single territorial constituencies by direct election. Unless sooner dissolved, Parliament stands dissolved on the expiration of 5 years from the date of the first meeting.

## **Non-Party Care-taker Government :**

According to a Constitutional arrangement put in place in 1996, the election to the Parliament is held under a non-party Care-taker Government. The head of the non-party Care-taker Government is the Chief Advisor who takes office after the Parliament is dissolved. The non-party Care-taker Government works as an interim Government and carries out the routine functions of the Government. The Care-taker Government gives to the Election Commission all possible aid and assistance that is required for the holding of the general election of members of Parliament peacefully, fairly and impartially. The Care-taker Government stands dissolved on the date on which the Prime Minister enters upon his office after the Constitution of the new Parliament.

## **Election Commission :**

The constitution of Bangladesh provides for setting up an Election Commission for the superintendence, direction and control of the preparation of electoral rolls for election to the office of President and to Parliament and the conduct of such elections in accordance with the Constitution. The Election Commission is independent in the exercise of its functions and subject only to the Constitution and applicable laws.

### **B. Policy of Election Commission regarding Poll Observers :**

Bangladesh Election Commission is constitutionally responsible for the conduct of elections in a free and fair manner. To ensure such elections, transparency is required at all stages of election process. One of the methods through which transparency can be sought to be achieved is by inviting impartial/neutral/reputed Observer groups to observe the process of election without in any way interfering with the free flow of activities relating to elections.

The international Institute for Democracy and Electoral Assistance (IDEA) has worked out the following ethical principles for all types of Observers :

1. Election Observers must recognize and respect the sovereignty of the host country.
2. Election Observers must be non-partisan and neutral.
3. Election Observers must be comprehensive in their review of the election, considering all relevant circumstances.
4. Election Observation must be transparent.
5. Election Observation must be accurate.

Bangladesh Election Commission generally endorses these principles and has developed its guidelines accordingly.

The Election Commission adopts a very liberal policy of hosting local/international Observers to observe all elections conducted by the Commission. The Commission's liberal approach in this matter is constrained only by limitation of resources which are stretched to the limit at the time of any national level elections as well as by legal requirements on some matters. On the Election day, pressure is at the highest peak and it is hoped that the Observers will appreciate these constraints and requirements and cooperate fully with all officials connected with the election.

The following guidelines are to be followed by Observers willing to observe the election :

### **C. Role of the Observers :**

The Observers may watch all aspects of the organization and conduct of the election including actual polling on Election Day without any interference in proceedings. They may also watch vote counting and result consolidation.

It may be noted that (a) while the Observers may observe and view the proceedings of activities like campaign, voting, counting etc. they shall not participate in such activities ; (b) they will not interfere with any of the election activities ongoing at the polling station ; (c) announcement of any result of voting of a center of constituency must not be done by the Observers/Observer groups ; exit polling and projection of results should not be attempted ; (d) the Observers are to be completely neutral and non-partisan and are required to satisfy the Election Commission on this ; (e) the Foreign Observers may have co-operation arrangements with local Observers. However, the local Observers are to follow separate guidelines prescribed for them ; (f) the Observers do not have any supervisory or executive role in the conduct of election.

**D. Logistical arrangements :**

- (1) The Foreign Observers willing to observe polling in Bangladesh may get in touch with the concerned Bangladesh Mission abroad for briefings on weather, places to stay, visa requirements etc.
- (2) The Observers are advised to enlist their names in advance with the UN Electoral Assistance Secretariat (UNEAS) to obtain necessary assistance.
- (3) During their stay in Bangladesh observers will remain fully responsible for their accommodation and transportation.
- (4) The Observers will be issued information Kits and appropriate accreditation cards by the Election Commission. Accreditation Cards will be given individually or in a group from the Election Commission.

**E. Requirements :**

- (1) The Observers shall not be supporters of any political party in Bangladesh and shall not do anything covertly or overtly which may compromise the quality of the effort. Election Commission reserves the right to cancel the observers' accreditation if he violates observer rules.

- (2) Observation areas for the international Observers will be selected by them in a co-ordinated balanced way and mindful of the need to avoid excessive concentrations in any particular constituency or area. Election Commission will have to be kept informed of broad areas of observers movement for security reasons.
- (3) Only one observer and translator may enter a polling station at a time. It is suggested that Observers do not remain inside the polling station for long periods so that others who may be waiting outside may enter. A Presiding Officer or Assistant Presiding Officer may ask any of the Observers to withdraw from the centre at any time if he thinks that the Observer's presence in any way may be prejudicial to the conduct of election. In such a case the observer concerned should immediately bring up the matter to the notice of the Election Commission as well as the Returning officer.
- (4) During their visit of the polling centres, the Observers are expected to abide by all the legal and administrative requirements of the Presiding Officer/Assistant Presiding Officer.
- (5) It is expected that a copy of the observers report or any statement by the Observer Group will be given to the Election Commission within 24 hours after the release of their statement.

#### **F. Pre-poll activities by Observer Groups :**

Observer Groups are encouraged to carry out at their own cost voter education programmes, through TV/Radio/rallies etc. to encourage people to participate in the polls. Such activities must be completely non-partisan, unbiased and free from any religious, local or racial prejudice and shall be in accordance with any general policies of the competent authority relating to the activities involved.

#### **G. Journalists :**

Foreign Journalists willing to observe the polling will also be covered by these guidelines.

**BANGLADESH ELECTION COMMISSION**

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৮, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন ও বিচার মন্ত্রণালয়  
বিজ্ঞপ্তি

তারিখ ৮ আগস্ট, ২০০১/২৪ শ্রাবণ, ১৪০৮

নং ৭০৩ (পাব)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ২০০১ সালের ৮-৮-২০০১ ইং/২৪-৪-১৪০৮ বাং প্রণীত এবং এতদসঙ্গে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

**Representation of the People (Amendment) Ordinance,  
2001**

**অধ্যাদেশ নং ১, ২০০১**

**Representation of the People Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত  
অধ্যাদেশ**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

এবং যেহেতু সংসদ ভঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আণ্ড ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে ;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই অধ্যাদেশ The Representation of the People (Amendment) Ordinance, 2001 নামে অভিহিত হইবে।

২। P.O. No. 155 of 1972 এর Article 2 এর সংশোধন।—The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 2 এর—

- (ক) clause (i) এর পর নিম্নরূপ নূতন Clause (ia) সন্নিবেশিত হইবে, যথা :—
- “(ia) “ballot paper book” means a book containing ballot papers from which ballot papers are issued to electors.”
- (খ) clause (ii) এর পর নিম্নরূপ নূতন Clause (iia) সন্নিবেশিত হইবে, যথা :—
- “(iia) “Code of Conduct” means the Code of Conduct formulated under Article 91B ;”;
- (গ) clause (viii) এর পর নিম্নরূপ নূতন clauses (viiiia) এবং (viiiib) সন্নিবেশিত হইবে, যথা :—
- “(viiiia) “election expenses” means the election expenses as defined in Article 44A ;
- “(viiiib) “election observer” means a person permitted in writing by the Commission or by any person authorised by it in this behalf to observe any election under this Order, and includes a group of such observers ;” ;
- (ঘ) clause (xia) এর পর নিম্নরূপ নূতন clause (xiao) সন্নিবেশিত হইবে, যথা :—
- “(xiao) “law enforcing agency” means any Police Force, Ansar Force (আনসার বাহিনী), Battalion Ansar, Bangladesh Rifles, Coast Guard Force (কোস্ট গার্ড বাহিনী) and the Defence Services of Bangladesh ;” ;
- (ঙ) clause (xiv) এর পর নিম্নরূপ নূতন clause (xiva) সন্নিবেশিত হইবে, যথা :—
- “(xiva) “political party” means a political party as denfined in article 152 (1) of the Constitution ;” ;



(চ) clause (xix) এর পরিবর্তে নিম্নরূপ নূতন clause (xix) প্রতিস্থাপিত হইবে, যথা :-

(xix) "registered political party" means a political party registered under Article 90A. ;

(ছ) clause (xxi) এর পর নিম্নরূপ নূতন clause (xxia) সন্নিবেশিত হইবে, যথা :-

"(xxia) "rule" means any rule made under this Order;" ;

(জ) Clause (xxiii) এর পর নিম্নরূপ নূতন Clause (xxiiia) সন্নিবেশিত হইবে, যথা :-

"(xxiiia) "statutory public authority" means a statutory public authority as defined in article 152 (1) of the Constitution;" এবং

(ঝ) Clause (xxiv) এর পরিবর্তে নিম্নরূপ নূতন Clause (xxiv) প্রতিস্থাপিত হইবে, যথা :-

"(xxiv) "ward" means a ward of a union." . ।

৩। P.O. No. 155 of 1972 এর Article 7 এর সংশোধন ।—উক্ত Order এর Article 7 এর—

(ক) "Appointment of District Returning Officer and Returning Officer, etc." শব্দ ও চিহ্ন সম্বলিত প্রান্তটীকা বিলুপ্ত হইবে ;

(খ) "Clause (7) এর পরিবর্তে নিম্নরূপ clause (7) প্রতিস্থাপিত হইবে, যথা :-

"(7) Where the Commission withdraws any officer or person under clause (6), it—

(a) may, if such officer or person is working in any polling station or constituency, direct him to leave the polling station or the constituency at once ;

- (b) shall, in case of a direction under sub-clause (a), direct such officer or person to remain out of the constituency for the period specified in the direction, and accordingly he shall comply with the direction, and if he is required to perform any official duty only in that constituency, his appointing authority shall make arrangement for his leave or otherwise ;
- (c) shall refer the matter to the appropriate authority for taking disciplinary and other actions in relation to such officer or person." ।

8 । P.O. No. 155 of 1972 এর Article 12 এর সংশোধন ।—উক্ত Order এর Article 12 এর clause (1) এর—

(ক) প্রথম proviso এর sub-clause (a) এর পর নিম্নরূপ নূতন sub-clauses (ai), (aii), (aiii) এবং (aiv) সংযোজিত হইবে, যথা :-

- "(ai) is a person who is convicted of an offence punishable under Articles 73, 74, 78, 79, 80, 81, 82, 83, 84 and 86 and sentenced to imprisonment for a term of not less than two years, unless a period of five years has elapsed since the date of his release ;
- (aii) is a person whose election to a seat is declared void on any of the grounds mentioned in sub-clauses (c), (d) and (e) of clause (1) of Article 63, unless a period of five years has elapsed since the date of such declaration ;
- (aiii) has been dismissed or removed or compulsorily retired from the service of the Republic or of any statutory public authority on the ground of corruption, unless a period of five years has elapsed since his dismissal, removal or compulsory retirement ; or" ;

(খ) দ্বিতীয় proviso এর—

(অ) “from being elected as” “শব্দগুলির পরিবর্তে from being elected as, and from being.” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) sub-clause (b) এর শেষ প্রান্তে semicolon চিহ্নটির পর “or” শব্দটি সংযোজিত হইবে ;

(গ) Explanation II বিলুপ্ত হইবে ;

(ঘ) Explanation III এর “of the proviso” শব্দগুলির পরিবর্তে “of the first proviso” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) Explanation (IV) এর পর নিম্নরূপ Explanation V সন্নিবেশিত হইবে, যথা ঃ—

**“Explanation.V.—(A person or a company or a firm shall be deemed to have defaulted in repaying a loan or an installment thereof referred to in the second proviso, if he or it is a defaulter within the meaning of the expression “খেলাপী ঋণ গ্রহীতা” as defined in ধারা ৫ (গগ) of the ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন)।**

৫। P.O. No. 155 of 1972 এর Article 13 এর সংশোধন।—উক্ত Order এর Article 13 এর clause (1) এর sub-clause (a) এর “five” শব্দটির পরিবর্তে “ten” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। P.O. No. 155 of 1972 এর Article 20 এর সংশোধন।—উক্ত Order এর Article 20 এর clause (1) এর—

(ক) sub-clause (a) এর পরিবর্তে নিম্নরূপ sub-clauses (a) এবং (aa) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(a) allocate, in the case of a contesting candidate set up by a registered political party, the symbol reserved for that party by the Commission under this Order or the rules ;

- (aa) allocate, in the case of other contesting candidates, subject to any direction of the Commission, one of the prescribed symbols to each such contesting candidate ; and in so doing shall, so far as possible, have regard for any preference indicated by the candidate ;” এবং
- (খ) clause (c) এর শেষে full-stopটির পরিবর্তে একটি colon প্রতিস্থাপিত হইবে, এবং তৎপর নিম্নরূপ provisoগুলি সংযোজিত হইবে, যথা :-

“Provided that the Commission may, on an application made to it in this behalf within three days after the publication of the notification under clause (1) of Article 11, allot one of the prescribed symbols to the candidates of any non-registered political party or to the candidates of a combination of two or more political parties who have agreed to set up joint candidates for election :

Provided further that in the case of combination of two or more registered political parties, in which one or more non-registered parties might have also joined, the Commission shall, on such application, allot one of the symbols reserved for any of them, according to the indication given in the application, to the candidates of the combined political parties or may, if the combination so desires, any other prescribed symbol :

Provided further that when a political party, for which a symbol is reserved by the Commission under this Order or the rules, is split up into several rival groups each of which claiming itself to be the original party for which the said symbol is reserved and demanding the reservation of the symbol for itself, the matter shall be referred to the Commission for a decision ; and the decision of the Commission thereon, made after giving the rival groups a reasonable opportunity of being heard, shall be final.” ।

৭। P.O. No. 155 of 1972 এর Article 22 এর সংশোধন।—উক্ত Order এর Article 22 এর clause (2) এর পর নিম্নরূপ নূতন clause (3) সংযোজিত হইবে, যথা :-

“(3) The Presiding Officer shall not accept a polling agent unless he wears an identity card granted by the person appointing him containing his name and the name of the candidate for whom he is appointed as a polling agent.”।

৮। P.O. No. 155 of 1972 এর Article 23 এর সংশোধন।—উক্ত Order এর Article 23 এর full-stop টির পরিবর্তে একটি colon প্রতিস্থাপিত হইবে, এবং তৎপর নিম্নরূপ proviso গুলি সন্নিবেশিত হইবে, যথা :-

“Provided that Returning Officer or the Presiding Officer, as the case may be, shall, as far as practicable, endeavour to ensure the attendance of the said person at the time of doing the said act or thing :

Provided further that, if a candidate or his election agent or polling agent is found absent at the time of doing the said act or thing, the Returning Officer or the Presiding Officer, as the case may be, shall immediately try to find out the reason of such absence and record the fact and communicate it to the Commission together with his comments thereon, and shall endeavour to ensure such attendance.”।

৯। P.O. No. 155 of 1972 এর Article 28 এর সংশোধন।—উক্ত Order এর Article 28 এর clause (5) এর “seal that ballot box” শব্দগুলির পর “with his own seal and signature and with the seals or signatures of the contesting candidates or election agents or polling agents present who may wish to seal or sign it” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১০। P.O. No. 155 of 1972 এর Article 29 এর সংশোধন।—উক্ত Order এর Article 29 এর clause (b) এর পরিবর্তে নিম্নরূপ clauses (b) এবং (bb) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(b) the contesting candidates and their election agents and one polling agent of each contesting candidate for each booth” ;  
and

(bb) election observers :”।

১১। P.O. No. 155 of 1972 এর Article 31 এর সংশোধন।—উক্ত Order এর Article 31 এর clause (5) এর "sub-clause (a) এর "election agent" শব্দগুলির পর "or polling agent" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১২। P.O. No. 155 of 1972 এর Article 33 এর সংশোধন।—উক্ত Order এর Article 33 এর clause (1) এর "candidate or his" শব্দগুলির পর "election agent or" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৩। P.O. No. 155 of 1972 এর Article 36 এর সংশোধন।—উক্ত Order এর Article 36 এর—

- (ক) clause (3) এর "their election agents and polling agents shall be" শব্দগুলির পরিবর্তে "election agents, polling agents and election observers shall be allowed to remain" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;
- (খ) clause (5) এর "sub-clause (b) এর "election agent" শব্দগুলির পর "or polling agent" শব্দগুলি সন্নিবেশিত হইবে।
- (গ) clause (9) এর "therein" শব্দগুলির পর "in both words and figures." কমাগুলি ও শব্দগুলি সন্নিবেশিত হইবে ;
- (ঘ) clause (II) এর পরিবর্তে নিম্নরূপ clause (II) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(II) The Presiding Officer shall, on application, give a certified copy of the statement of the count and the ballot-paper account, showing the number in both words and figures, to such of the candidates, their election agents or polling agents as may be present, and obtain a receipt for such copy, and if any such person refuses to give any receipt, the Presiding Officer shall record that fact.”;

(ঙ) clause (13) এর পরিবর্তে নিম্নরূপ clause (13) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(13) The Presiding Officer shall obtain on each statement and packet prepared under this Article the signature of such of the contesting candidates or their election agents or polling agents as may be present, and if any such person refuses to sign, the Presiding Officer shall record that fact.” ।

(চ) clause (15) এর শেষে full-stop টির পরিবর্তে একটি কমা”, প্রতিস্থাপিত হইবে এবং তৎপর and shall also send a copy of the statement of the count to the Commission by post.” শব্দগুলি ও full-stop সন্নিবেশিত হইবে ।

১৪। P. O. No. 155 of 1972 এর Article 39 এর সংশোধন।—উক্ত Order এর Article 39 এর clause (2) এর “candidate” শব্দটির পর “as a result of consolidation under Article 37 or drawal of lot under Article 38” শব্দ ও সংখ্যাগুলি সন্নিবেশিত হইবে ।

১৫। P. O. No. 155 of 1972 এর Article 42 এর সংশোধন।—উক্ত Order এর Article 42 এর clause (3) এর “a Tribunal” শব্দগুলির পরিবর্তে “the High Court Division” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ।

১৬। P. O. No. 155 of 1972 এর Article 44 এর সংশোধন।—উক্ত Order এর Article 44 এর—

(ক) clause (1) এর “A tribunal” শব্দগুলির পরিবর্তে “The High Court Division” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) clause (2) এর “Tribunal” শব্দটি দুইবার উল্লিখিত, এর পরিবর্তে “High Court Division” শব্দগুলি উভয়স্থানে প্রতিস্থাপিত হইবে ।

১৭। P. O. No. 155 of 1972 এর Article 44B এর সংশোধন।—উক্ত Order এর Article 44B এর—

(ক) clause (2) এর proviso এর sub-clause (i) বিলুপ্ত হইবে ।

- (খ) clause (3) এর পরিবর্তে নিম্নরূপ clause (3) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(3) The election expenses of a contesting candidate, including the expenditure incurred for him by the political party which has nominated him as its candidate, shall not exceed taka five lakh.” ;

- (গ) clause (3A) এর-

- (১) sub-clause (a) এর পর নিম্নরূপ নূতন sub-clause (aa) সন্নিবেশিত হইবে, যথা :-

“(aa) printing of a poster of a size bigger than the size prescribed or specified by the Commission ; or”;

- (২) sub-clause (c) এর পরিবর্তে নিম্নরূপ sub-clause (c) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(c) erection of any gate, arch or barricade ; or”;

- (৩) sub-clause (h) এর পরিবর্তে নিম্নরূপ sub-clauses (h) এবং (hh) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(h) setting up more than one election camp or office in any union or in any ward of a municipality or city, of more than one central election camp or office in any constituency ; or;

(hh) entertainment of electors in any manner ; or”;

- (৪) sub-clause (i) এর পর নিম্নরূপ নূতন sub-clause (ii) সন্নিবেশিত হইবে, যথা :-

“(ii) hiring or using any vehicle or vessel of any kind for conveying electors to or from any polling station ; or” ; এবং



(ঘ) clause (3A) এর পর নিম্নরূপ নূতন clause (3B) সন্নিবেশিত হইবে, যথা :-

“(3B) Any money utilized in violation of any provision of clause (3A) shall be deemed to be election expenses incurred by the contesting candidate concerned in excess of the amount mentioned in clause (3) and shall be deemed to be a contravention of Article 44B.”।

১৮। P. O. No. 155 of 1972 এর নূতন Article, 44CC ও 44CCC এর সন্নিবেশ। উক্ত Order এর Article 44C এর পর নিম্নরূপ নূতন, Articles 44CC ও 44CCC সন্নিবেশিত হইবে, যথা :-

“44CC. (1) Every political party setting up any candidate for election shall maintain proper account of all its income and expenditure for the period from the date of publication of notification under clause (1) of Article II till the completion of elections in all the constituencies in which it has set up candidates and such account shall show clearly the amount received by it as donation above taka one thousand from any candidate or any person seeking nomination or from any other person or source giving their names and addresses and the amount received from each of them and the mode of receipt.

(2) The funds of every such political party shall be deposited and maintained in any scheduled bank.

(3) No such political party shall expend during the aforesaid period for election purposes, including election expenses for the contesting candidates set up by it, an amount exceeding—

- (a) where the number of such candidates is more than two hundred, taka one hundred and fifty lakh.
- (b) where the number of such candidates is more than one hundred but not more than two hundred, taka one hundred lakh.
- (c) where the number of such candidates is not more than one hundred taka seventy five lakh.

(4) No such political party shall receive any donation amounting to more than taka one thousand unless it is made by cheque.

(5) If any political party contravenes any provision of this Article, it shall be punishable with fine which may extend to taka ten lakh.

44CCC. (1) Every political party nominating any candidate for election shall submit to the Returning Officers concerned, for their scrutiny, within sixty days of the completion of election in all constituencies, an expenditure statement giving details of the expenses incurred or authorised by it in connection with the election of its candidates for the period from the date of publication of the notification under clause (1) of Article 11 till the completion of elections in all the constituencies in which it has set up candidates.

